আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৮ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ || সংখ্যা ০৪ || সোমবার || কার্তিক ০৭ || ১৪৩০ || রবিউস সানি ০৮ || ১৪৪৫ || Vol. 28 || Issue 04 || October 23 || 2023 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বিশ্বজুড়ে আমেরিকানদের ভ্রমণ সতর্কতা

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্বের সর্বত্র ভ্রমণে আমেরিকানদের ওপর সতর্কতা জারি করা হয়েছে। লেবাননে কোনো আমেরিকানকে ভ্রমণে বিরত থাকতে বলার পর যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর **(বাকি অংশ ১৮ পাতায়)**

নিউইয়র্কে কাউন্সিলওম্যান শাহানা হানিফসহ দেড় শতাধিক বিক্ষোভকারী গ্রেফতার

ওয়াশিংটনে যুদ্ধবিরোধী বৃহৎ সমাবেশ



ওয়াশিংটন ডিসি থেকে ফিরে সালাহউদ্দিন আহমেদ: ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের নির্বিচার হামলার প্রতিবাদে যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে স্মরণকালের নজিরবিহীন বিক্ষোভ সমাবেশ হয়েছে। শনিবার (২১ অক্টোবর) দুপুরে হোয়াইট হাউজের অদূরে এবং ওয়াশিংটন মনমেন্টের সামনে এই সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সর্বস্তরের প্রায় অর্ধ লক্ষ মুসলিম নরনারী অংশ নেন বলে বিক্ষোভে অংশগ্রহকারীরা দাবী করেন। বার্তা সংস্থা ইউএনএ জানায়, ইউএস কাউন্সিল অব মুসলিম অর্গানাইজেশনস এর আয়োজনে 'আমেরিকান মুসলিম ফর **(বাকি অংশ ১৮ পাতায়)**



আ.লীগ-বিএনপি'র হুঙ্কারে কাঁপছে দেশ

স্টালিন সরকার: আগামী ২৮ অক্টোবরকে কেন্দ্র করে দেশের রাজনীতিতে শুরু হয়েছে চরম উত্তেজনা। হুঙ্কার, পাল্টা হুঙ্কারে কাঁপছে দেশ। ওই দিন মাঠের বিরোধী দলসহ এক দফা দাবির **(বাকি অংশ ১৮ পাতায়)**

গাজায় ত্রাণ সরবরাহের পাশাপাশি চলছে হামলা, রেহাই পাচ্ছে না মসজিদও

গাজায় নিহতের সংখ্যা বেড়ে ৪৬৫১



বাংলা পত্রিকা ডেস্ক: ফিলিস্তিনের গাজা উপত্যকার বাসিন্দাদের জন্য মিসর থেকে একে একে পৌঁছায় ত্রাণবাহী ২০টি ট্রাক। সেগুলো থেকে নামানো হয় ত্রাণসামগ্রী। এরপর তা নিয়ে উপত্যকার বিভিন্ন প্রান্তে ছুটে যায় ফিলিস্তিনী ট্রাকগুলো। এরই মধ্যে গাজার বিভিন্ন স্থানে চলছিল ইসরায়েলের বাছবিচারহীন বোমা হামলা, আহত ফিলিস্তিনীদের আর্তনাদ আর হতাহতদের স্বজনদের আহাজারি। শনিবার (২১ অক্টোবর) মিসর-গাজা সীমান্তের রাফাহ ক্রসিং এলাকায় দেখা যায় গাজার বাসিন্দাদের জন্য ত্রাণবাহী ট্রাকের ছুটে চলার দৃশ্য। এর মধ্য দিয়ে ইসরায়েলের বিরামহীন বিমান হামলার ১৫ দিনের মাথায় প্রথমবারের মতো ত্রাণসহায়তা পেলেন গাজার বুভুক্ষু বাসিন্দারা। জাতিসংঘ বলছে, গাজায় যে সহায়তা যাচ্ছে, তা **(বাকি অংশ ১৮ পাতায়)**

নিউইয়র্ক সিটি কর্তৃপক্ষের ঘোষণা
মাইগ্র্যান্টরা ৬০ দিন থাকতে পারবে আশ্রয়কেন্দে

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটি কর্তৃপক্ষ গত ১৬ অক্টোবর সোমবার ঘোষণা করেছে যে, এখন থেকে নিউইয়র্কে ছুটে আসা আশ্রয়প্রার্থীরা সাময়িক ব্যবস্থা করা আশ্রয়স্থলগুলোতে সর্বোচ্চ ৬০ দিন **(বাকি অংশ ১৮ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem

WIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার টাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public - Bookkeeping - Business Formation - Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

www.banglapatrikausa.com



Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday / October 23// 2023

রাশিয়ায় গ্রেপ্তার রেডিও ফ্রি ইউরোপের নারী সাংবাদিক



ঢাকা ডেস্ক, ২০ অক্টোবর : বিদেশি এজেন্ট হিসেবে নাম নিবন্ধন করতে ব্যর্থ হওয়ায় যুক্তরাষ্ট্রের তহবিলে পরিচালিত রেডিও ফ্রি ইউরোপ/রেডিও লিবার্টি (আরএফই/আরএল) এর সম্পাদক আলসু কুরমাশেভা রাশিয়ায় আটক হয়েছেন। রাশিয়া ও যুক্তরাষ্ট্রের দ্বৈত নাগরিক কুরমাশেভা জরুরি পারিবারিক প্রয়োজনে গত ২০ মে রাশিয়া যান বলে জানায় আরএফই/আরএল। আরএফই/আরএল এর তাতার-বাশকির সার্ভিসের সম্পাদকদের একজন কুরমাশেভা পারিবারিক কাজ শেষে রাশিয়া ছাড়তে তার ফিরতি ফ্লাইটের অপেক্ষায় ছিলেন। সে সময়ে তার পাসপোর্ট বাজেয়াপ্ত করা হয়। রুশ কর্তৃপক্ষের কাছে তার মার্কিন পাসপোর্ট নিবন্ধন করতে ব্যর্থ হওয়ায় তাকে জরিমানাও করা হয়েছিল। রাশিয়ার পক্ষ থেকে ১৮ অক্টোবর দেওয়া এক ঘোষণায় কুরমাশেভার বিরুদ্ধে 'বিদেশি এজেন্ট' হিসেবে নিজের পাসপোর্ট নিবন্ধন না করার অভিযোগ আনা হয়েছে বলেও জানায় রেডিওটি।

MIJAN REAL ESTATE LTD.

Reg. No. C-187784

মিজান রিয়েল এস্টেট লিমিটেড

রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050



USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419

EXIT REALTY PRIME

ThInkIng of BUYING-
SELLING, INVEST, RENT
Houses, Co-op&Condo

Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com

Mijanur Rahman (Mijan)
Chairman & CEO
917-631-5050

Email: RealtorMijan@gmail.com

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার

অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত



MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসটেন্ট

কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট

পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ

সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট

We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি

৩০৯৯ স্টেলউইক এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com


৯০৮৯ ক্যাসেলহিল এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

⚠ প্রতারকদের প্রতিরোধ করুন।

প্রতারককে চেনা ও রিপোর্ট করা শিখুন।

আমরা ঐ সময়ের মধ্যে কখনই আপনার বিদ্যুৎ বন্ধ করার হুমকি বা পেমেন্টের জন্য অস্বাভাবিক অনুরোধ করব না। যদি কেউ নিজেকে কন এডিসনের বলে দাবি করে, অবিলম্বে **1-800-75-CONED** নম্বরে কল করুন।

নিজেকে সুরক্ষার আরো পরামর্শপেতে **conEd.com/ScamAlert** দেখুন.



conEdison

যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা। নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ॥

দিব্যধাম সেবাশ্রম মন্দিরে

পূর্ণতিথি অনুযায়ী

শ্রীশ্রী শারদীয় দুর্গা পূজা ২০২৩

আয়োজনেঃ সার্বজনীন পূজা উদ্‌যাপন পরিষদ ইউএসএ, ইন্‌ক

৩৪-৬৩, ৫৬ স্ট্রীট (ব্রডওয়ে ও ৩৭ এভিনিউ এর মধ্যে), উডসাইড, কুইন্স, নিউইয়র্ক ১১৩৭৭

মহালয়া ১৪ই অক্টোবর, শনিবার, ২০২৩ইং (২৬শে আশ্বিন, ১৪৩০ বাংলা)

ভোর ৪.০০টা থেকে সকাল ৮.০০টা পর্যন্ত, দিব্যধাম সেবাশ্রম মন্দিরে দ্বিতীয় তলা।

তারিখ	
২০শে অক্টোবর, ২৩ইং, শুক্রবার	শ্রীশ্রী দুর্গা মহাষষ্ঠী
২১শে অক্টোবর, ২৩ইং, শনিবার	শ্রীশ্রী দুর্গা মহাসপ্তমী
২২শে অক্টোবর, ২৩ইং, রবিবার	শ্রীশ্রী দুর্গা মহাষ্টমী
২৩শে অক্টোবর, ২৩ইং, সোমবার	শ্রীশ্রী দুর্গা মহানবমী
২৪শে অক্টোবর, ২৩ইং, মঙ্গলবার	শ্রীশ্রী বিজয়া দশমী



বিজয়া দশমীতে মহিলাদের সিঁদুর খেলা

সময়ঃ সকাল ১০ ঘটিকা থেকে রাত ১১ ঘটিকা পর্যন্ত

॥ দেবীর ঘোটকে আগমন/ফল ছত্রভঙ্গ ॥ দেবীর ঘোটকে গমন/ফল ছত্রভঙ্গ ॥

অন্যান্য পূজানুষ্ঠানঃ শ্রীশ্রী কোজাগরী লক্ষ্মী পূজাঃ ২৭শে অক্টোবর (১ই কার্তিক) ২০২৩, শুক্রবার

শ্রীশ্রী শ্যামা পূজাঃ ১২ই নভেম্বর, (২৫শে কার্ত্তিক) ২০২৩, রবিবার

শ্রীশ্রী সরস্বতী পূজাঃ ১৪ই ফেব্রুয়ারী, (১লা ফাল্গুন) ২০২৪, বুধবার

অঞ্জলী প্রদানঃ দুপুর ১ ঘটিকা থেকে রাত ৯ ঘটিকা, প্রসাদ বিতরণঃ দুপুর ২ ঘটিকা, সন্ধিপূজা ও আরতিঃ সন্ধ্যা ৬ ঘটিকা

শ্রদ্ধেয় ভক্তবৃন্দ নমস্কার, এই শারদীয় মহামায়ার পূজাসহ অন্যান্য সকল পূজা-পার্বনে আপনার/আপনাদের স্বপরিবার, স্ববান্ধব নিমন্ত্রন। আপনাদের উপস্থিতি, সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা আন্তরিকভাবে আমাদের কাম্য।

বিনয়াবনতঃ

সার্বজনীন পূজা উদ্‌যাপন পরিষদ ইউএসএ'র সকল ভক্ত ও কর্মীবৃন্দ

পূজা উদ্‌যাপন আহ্বায়ক কমিটি

শ্রী প্রবীর কুমার রায়
চেয়ারম্যান, ৯১৭-৮৮৫-৫৯০৫

শ্রী প্রভাষ চন্দ্র মণ্ডল
সভাপতি, ৬৪৬-৪২৭-২৩১৬

শ্রী স্বপন ধর
মেম্বার সেক্রেটারী, ৩৪৭ ২৩৭-৮০০০

শ্রী বিজয় বিশ্বাস
সাধারণ সম্পাদক, (৩৪৭) ২৭৯-১০৬১

প্রতিদিন মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান সন্ধ্যা ৭ ঘটিকায়

আহ্বায়কঃ ইঞ্জিয়ার শ্রী প্রবীর বিশ্বাস (৬৪৬) ৪৭৯-১২০৯, সদস্য সচিবঃ শ্রী নারায়ণ দেবনাথ (৩৪৭) ৯৯৪-৬৪৩৯

সদস্যঃ শ্রী সঞ্জয় সরকার (৬৪৬) ৪২৭-৮৮৯০, শ্রী সুবল চন্দ্র গোস্বামী (৩৪৭) ৬৫৭-৪৯৫৮, শ্রী প্রদীপ দত্ত (৩৪৭) ৫৭৫-৯১০২, শ্রী বিনয় মজুমদার (৯২৯) ৩৪৪-৯০৭৪, শ্রী সুব্রত সরকার (৭১৮) ২৮৮-২৪১১, শ্রী অনুপ কুমার সাহা (৭১৮)-২১৩-৫২৬৮, শ্রী জয়তুর্য্য চৌধুরী (৯২৯) ২৫৭-৯৮১৯, শ্রী স্বপন বিশ্বাস (স্বপন)(৬৪৬)-৫৯৩-৪২৮৫, শ্রী চন্দন ঘোষ (৯১৭) ৫২০-৪৮৬৫, শ্রীমতি মিতুল দেবনাথ, (৩৪৭) ৭২৩-৮০৫৪, দীপক ঘোষ (৯১৭) ৩০৬-১২১০, শ্রী ইন্দ্রজিত সাহা (৪৭৫) ২২৮-৪৫৩০, শ্রী সুবীর রায় (৬৪৬) ৫৯৩-৫৪৮১

বিশেষ সহযোগিতায়ঃ শ্রী সঞ্জীব পাল (৬৪৬) ৫২৫-৯১৭২, শ্রী তাপস কৃষ্ণ সরকার (৯২৯) ৩৯৩-২৫৫৫, শ্রী মানিক দেবনাথ (৯৫৪) ৯১৮-৮৬৩৬, শ্রী বিকাশ কুমার বৈদ্য (৭৭৩)-৮১৪-১৫৩৭, শ্রী শুভজিত সাহা (রাজু) (৩৪৭)-৯২২-৬৭৫০, শ্রী বিপ্লব চন্দ্র সুত্রধর (৯১৭)-৩৭৯-৮১০৮, শ্রী সুমন রঞ্জন সাহা (৩৪৭)-৬৪৯-৫৭২০, শ্রী কনক চন্দ্র কান্তি (৩৪৭)-২০৮-১২৮০, শ্রী দীপ্ত সাহা (৩৪৭) ২৯৫-৫৩৭৯, শ্রী লিটন চন্দ্র দেবনাথ (৭৮৬)-৭৮১-৭৯২৭, শ্রী সুব্রত কুমার ভৌমিক (৬৩১)-৯৩৩-৫৮৪০, শ্রী রুবেল মজুমদার (৯২৯)-২৯৯-৯৯০৮, শ্রী বঙ্কিম বৈরাগী (৬৪৬) ২২৯-৮৮৬৮, শ্রী পীযুষ কান্তি বাড়ৈ (৫১৬) ৯২০-৮২৯৭, শ্রী সজল বিশ্বাস (৯২৯) ৫৯৯-৮৬০৮, শ্রী ডাঃ দেবাশীষ কর্মকার (৯২৯) ৩১০-৮১৮১, শ্রী প্রদীপ হালদার (৯২৯) ২৬১-৩৮৮০, শ্রী সুমন সুর (৯১৭) ৯৩৫-৪৩৭১, রাজীব সাহা (৯২৯)৬০৭-৯২৭৮,।

সাংস্কৃতিক অনুষ্ঠানে গান, নাচ, কবিতা আবৃতি ইচ্ছুক ব্যক্তিদের যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

Email: pujaudjapanusa@aol.com, Website: www.spupusa.org, FB: Sarbojanin Puja Udjapan, FB Page: Sarbojanin Puja Udjapan Parishad USA, Inc.

প্রচারপত্র স্বত্বাধিকারীঃ সার্বজনীন পূজা উদ্‌যাপন পরিষদ ইউএসএ, ইন্‌ক
51-69 72nd Street, Woodside, NY 11377

প্রচার সম্পাদকঃ পার্থ সরকার (৩৪৭) ৫৫৩-৬৮৮৬ এবং সহ প্রচার সম্পাদিকাঃ মিতুল দেবনাথ (৩৪৭) ৭২৩-৮০৫৪ কর্তৃক প্রচারিত ও প্রকাশিত
355 South End Avenue, Apt. # 19D, New York, NY 10280

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

রাজনৈতিক অস্থিরতা সমঝোতার বিকল্প নেই

জাতীয় নির্বাচন ঘনিয়ে এলেও নির্বাচনকালীন সরকার প্রশ্নে দেশের রাজনীতি ক্রমেই উত্তপ্ত হয়ে উঠছে। ক্ষমতাসীন আওয়ামী লীগ এবং মাঠের প্রধান বিরোধী দল বিএনপি যার যার অবস্থানে অটল রয়েছে। বুধবার রাজধানীতে অনুষ্ঠিত বিএনপির সমাবেশে বলা হয়েছে, সরকারের পদত্যাগের একদফা দাবি আদায়ে ২৮ অক্টোবর মহাসমাবেশ থেকে মহাযাত্রা শুরু করা হবে। অন্যদিকে আওয়ামী লীগের শান্তি সমাবেশে বলা হয়েছে, বর্তমান সরকার প্রধানই থাকবেন নির্বাচনকালীন সরকারের প্রধানমন্ত্রী। এ পালটাপালটি সমাবেশ ও বক্তব্যে সামনের দিনগুলোয় দেশের রাজনৈতিক পরিস্থিতি সহিংস হয়ে ওঠার আশঙ্কা আরও ঘনীভূত হয়েছে। বস্তুত রাজনীতি চলে গেছে 'পয়েন্ট অব নো রিটার্নে', যা সমঝোতার সব পথ রুদ্ধ করে দিচ্ছে। এমন পরিস্থিতির অবসান না ঘটলে তা দেশ ও জনগণের জন্য অশুভ পরিণতি বয়ে আনতে পারে। করোনা মহামারির অভিঘাত মোকাবিলার মধ্যেই রাশিয়া-ইউক্রেন যুদ্ধ দেশের অর্থনীতিতে বড় ধাক্কা দিয়েছে। এ থেকে উত্তরণে এ মুহূর্তে সবচেয়ে জরুরি হলো রাজনৈতিক স্থিতিশীলতা। অথচ রাজনৈতিক দলগুলো সমঝোতার পথ পরিহার করে পরিস্থিতি অস্থিতিশীল করে তুলছে, যা উদ্বেগজনক।

জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে দেশে সহিংসতা ও সাংবিধানিক সংকট তৈরি হলে অসাংবিধানিক পন্থায় ক্ষমতার পালাবদল বিচিত্র কিছু নয়। এমনটি ঘটলে গণতন্ত্র বিপন্ন হবে, যা কারও কাম্য নয়। রাজনৈতিক প্রশ্নে ব্যাপকভাবে বিভাজিত এদেশটিতে নির্বাচনকে কেন্দ্র করে সহিংস পরিস্থিতির সৃষ্টি হলে কেবল সাধারণ মানুষ নিরাপত্তার ক্ষেত্রে এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবে না, অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতির কারণে আমদানি-রপ্তানি কার্যক্রম এবং দেশের ব্যবসা-বাণিজ্য ও সরকারের রাজস্ব আয়ের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়বে। তাছাড়া সহিংস রাজনৈতিক পরিস্থিতিতে বিভিন্ন উৎপাদনশীল খাত ও রপ্তানিমুখী শিল্প ক্ষতিগ্রস্ত হলে এসব শিল্পের ওপর নির্ভরশীল হাজার হাজার শ্রমিকের ভাগ্যও হয়ে পড়বে অনিশ্চিত। সবচেয়ে বড় কথা, রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখতে সক্ষম না হলে বিনিয়োগ ও উন্নয়নে কাঙ্ক্ষিত সাফল্য আসবে না। দলগুলো যদি প্রতিহিংসা ও প্রতিশোধপরায়ণতার রাজনীতি পরিহার করে পরস্পরের প্রতি সহনশীল হয়, তাহলে দেশের উন্নয়ন আরও বেগবান হবে।

সংলাপ বা আলোচনার মাধ্যমে যে কোনো সমস্যার সমাধানের উদ্যোগ গ্রহণকেই শ্রেয় বলে মনে করি আমরা। পরস্পরের মধ্যে বিদ্যমান সমস্যাগুলো যদি আলোচনার টেবিলে নিয়ে আসা যায় এবং সেখানে সমাধানের পথ খোঁজা হয়, তাহলে দেশের রাজনীতিতে সহিষ্ণুতা ফিরে আসবে। তবে সংলাপ বা আলোচনা যাই হোক, তা হতে হবে অর্থবহ। অতীতে দেখা গেছে, জাতিসংঘের মধ্যস্থতাসহ বিভিন্নভাবে যেসব রাজনৈতিক সংলাপ হয়েছে, তা কোনো ফল বয়ে আনেনি। এর কারণ, সংলাপে অংশ নেওয়া পক্ষগুলোর যার যার প্রস্তাবে অটল থাকা। কাজেই 'বিচার মানি, কিন্তু তালগাছটি আমার'-এমন মনোভাব নিয়ে সংলাপে বসে লাভ নেই। সংলাপে বসতে হবে সত্যিকারের আন্তরিকতা নিয়ে, যাতে এক পক্ষের যৌক্তিক প্রস্তাব অন্য পক্ষ মেনে নিতে প্রস্তুত থাকে। তা না হলে সংলাপ হবে অর্থহীন। আর তাতে পরিস্থিতি আরও খারাপ হতে পারে। এসব বিষয় মাথায় রেখে প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক দলগুলো সমঝোতার পথে অগ্রসর হবে, এটাই প্রত্যাশা।

মানুষ ভোট দিতে উন্মুখ কিন্তু ভোট হবে কি?

॥ সালাহউদ্দিন বাবর ॥



বাংলাদেশের মানুষ ভোটপাগল। এতে কোনো সন্দেহ নেই, তবে তাদের ভোট, তারা পছন্দের প্রার্থীদেরই দিতে চায়। সে জন্য উৎসবের আমেজ নিয়ে জনতা ভোটকেন্দ্রে উপস্থিত হয়। ভোট দিতে আসা-যাওয়ার পথে হাস্যরসসহ নানা কান্ড ঘটায়। কিন্তু এখন সেটি আর দেখা যায় না। ভোটের নানান বাহানা আর প্রহসনের কারণে সেই আনন্দ উৎসব আর নেই। যাহোক, গত শতাব্দীর '৭০-এর দশকে এ ভূখন্ডে প্রথম সত্যিকার অর্থেই একটি ভোট হয়েছিল। সেই ভোটে এখনকার ভোট ভোট খেলা ছিল না। সে জন্য জনগণ ভোট দিতে বাঁধভাঙা পানির স্রোতের মতোই কেন্দ্রে হাজির হয়েছিল। সে ভোটে কোনো সজ্ঘাত হয়নি, প্রতিপক্ষের নেতাকর্মীদের ধাওয়া করা হয়নি; বরং প্রতিপক্ষের সাথে হাস্যরস করা হয়েছে। সে নির্বাচনে তখন আওয়ামী লীগের অন্যতম প্রতিপক্ষ ছিল ন্যাপ মোজাফফর। কুঁড়েঘর ছিল ন্যাপের নির্বাচনী প্রতীক। আওয়ামী লীগ কর্মীরা হেসে হেসে স্লোগান দিত, কুঁড়েঘরে শুয়ে আছে বীর মোজাফফর। অথচ আজ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ আরো কত লীগ প্রতিপক্ষকে লাঠিসোটা দিয়ে পেটায়, ধাওয়া করে। স্বাধীন হওয়ার পর আওয়ামী লীগের কী ভয়ঙ্কর রূপ দেখতে হচ্ছে তাদের প্রতিপক্ষদের বিরুদ্ধে, যা '৭০-এ দেখা যায়নি।

তখন অবশ্য মানুষের ঢল নামার মূল কারণ এই ছিল, তারা একটি বিশেষ লক্ষ্যে পৌঁছার জন্য মরিয়া। সেই লক্ষ্য ছিল, স্বাধিকার থেকে স্বাধীনতা অর্জন। তদানীন্তন আওয়ামী লীগ জনতার সেই আকাঙ্ক্ষা পূরণের আন্দোলনের সম্মুখে ছিল। তাদের আরো প্রতিশ্রুতি ছিল, গণতন্ত্র প্রতিষ্ঠার মধ্য দিয়ে জবাবদিহিমূলক প্রশাসন কায়েম। ন্যায়ভিত্তিক সমাজ নির্মাণের লক্ষ্যে বৈষম্য দূর করার প্রত্যয়। তবে এ কথা সত্য, এ অঞ্চলের মানুষের হৃদয়ে স্বাধীনতার স্বপ্নে বীজ বপন করেছিলেন মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানী। সে জন্য তাকে আওয়ামী লীগ গালমন্দ করেছিল।

এই ভোটপাগল মানুষগুলোকে নির্বাচনের প্রশ্নে হতোদ্যম-হতাশ করেছিল ক্ষমতায় থাকা আজকের আওয়ামী লীগ। ১৯৭৩ সালে স্বাধীন বাংলাদেশের প্রথম সাধারণ নির্বাচনে যখন মানুষ দেখল, তারা তাদের পছন্দের প্রার্থীকে ভোট দিলেও নির্বাচন কমিশনের (ইসি) কারসাজি ও সরকারের প্রত্যক্ষ ভূমিকা রাখায় বিজয়ী ঘোষণা করা হয়েছিল পরাজিত সরকারি দলের প্রার্থীদের। এমন ঘটনা ঘটেছিল কুমিল্লা আর টাঙ্গাইল জেলার অনেক স্থানে। তখন থেকে দেশের নির্বাচনী ব্যবস্থা রাহুগ্রস্ত হতে শুরু করে। ঠিক তারপর ১৯৭৫ সালে ভোটব্যবস্থাকে দেশ থেকে ঝেঁটিয়ে দূর করতে চেয়েছিল আওয়ামী লীগই। তবে তখনই তাদের পক্ষে ভোটব্যবস্থা তাড়ানোর খায়েশ পূরণ করা সম্ভব হয়নি। সে জন্য অপেক্ষা করতে হয়েছিল ২০১৪ সাল পর্যন্ত। সেই থেকে মানুষ ভোট-াধিকার হারায়। ২০১৪ ও ২০১৮ সালে ভোটের বিশুদ্ধতায় বিষ ঢেলে দেয় আওয়ামী লীগ সরকার। এই বিষবাষ্পই আজ দেশের ভোটের পরিবেশকে করে তুলেছে দূষিত। এখন ভোট জনগণের লক্ষ্য অর্জনের জন্য হয় না। লক্ষ্য ঠিক করে প্রশাসন ও ইসি। যারা দীর্ঘকাল সমান্তরালভাবে পরস্পর হাত ধরাধরি চলছে, তাদের লক্ষ্য ক্ষমতাসীনদের আবার ক্ষমতায় পুনঃপ্রতিষ্ঠা। দেশ ও গণতন্ত্র গোল্লায় যাক। তাতে বর্তমান শাসকদের কোনো পরোয়া নেই। তাদের বাক্যবচনে অবশ্য মনে তারা গণতন্ত্রপ্রাণ। বিশুদ্ধ নির্বাচন অনুষ্ঠানের জন্য চলমান যে আন্দোলন, সেটাও কিন্তু দল বিশেষের নয়। আরো অনেক দলের এবং বৃহত্তর জনগোষ্ঠীর। দেশের জনগণ তাদের হৃদয়ের আকুতি ও হৃদস্পন্দন এই আন্দোলনের মধ্যে অনুভব করছে। সেই অনুভূতি থেকে বিএনপি ও তাদের সম-গামী দলগুলোর পেছনে একাট্টা হয়ে দণ্ডায়মান জনতা। গণতন্ত্রের এই অভিযাত্রায় এখন বন্ধুর পথ অতিক্রম করছে বটে। কিন্তু জনতা অভিযাত্রার সাফল্যের মিনারে পৌঁছাতে বদ্ধপরিকর। আসলে মানুষ আবারো ভোট দিতে চায়, আর সে জন্যই তারা রাজপথে ঘাম ঝরাচ্ছে।

বিগত দেড় দশকে দেশে যত স্থানীয় ও জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, তার সব ক'টিতেই ভোটের প্রচন্ড খরা গেছে। অথচ ভোটপাগল মানুষগুলো ইসি আর রাজনৈতিক প্রশাসনের লক্ষ্য বাস্তবায়নের কোনো নির্বাচনেই ভোটকেন্দ্রে হাজির হয়নি। তারা এটি ঠিকভাবে বুঝতে পেরেছে। নির্বাচনের নামে তাদের (সরকার ও ইসি) প্রহসনকে জায়েজ করতে এসব পাতানো খেলা চলছে। সে জন্য এর শরিক হতে মানুষ কখনো চায়নি। আগামী নির্বাচনকে অর্থপূর্ণ ও প্রশ্নমুক্ত করতে হলে অবশ্য রাজনৈতিক প্রশাসন ও ইসির আপাদমস্তক বদলে ফেলা ছাড়া দ্বিতীয় কোনো বিকল্প নেই। যে যত কথাই বলুক বা প্রতিশ্রুতি দিক, দেশের বৃহত্তর মানুষ তাতে কিছুমাত্র আগ্রহ বোধ করছে না। কেননা অতীতে তারা বারবার ঠকেছে। ইসি ও রাজনৈতিক প্রশাসনের কাছে তাদের দেয়া ওয়াদা ছিল নিছক কথার কথা। তারা সব সময়ই যেনতেন একটা ভোট করে। তাদের বিজয়ী হওয়ার একটা উপলক্ষ তৈরি করা ভিন্ন আর কিছুই নয়।

ভোট অর্থপূর্ণ করার মাধ্যমে ক্ষমতার পালা করা একমাত্র পথ হিসেবে বিবেচনায় নেয়া হলে বর্তমান নির্বাচনব্যবস্থার সামগ্রিক পরিবর্তন করা অপরিহার্য। বর্তমানে ভোটব্যবস্থার সব ব্যত্যয় দূর করার চূড়ান্ত সময় এসে গেছে। সেই অভিযাত্রা ইতোমধ্যে অগ্রসর হচ্ছে। এ যাবৎ লক্ষ করা গেছে, নির্বাচন কলুষিত করার সব আয়োজনের অংশ হিসেবে অশুভ শক্তি হিসেবে কাজ করে আসছে 'দলীয় সরকার' যাদের অধীনে কখনো কোনো নির্বাচন প্রশ্নমুক্ত হয়নি। গত ১৫ বছর ধারাবাহিকভাবে সেটারই চর্চা হয়েছে। এ ব্যবস্থা জনগণের ভোট-াধিকারের প্রতিপক্ষ শক্তি হিসেবে ভূমিকায় ছিল। সেই দলীয় সরকারের সাথে সমান্তরালভাবে চলে একই কাজ করেছে নির্বাচন কমিশন। এই দ্বৈত সারথিকে নির্বাচন থেকে হটাতে না পারলে এবং তার জায়গায় প্রতিস্থাপন করতে হবে অন্তর্বর্তীকালীন দলনিরপেক্ষ সরকারকে। সেই সরকারকে দায়িত্ব দেয়াই হবে ভালো নির্বাচনের পূর্বশর্ত। এই সরকারব্যবস্থা কায়েম খুব একটা কঠিন কিছু নয়। এখন দেশে 'থোড় বড়ি খাড়া' গোছের একটা সংসদ বহাল আছে। সেই সংসদ সংবিধানের ১৫তম সংশোধনী বাতিল করলেই সব সমাধান হয়ে যায়। জাতি এই প্রশ্নে একাট্টা। এর বিরুদ্ধাচরণ কোনোভাবেই সমর্থনযোগ্য হতে পারে না।

দুই সারথির এক নির্বাচন কমিশনের (ইসি) একটা চমৎকার মূল্যায়ন করেছে টিআইবি। ইসিপ্রধান সম্পর্কে টিআইবির মূল্যায়ন হচ্ছে, 'প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়ালের স্ববিরোধী বক্তব্যের পরিপ্রেক্ষিতে আসন্ন জাতীয় নির্বাচন প্রত্যাশিতভাবে গ্রহণযোগ্য, অন্তর্ভুক্তি ও অংশগ্রহণমূলক হওয়া নিয়ে শঙ্কা বাড়ছে।ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ। পাশাপাশি সব রাজনৈতিক দলের অংশগ্রহণের মাধ্যমে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনে সিইসির 'হাল ছেড়ে দেয়া' এবং সেটা প্রকারান্তরে পক্ষপাতমূলক অবস্থানের মানসিকতার প্রতিফলন বলে সমালোচনা করেছে সংস্থাটি। প্রধান নির্বাচন কমিশনারের এই বারবার অবস্থান পরিবর্তন, পাল্টানো সন্দেহজনক ও বিভ্রান্তিমূলক বলে তারা মনে করেন। টিআইবি এক বিবৃতিতে আরো বলেছে, বিরোধী দল বিএনপির অংশগ্রহণ ছাড়া নির্বাচন অসম্পূর্ণ থেকে যেতে পারে। বিবৃতিতে আরো বলা হয়, পুলিশ প্রশাসনের কর্মকর্তাদের দলীয় চিন্তার ঊর্ধ্বে থেকে নির্বাচন করার নির্দেশনা দেয়ার পাশাপাশি যখন তিনি (সিইসি) বলেন, কে নির্বাচনে এলো আর কে এলো না; জনগণ যদি আসেন, ভোটাররা যদি আসেন, তারা ভোট প্রয়োগ করেন তাহলেই নির্বাচনের বড় সফলতা। বিবৃতিতে বলা হয়, এ ঘোষণা দলীয় পক্ষপাতিত্বের প্রতিফলন।

যাহোক, সুষ্ঠু ভোটের আরো অনেক পদক্ষেপের মধ্যে রয়েছে, যেমন ভোটকেন্দ্রের নি-দ্র নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা। এই নিরাপত্তা শুধু কেন্দ্রচত্বরের নয়। ভোটারের তথা নারী-পুরুষ, আবালবৃদ্ধবনিতা প্রতিবন্ধীসহ সুষ্ঠু নির্বাচন পরিচালনার জন্য যারা দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট সবাই যাতে নির্ভয়ে মুক্ত মন নিয়ে ভোটের সময় দায়িত্ব পালন করতে পারেন। সে জন্য তাদের সার্বিক নিরাপত্তার আঞ্জাম দেয়ার মধ্যেই নিরাপত্তা দানের বিষয়টি পূর্ণাঙ্গতা পাবে। ১৫ বছর ধরে সবাইকে এমন নিরাপত্তা দেয়ার বিষয়টি চরমভাবে উপেক্ষিত হয়ে আসছে। এই সেদিন রাজধানীর অভিজাত এলাকা গুলশানে উপনির্বাচন অনুষ্ঠানকালে পুলিশের উপস্থিতিতে এক স্বতন্ত্র প্রার্থীকে সরকারি দলের প্রার্থীর দলান্ধ কর্মীরা মেরে ধরাশায়ী করেছিল। কিন্তু পুলিশ সেই ব্যক্তির নিরাপত্তা দেয়নি। গত দেড় দশকে ভোটকেন্দ্রের নিরাপত্তাব্যবস্থা ঠিক এমনই ছিল। বরাবর এমনটিই দেখা গেছে, ভোটপ্রার্থী, তার পোলিং এজেন্ট, নির্বাচন পরিচালনার দায়িত্বে থাকা কর্মকর্তা-কর্মচারীদের সবসময় নিরাপত্তাহীনতার মধ্যে থাকতে হয়েছে। ইসির ক্ষমতা থাকা সত্ত্বেও এসব দেখেও তার কোনো প্রতিবিধান তারা করেনি। তাই দ্বিধাহীনচিত্তে এটিই বলতে হবে, ক্ষমতায় থাকা দলীয় সরকার বিগত দিনে ভোটকেন্দ্রের নিরাপত্তা দেয়ার প্রয়োজনই অনুভব করেনি। সে জন্য বর্তমান ব্যবস্থাকে বহাল রেখে কোনোভাবেই **(বাকি অংশ ১৮ পাতায়)**

নামাজের সময়-সূচী

অক্টোবর	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯
ফজর	৬.০০	৬.০১	৬.০২	৬.০৩	৬.০৪	৬.০৫	৬.০৬
সূর্যোদয়	৭.১৪	৭.১৫	৭.১৬	৭.১৮	৭.১৯	৭.২০	৭.২১
জোহর	১২.৪১	১২.৪১	১২.৪০	১২.৪০	১২.৪০	১২.৪০	১২.৪০
আসর	৪.২৩	৪.২২	৪.২০	৪.১৯	৪.১৮	৪.১৭	৪.১৫
মাগরিব	৬.০৬	৬.০৪	৬.০২	৬.০২	৬.০০	৫.৫৯	৫.৫৮
এশা	৭.২১	৭.২০	৭.১৯	৭.১৭	৭.১৬	৭.১৫	৭.১৪

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

আমি কি বিএনপিতে আছি নাকি আওয়ামী লীগে চলে গেছি!

॥ গোলাম মাওলা রনি ॥

নয়া দিগন্তের একটি প্রতিবেদনের জন্য আমি ভীষণ ঝামেলার মধ্যে রয়েছি। ১৬ অক্টোবর, ২০২৩ সালের পত্রিকায় প্রথম পাতায় লিড নিউজ ছিল- 'বিএনপির চূড়ান্ত আন্দোলন নিয়ে চিন্তিত আওয়ামী লীগ' প্রতিবেদক মনিরুল ইসলাম রোহান আরো কয়েকজন শীর্ষ রাজনীতিবিদের সাথে আমার মতো অধমের মন্তব্যও বেশ গুরুত্বের সাথে প্রকাশ করেন। সেখানে মার্কিন স্যাংশন, পুলিশের মনোভাব ও আওয়ামী লীগের কৌশল সম্পর্কে বেশ কিছু খোলামেলা বক্তব্য দিই। বক্তব্যের মোদ্দাকথা ছিল, মার্কিন ভিসানিষেধাজ্ঞার ফলাফল হিতে বিপরীত হয়েছে। পুলিশ আরো বেপরোয়া হয়ে পড়েছে এবং আওয়ামী লীগের সাহস বেড়ে গেছে। ফলে নির্বাচনের দিন যতই ঘনিয়ে আসছে সরকার তাদের জুলুম-নির্যাতনের পুরনো কৌশল আরো অধিকতর নিষ্ঠুরতা নিয়ে বাস্তবায়নের চেষ্টা চালাচ্ছে।

প্রতিবেদনটি প্রকাশিত হওয়ার পর একজন পাঠক ফোন করে প্রথমেই জানতে চান যে, আমি এখনো বিএনপিতে আছি নাকি আওয়ামী লীগে চলে গেছি। তার কথায় যেন আমি আহত না হই সে জন্য তিনি সবিস্তারে আমার সম্পর্কে তার ইতিবাচক মনোভাব সম্পর্কে বর্ণনা দিলেন। আমার লেখালেখি-টকশো ছাড়াও ব্যক্তিগত জীবনের অনেক কিছুই তিনি জানেন। আমি তাকে পাল্টা প্রশ্ন করে জানতে চাইলাম, কেন তার মনে হলো যে, আমি বিএনপি ছেড়ে আওয়ামী লীগে চলে গেছি। তিনি নির্দ্বিধায় বহুক্ষণ ধরে আমাকে বুঝাতে চাইলেন যে, বিএনপির সবচেয়ে সঙ্কটময় মুহূর্তে এমন কিছু বলা উচিত নয় যাতে নেতাকর্মীদের মনোবল ভেঙে যায়; বরং সত্য হোক-মিথ্যা হোক সেটি কোনো বিষয় নয়; বরং বিএনপিকে উজ্জীবিত করবে সেই ধরনের প্রচার প্রপাগান্ডার দিকে বেশি মনোযোগী হওয়া উচিত।

ভদ্রলোক আক্ষেপের সাথে জানালেন, সেই ২০০৯ সাল থেকেই তিনি আমাকে অনুসরণ করে আসছেন। আমি যেদিন বিএনপিতে যোগদান করি সেদিন তিনি যার-পরনাই খুশি হয়েছিলেন। ইউটিউবে আমার বক্তব্য তার হতাশাময় জীবনে প্রেরণা দিয়ে থাকে। তিনি বোঝেন অনেক কিছুর সাথে বাস্তবতার মিল নেই। কিন্তু তার স্বপ্ন ও আশা-আকাঙ্ক্ষার সাথে আমার বক্তব্য মিলে যাওয়ায় তিনি তীর্থের কাকের মতো অপেক্ষায় থাকেন কখন আমার নতুন ভিডিও আপলোড হবে। সুতরাং সেই আমি যখন বলেছি যে, মার্কিন ভিসানীতিতে আওয়ামী লীগ ভয় পায়নি। অন্যদিকে, পুলিশসহ অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর ক্ষেত্রে ভিসানীতি নিয়ে অতি বাড়াবাড়িমূলক প্রচার প্রপাগান্ডার ফলে হিতে বিপরীত হয়েছে। তারা আরো বেপরোয়া হয়ে বিএনপির বিরুদ্ধে মাঠে নেমেছে তখন তিনি কষ্ট পেয়েছেন।

ভদ্রলোকের প্রশ্নের জবাবে আমি যেসব কথা বলেছি তা নয়া দিগন্তের পাঠকদের কাছে তুলে ধরার প্রয়োজন অনুভব করছি। বিএনপিকে হাজারো ছলাকলা দিয়ে গত চার-পাঁচ বছর ধরে যারা উজ্জীবিত রাখার চেষ্টা করেছেন আমি তাদের মধ্যে অন্যতম। মাঠে-ময়দানের রাজনীতিতে সময় দেয়া আমার পক্ষে সম্ভব হয়নি। ব্যবসায়-বাণিজ্য-শারীরিক অবস্থা ও সর্বোপরি কৌশলগত কারণে আমি জনসভা-পথসভার পরিবর্তে সামাজিক মাধ্যম সভা-সমিতি-সেমিনার এবং পত্র-পত্রিকায় লেখালেখিকে সুবিধাজনক মনে করেছি। আমি যেহেতু আওয়ামী লীগ ছেড়ে এসেছি সেহেতু বিএনপির তৃণমূলের কিংবা জেলা অথবা বিভাগীয় পর্যায়ের সমাবেশে গেলে আমাকে ঘিরে কয়েকটি সমস্যা হবে। প্রথমত, মিডিয়ার সাথে ঘনিষ্ঠ যোগাযোগ ও বিএনপির হাইকমান্ডের সাথে ব্যক্তিগত ঘনিষ্ঠতার কারণে উপস্থিত নেতাকর্মীরা আমাকে কেন্দ্র করে অতিরিক্ত উৎসাহ-উদ্দীপনা দেখাবে যা দলের পরীক্ষিত ও লড়াকু নেতাদের জন্য বিব্রতকর হয়ে পড়বে। দ্বিতীয়ত, আইনশৃঙ্খলা বাহিনী ও সরকারি দলের লাঠিয়ালরা আমাকে টার্গেট করে কিছু একটা ঘটিয়ে নিজ নিজ অবস্থান পাকাপোক্ত করতে চাইবে অথবা দলীয় প্রধানের কাছ থেকে ধন্যবাদ আশা করবে।



গত পাঁচটি বছরে আমার জীবনে এমন কিছু ঘটেছে যা বিএনপির অন্য নেতাকর্মীর জীবনে ঘটেনি। বুদ্ধিমত্তা-কৌশল ও সতর্কতা অবলম্বন করার কারণে আমি আমার অবস্থান নিরাপদ রেখে জাতীয়তাবাদী রাজনীতি, বিএনপির নীতি-আদর্শ সাধারণ মানুষের কর্ণকুহুর ও মন-মস্তিষ্কে পৌঁছে দেয়ার চেষ্টা করেছি। অন্যদিকে আওয়ামী লীগের দুর্বলতা-দুর্নীতি এবং গোপন পরিকল্পনাগুলোর আগাম তথ্যও যথাসম্ভব জনগণের নজরে এনেছি। বর্তমান প্রযুক্তির যুগে রাজনীতি-অর্থনীতি-সামাজিক যোগাযোগ-প্রচার-প্রপাগান্ডা ইত্যাদি সব কিছুর ভূমিকা মাঠের রাজনীতির চেয়েও অধিকতর গুরুত্বপূর্ণ স্পর্শকাতর এবং প্রভাবশালী হওয়ায় আমি প্রযুক্তিনির্ভর রাজনীতিতে বেশি সময় দিয়েছি যা বিএনপির শীর্ষ নেতারাও অকপটে স্বীকার করেন।

মার্কিন ভিসানীতি-রাষ্ট্রদূত পিটার হাসের কর্মকাণ্ড ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতদের ভূমিকা চীন-ভারতের কূটনীতির সমস্যা ছাড়াও বাংলাদেশের রাজনীতিকে রাশিয়ার প্রভাবে আওয়ামী লীগের কী ধরনের ক্ষতি হচ্ছে এবং বিএনপির কী উপকার হচ্ছে তা তথ্য প্রমাণ ও যুক্তি দিয়ে অনবরত বলে যাচ্ছি। অন্যদিকে দেশের অভ্যন্তরীণ সমস্যা যথা দুর্নীতি-চাঁদাবাজি-অর্থপাচার, অপশাসন-অবিচার ইত্যাদি কারণে আমাদের সামাজিক-রাজনৈতিক পারিবারিক সংহতি কিভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং বৈশ্বিক মানে আমরা সভ্যতা-ভব্যতা-শিক্ষা-দীক্ষার সূচকে কিভাবে ক্রমেই পিছিয়ে পড়ছি তাও যথাসম্ভব তুলে ধরার চেষ্টা করেছি। ফলে আমার মতো হাজার হাজার সচেতন নাগরিকের অক্লান্ত ও ধারাবাহিক পরিশ্রমের ফলে সারা দেশে জুলুম-অত্যাচারের বিরুদ্ধে জনগণ জেগে উঠেছে এবং ক্ষমতার স্পর্শকাতর স্থানগুলোতে একধরনের আতঙ্কের সৃষ্টি হয়েছে। সদ্য বিদায়ী প্রধান বিচারপতি কিংবা মহামান্য হাইকোর্টের সম্মানিত বিচারপতি যখন এজলাসে বসে নির্ভয়ে বলতে পারেন যে, দেশটাকে তো জাহান্নাম বানিয়ে ফেলেছেন তখন বুঝতে হবে যে- তাদের বোধোদয় ও বিবর্তন রাস্তায় চুঙ্গা ফুঁকানোর কারণে হয়নি।

মার্কিন ভিসানীতি ইউরোপীয় ইউনিয়নের নিত্যনতুন সিদ্ধান্ত এবং লন্ডন-কানাডা-ফ্রান্স-অস্ট্রেলিয়া-দিল্লি-মস্কোর ক্ষমতার কেন্দ্রে বাংলাদেশের রাজনীতির বাস্তব অবস্থা পৌঁছে দেয়ার পর এ মুহূর্তে বিএনপির করণীয় কি তা নিয়ে মহাবীর আলেকজান্ডারের একটি বিখ্যাত যুদ্ধজয়ের কাহিনী বলা অবশ্যক।

ভদ্রলোক আক্ষেপের সাথে জানালেন, সেই ২০০৯ সাল থেকেই তিনি আমাকে অনুসরণ করে আসছেন। আমি যেদিন বিএনপিতে যোগদান করি সেদিন তিনি যারপরনাই খুশি হয়েছিলেন। ইউটিউবে আমার বক্তব্য তার হতাশাময় জীবনে প্রেরণা দিয়ে থাকে। তিনি বোঝেন অনেক কিছুর সাথে বাস্তবতার মিল নেই। কিন্তু তার স্বপ্ন ও আশা-আকাঙ্ক্ষার সাথে আমার বক্তব্য মিলে যাওয়ায় তিনি তীর্থের কাকের মতো অপেক্ষায় থাকেন কখন আমার নতুন ভিডিও আপলোড হবে। সুতরাং সেই আমি যখন বলেছি যে, মার্কিন ভিসানীতিতে আওয়ামী লীগ ভয় পায়নি।

আলেকজান্ডার যখন পারস্য আক্রমণ করতে গেলেন তখন পারস্য দুনিয়ার একনম্বর পরাশক্তি আর আলেকজান্ডার একে তো বয়সে তরুণ, দ্বিতীয়ত তার রাজ্য মেসিডোনিয়া পারস্যের একটি অঙ্গরাজ্য বা করদরাজ্য হওয়ার যোগ্য ছিল না। ৩৩১ খ্রিষ্টপূর্বাব্দে তিনি তখন তার ৪০ হাজার সৈন্য নিয়ে পারস্যসম্রাট তৃতীয় দারায়ুসের তিন লাখ বাহিনীর সম্মুখে হাজির হলেন তখন শত্রুশিবিরে হাসাহাসি ও আলেকজান্ডারের বাহিনীতে কঁাপাকাঁপি শুরু হলো।

আলেকজান্ডার তার বাহিনীকে একত্র করলেন এবং সংক্ষিপ্ত ভাষণে বললেন, তোমরা জেনে রাখো, আমাদের বিজয় নিশ্চিত। কাল শুধু তলোয়ার ও বর্শা হাতে তোমাদেরকে যুদ্ধক্ষেত্রে একটু দাঁড়াতে হবে মাত্র। তার এই ঐতিহাসিক ভাষণ কিভাবে তাকে বিজয়ী করেছিল সেই কাহিনী বলার আগে নেপোলিয়ন বোনাপার্টের ওয়াটার লু যুদ্ধে পরাজয়ের কাহিনীটি বলে নিই। ব্রিটিশরা কোনো যুদ্ধেই নেপোলিয়ানের সাথে পেরে উঠছিল না। ফলে তারা মিথ্যা প্রচার ও নেপোলিয়নের পরিবারে অর্থাৎ তার স্ত্রী জোসেফাইনের মনে সন্দেহের বিষ এমনভাবে ঢুকিয়ে দিলো যার ফলে যুদ্ধক্ষেত্রে থেকেও তিনি পারিবারিক সমস্যায় জর্জরিত হতে থাকলেন এবং মানসিক দুর্বলতার কারণে কিছু মারাত্মক ভুল করে ফেললেন যা তাকে পরাজয়ের নির্মম পরিণতির দিকে নিয়ে গেল।

আলোচনার এই পর্যায়ে আলেকজান্ডারের বিজয় ও হাল আমলে আওয়ামী লীগের দুর্দশা এবং বিএনপির বিজয়ের মধ্যে একটি যোগসূত্র স্থাপনের চেষ্টা করা যাক। আলেকজান্ডারের মা অলিম্পিয়াস প্রথম থেকেই প্রচার করে আসছিলেন যে, দেবতা জিউসের ঔরসে আলেকজান্ডারের জন্ম হয়েছে। ফলে তাকে ঘিরে বহু অলৌকিক কল্পকাহিনী ছিল। অধিকন্তু তার বীরত্ব, সাহস, বুদ্ধিমত্তা ও একের পর এক সফলতার কারণে 'অলৌকিক কল্পকাহিনীগুলো সবাই বিশ্বাস করত। সুতরাং যুদ্ধের ময়দানে তিনি যখন বললেন, আমাদের বিজয় নিশ্চিত। ফলে শুধু তলোয়ার হাতে একটু দাঁড়াতে হবে মাত্র। তখন সাধারণ সৈন্যরা বিশ্বাস করল যে, দেবদূত জিউস স্বর্গ থেকে সৈন্য পাঠিয়ে পারস্য বাহিনীকে পরাজিত করবে। অন্যদিকে, পারস্য সম্রাট দারায়ুসের অহঙ্কার ও তার সৈন্যবাহিনীর জেনারেলরা যেভাবে আলেকজান্ডারের বাহিনীকে তুচ্ছ-তাচ্ছিল্য করছিল তাতে করে যুদ্ধের ময়দানে এমন একটি পরিবেশ সৃষ্টি হলো যা কিনা সর্বকালের সেরা একটি বিজয়রূপে ইতিহাসের মাইলস্টোন তৈরি করে ফেলল।

উল্লিখিত কাহিনীর সাথে যদি আমরা বাংলাদেশের চলমান রাজনীতির তুলনা করি তবে দেখতে পাব, পারস্য সম্রাট তৃতীয় দারায়ুসের মতো অহমিকাবোধ আওয়ামী লীগের বেশির ভাগ নেতাকর্মীকে পেয়ে বসেছে। তাদের সংখ্যাধিক্য, অর্থবিত্ত ও ক্ষমতার দম্ভের কাছে তারা বিএনপিকে তেজপাতার মতো দুর্বল ও অসহায় মনে করছে। অন্যদিকে, মার্কিন ভিসা নিষেধাজ্ঞা, বহুমুখী আন্তর্জাতিক চাপ, বিশ্বব্যাংক, আইএমএফসহ দেশের সার্বিক ব্যবসায়-বাণিজ্যের দুরবস্থা বিএনপির জন্য অলৌকিক নিয়ামক হিসেবে কাজ করছে। দ্বিতীয়ত, আওয়ামী লীগকে এখন বিএনপির চিন্তা বাদ দিয়ে ভারত-আমেরিকা-রাশিয়া-চীন ও ইউরোপের পেছনে ছুটতে হচ্ছে। তাদের জন্য ভয়াবহ দুঃসংবাদ হলো- এই ছুটোছুটির জন্য তাদের মধ্যে যেসব যোগ্যতম লোক ছিলেন তাদেরকে বিগত দিনে আঘাতের পর আঘাতে এবং অপমানে জর্জরিত করে এতটাই অবদমিত করে রাখা হয়েছে যার ফলে তাদের পক্ষে মাথা উঁচু করে দলের জন্য ওকালতি করা অসম্ভব। অন্যদিকে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার ৭৯ বছরের প্রধান প্রবীণা শরীর নিয়ে দেশ-বিদেশে যেভাবে ছুটছেন তার ফলে বিএনপির রাজনীতির জন্য পুরো মাঠ ফাঁকা হয়ে আছে।

আওয়ামী লীগের প্রধানতম ভরসা পুলিশসহ পুরো আমলাতন্ত্রকে এখন পশ্চিমাশক্তির সাথে মনস্তাত্ত্বিক যুদ্ধে সময় ব্যয় করতে হচ্ছে। পশ্চিমারা যেভাবে আওয়ামী লীগের শক্তির উৎসগুলো দুর্বল করার জন্য সর্বশক্তি নিয়োগ করছে তাতে করে বিএনপির জন্য বিরাট একটি রাজনৈতিক সুযোগ তৈরি করে দিয়েছে। সুতরাং দ্য ব্যাটেল অব গাওগেমেলার মতো তারা যদি কেবল মাঠে দাঁড়িয়ে থাকতে পারে, তবে বিজয় নিশ্চিত।

লেখক : সাবেক সংসদ সদস্য



আমাকে ভোট দিন-সিসি

॥ মোঃ বজলুর রশীদ ॥

মিসরের রাষ্ট্রপতি আল সিসি আগামী নির্বাচনে তাকে ভোট দেয়ার আহ্বান জানিয়েছেন এবং একই সাথে ভোটারদের সতর্কও করেছেন। তিনি বলেছেন, আমাকে ভোট দাও নতুবা পরিণতির জন্য প্রস্তুত হও! এই হলো মিসরের গণতন্ত্রের অবস্থা। আগের নির্বাচনগুলোতেও তিনি একই চেহারা দেখিয়েছিলেন। জনগণের প্রত্যক্ষ ভোটে একমাত্র মুরসি নির্বাচিত হয়েছিলেন। কিন্তু আল সিসি তাকে ক্ষমতাচ্যুত করে সামরিক ডিক্টেটরশিপ চালাচ্ছেন। আগামী ডিসেম্বরে মিসরে প্রেসিডেন্ট নির্বাচন, তা নিয়ে সিসির অনেক পরিকল্পনা।

মিসরীয় আইনে, মিসরের রাষ্ট্রপতি প্রার্থীকে সংসদের ২০ জন প্রতিনিধির সুপারিশ সংগ্রহ করতে হয় নতুবা কমপক্ষে ১৫টি গভর্নরেট থেকে ২৫ হাজার জন নাগরিকের সমর্থনের প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হয়, প্রতিটি গভর্নরেট থেকে কমপক্ষে এক হাজার জন থাকবে। একই ব্যক্তি দু'জনকে সমর্থন করতে পারেন না। মিসরে প্রশাসনিকভাবে ২৭টি গভর্নরেট রয়েছে।

১০ ডিসেম্বরের জন্য নির্ধারিত মিসরীয় রাষ্ট্রপতি নির্বাচনে একজন সম্ভাব্য প্রার্থীকে সমর্থন করার জন্য সমর্থনের চিঠিটি প্রত্যায়িত করতে দীর্ঘ সারিতে ঘণ্টার পর ঘণ্টা কাটাতে হয়। অপেক্ষা করার সময়, নিরাপত্তা ও আমলাতান্ত্রিক হয়রানির শিকার হতে হয় এবং অনেক সময় অফিসিয়াল সার্টিফিকেশন না পাওয়ার অভি‡যাগ ওঠে। মূলত এসব কর্মকাণ্ড অদৃশ্য অঙ্গুলির কারসাজি।

সাবেক সংসদ সদস্য আহমেদ তানতাভির (৪৪) সমর্থকরা দিনের পর দিন এই পরিস্থিতির সম্মুখীন হয়েছেন। তিনি চলতি অক্টোবরের প্রথম সপ্তাহে তার নির্বাচনী প্রচারাভিযান স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছেন। তানতাভির ২২ হাজার স্বেচ্ছাসেবক রয়েছে- সমর্থনের প্রত্যয়ণ সংগ্রহ করতে তারা নিরাপত্তা এবং আমলাতাি¿ক হয়রানির শিকার হন। তানতাভি সোশাল মিডিয়াতে এসব কাজের বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন।

সিসির রাজনৈতিক বিরোধীরা প্রশংসাপত্র সংগ্রহে অফিসের সামনে গুণ্ডাদের হয়রানির অভিযোগ করেছেন। তারা সোশ্যাল মিডিয়াতে জানান, প্রশাসনই সুষ্ঠু নির্বাচনের বড় বাধা। গণতন্ত্র তো দূরের বিষয়। এ কলাম লেখা পর্যন্ত তানতাভির চার আই-নজীবী ও ৭৩ সমর্থককে গ্রেফতার করে জেলে ঢোকানো হয়েছে। তানতাভির আইফোনে নজরদারি করা হচ্ছে, দেয়া হয়েছে কাল্পনিক অপরাধের অনেক মামলা। রাষ্ট্রবিজ্ঞানীরা বলেছেন, গত ২০০ বছরে মিসর সিসির মতো এমন ব্যর্থ রাষ্ট্রপতি প্রত্যক্ষ করেনি। তরুণ মিসরীয়রা তারপরও প্রচারণা চালাচ্ছেন সুষ্ঠু নির্বাচনের জন্য তাদের এই আশা যে, অন্তত ২০৩০ সালের নির্বাচনে যেন জয়ী হওয়া যায়। সিসি তো এতদিন থাকবেন না।

‡নশস ফিউচার পার্টিসহ নিরাপত্তা এবং গোয়েন্দা পরিষেবাগুলোর সাথে ঘনিষ্ঠতার জন্য পরিচিত দল, যারা সিসির সমর্থনের চিঠি জারি করছে, তাদের জন্য লাঞ্চ প্যাকেট সরবরাহ করা হচ্ছে। একই উদ্দেশ্যে সরকারি কর্মচারীদেরও একত্রিত করা হচ্ছে, নাচ ও গানের সিমুলেটেড কর্মসূচির মাধ্যমে মিসরীয় আধুনিক সাংস্কৃতিকে দৃশ্যমান করে জাঁকজমকপূর্ণ প্রচারণা চালিয়ে বার্তা দেয়া হচ্ছে যে, সামরিক অভ্যুত্থানের এই নেতাকে তৃতীয় মেয়াদের জন্য রাষ্ট্রপতি মনোনীত করা যেন চিত্তাকর্ষক বিনোদনের মতো কিছু। এর আগের নির্বাচনগুলোতে আল আজহারের গ্রান্ড মুফতিরা সিসির পক্ষে এবং মুসলিম ব্রাদারহুডের বিপক্ষে ফতোয়া দিতেন। আজ পর্যন্ত গ্রান্ড মুফতিরা কারো পক্ষে কোনো নির্বাচনী ফতোয়া দেননি। তবে ব্যবসায় প্রতিষ্ঠানের মালিকরা সিসির সমর্থনে ব্যানার টাঙানোর চাপে রয়েছেন। জাতীয় গোয়েন্দা সংস্থার পরিবারের সদস্যরা এই কাজে ভূমিকা রাখছেন বলে পত্রিকায় সংবাদ বেরিয়েছে। অনেকটা মাস্তানির মতো করে ব্যবসায়ীদের বল প্রয়োগ করছেন।



সিসির প্রশাসনব্যবস্থা নির্বাচনের জন্য একটি উৎসবমুখর পরিবেশ তৈরির চেষ্টা করছে, অথচ সত্য হলো, তারা চায় না জনগণ তাদের ভোট দিয়ে ইতিবাচকভাবে রাজনীতিতে জড়িত থাকুক, যেমনটি হয়েছিল জানুয়ারি ২০১১ সালের বিপ্লবের পর। বর্তমান নির্বাচনী কর্মকাণ্ডে দেখা যায়, সিসির নির্বাচনী শিবির মনে করে, অন্তত তিনজন যোগ্য প্রার্থী ভোটে দাঁড়াক। তাহলে, বিরোধী ভোট বিভক্ত হবে, কেউ জিতবে না এবং গণতান্ত্রিক প্রত্যাশাও পূরণ হবে; আর কী দরকার? তানতাভি এমন বেহিসাবি প্রার্থী নন বিধায় সুবিধা করতে পারছেন না, মামলা হামলার সম্মুখীন হচ্ছেন। তবে কনস্টিটিউশন পার্টির প্রধান গেমেলা ইসমাইল এবং মিসরীয় সোশ্যাল ডেমোক্র্যাটিক পার্টির চেয়ারম্যান ফরিদ জাহরান তাদের প্রার্থিতা ঘোষণা করেছেন। সিসি তাদের পার্লামেন্টে বেশি সংখ্যক আসন ভাগাভাগি করে দেয়ার জন্য একটি চুক্তিতে এসেছেন বলে জানা যাচ্ছে। জনগণের বিরাট একাংশ ভাবছে, বিরোধিতা করে ডাণ্ডা পেটা হওয়ার চেয়ে ভাগাভাগি করে কিছু আদায় হলে মন্দ কী!

রিপাবলিকান পিপলস পার্টির প্রধান হাজেম ওমর প্রতিনিধি পরিষদের ৪৪ জন সদস্যের কাছ থেকে সুপারিশ পেয়েছেন, আর ওয়াফড পার্টির প্রধান আবদেল-সানাদ ইয়ামামা ২০ জন সদস্যের কাছ থেকে সুপারিশ পেয়েছেন। এর অর্থ হলো- আল সিসির বিরুদ্ধে পাঁচজন প্রার্থী দাঁড়াতে পারেন, যারা ২০১৪ এবং ২০১৮ সালের নির্বাচনে প্রায় ৯৭ শতাংশ ভোট পেয়ে জয়ী হয়েছিলেন। এটি লক্ষণীয় যে, ওমর পার্লামেন্টের দ্বিতীয় চেম্বার সিনেটের একজন সদস্য এবং তাকে ২০২০ সালের অক্টোবরে আল সিসি নিয়োগ করেছিলেন। রাষ্ট্রপতির ১০০ জন সিনেটর নিয়োগ করার ক্ষমতা রয়েছে। ইয়ামামাও মিসরের প্রেসিডেন্টের সমর্থক এবং টেলিভিশনে তার প্রতি নিজের সমর্থন ও কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। আল সিসি উচ্চকণ্ঠ ভাষণে বলেন, এরা সবাই তার সাথে আছেন!

এ ছাড়াও তিনজন রাষ্ট্রপতি প্রার্থী কারাগারে, যেমন- শক্তিশালী মিসর পার্টির প্রধান, আবদেল মোনেইম আবুল ফোতুহ; সুপরিচিত ধর্ম প্রচারক হাজেম আবু ইসমাইল এবং সাবেক সেনা কর্মকর্তা আহমেদ কানসওয়া। তারা মূলত রাজনৈতিক বন্দী এবং বছরের পর বছর ধরে কারাবন্দী। তদুপরি, প্রাক্তন চিফ অফ স্টাফ লেফটেন্যান্ট জেনারেল সামি আনান এবং প্রাক্তন প্রধানমন্ত্রী লেফটেন্যান্ট জেনারেল আহমেদ শফিক উভয়কেই গৃহবন্দী করা হয়েছিল যখন তারা ঘোষণা করেছিল যে, তারা ২০১৮ সালের নির্বাচনে আল সিসির বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

বর্তমান নির্বাচন বলয়ে ইসলামপন্থীদের অনুপস্থিতির সমালোচনা করছেন অনেকে। মিসরে ভোট ডাকাতি, কেন্দ্র দখল, ব্যালট পেপার ছিনতাই এসব দেখা যায় না। তাই বিরোধীদের অনেকে মনে করেন নির্বাচন বয়কট না করে কিছু প্রতিযোগিতা করা উচিত। হাতপা ছেড়ে পড়ে থাকার চেয়ে হাঁটাহাঁটি ভালো।

অর্থনৈতিক জীবনযাত্রার অবনতির কারণে মিসরের রাস্তায় হতাশা সত্ত্বেও, মানুষের একটি বড় দল আশা করে, শেষ মুহূর্তে একজন শক্তিশালী প্রার্থীর আবির্ভাব ঘটতে পারে, যারা সামরিক শিবিরের জন্য গ্রহণযোগ্য বিকল্প হবে। লিবারেল ফ্রি ইজিপ্টিয়ান পার্টির মুখপাত্র, এমাদ গাদ, সশস্ত্র বাহিনীর প্রাক্তন চিফ অব স্টাফ, লেফটেন্যান্ট জেনারেল মাহমুদ হেগাজিকে দেশ বাঁচাতে রাষ্ট্রপতি পদে প্রতিদ্বন্দ্বিতার আহ্বান জানানো হয়েছে। সিসি ক্ষমতায় থাকলে পরিস্থিতি হাতের বাইরে চলে যাওয়ার বিষয়ে সামরিক শিবিরের মধ্যেও উদ্বেগ রয়েছে। আল সিসি কঠিন কোনো পরিস্থিতিতে এক লাখ মানুষ দিয়ে কায়রোতে অশান্তি সৃষ্টির হুমকি দিয়েছেন। তিনি বলেছেন, হয় আমি নতুবা ধ্বংস। সিসি কেন এমন কথা বললেন তা ভাবনার বিষয়। মিসরে এখন যা আছে সেসব তো তারই সাজানো বাগান! তিনি কি মনে করেছেন প্রচুর সুযোগ ও ক্ষমতা দেয়ার পরও সেনাবাহিনী তাকে পরিত্যাগ করবে? তার বিতর্কিত বক্তব্যের মাত্র কয়েক ঘণ্টা পরে, ইসমাইলিয়া গভর্নরেট জাতীয় নিরাপত্তা পরিষেবার সদর দফতরে আগুন লেগে যায়। আগুন লাগার কারণ এবং সময় নিয়ে গুরুতর প্রশ্ন রয়েছে। বিশ্লেষকরা মনে করেন, যেহেতু সামরিক শিবির বা সেনাবাহিনী মূলত শাসক তাই প্রতিষ্ঠানটি নিরপেক্ষ নয়।

গত সেপ্টেম্বরে তিনি বিদ্যালয়ে মেয়েদের নেকাব পড়া নিষিদ্ধ করেছেন। নেকাব নিয়ে দীর্ঘ দিন মিসরে বিতর্ক চলে আসছে, প্রায় বছর খানিক। সরকারি পক্ষ বলছে, এই ইস্যুতে মুসলিম ব্রাদারহুড সমর্থকরা সুবিধা নেবে। নির্বাচনের আগে এই বিষয়টির সুরাহা হওয়া দরকার। তবে কায়রো বিশ্ববিদ্যালয়ে আগে থে‡কই লম্বা নেকাব পরা নিষিদ্ধ রয়েছে।

রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, মিসরে রাজনীতিকে সামরিকতন্ত্রে পরিণত করার কাজ শেষ পর্যায়ে রয়েছে। সব রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং মন্ত্রীদেরকে জেনারেলদের এখতিয়ারে আনা কোনো নতুন বিষয় নয়। ২০১৩ সাল থেকে এই কাজ শুরু হয়ে এখন মসজিদের ঈমাম, স্কুলের শিক্ষক, আদালতের বিচারক ও বিদেশে কর্মরত দূতাবাস কর্তারাও রয়েছেন। কয়েক সপ্তাহ আগে মসজিদের ইমামদের একটি ব্যাচ কলেজ অব ইজিপশিয়ান রিজার্ভ অফিসার থেকে প্রশিক্ষণ লাভ করেছেন। এখন সব মসজিদে এই 'প্রশিক্ষিত' ইমাম ব্যতীত অন্যদের নিয়োগ দেয়া যাবে না। আল সিসি বর্তমান ধর্মীয় মন্ত্রী মোহাম্মদ মোক্তার গোমাহকে বলেন, আমাদের দেশে 'আলোকিত ইমামের' জেনারেশন তৈরি করা দরকার। সঙ্গীতেও সামরিকীকরণ হয়েছে, 'তিসলাম আল আইয়াদি' সামরিক অনুষ্ঠানের প্রধান সঙ্গীতরূপে গৃহীত হয়েছে। এই আরবি গানের উপজীব্য হলো সেনাদের সব কাজ প্রশংসনীয়। বিভিন্ন মন্ত্রণালয়, গভর্নরেট, শহর, ডিস্ট্রিক্ট কাউন্সিল ও পাবলিক সেক্টর কোম্পানি‡ত সিনিয়র সেনা কর্মকর্তাদের নিয়মিত পদায়ন করা হয়।

সিসি মিসরের আনাচে কানাচে তার সমর্থক বানিয়েছেন। বিরাট সেনাবাহিনীকে তিনি নির্বাচনে ব্যবহার করতে চান। সংবিধান সংশোধন করেছেন, একশ' সিনেটর নিয়োগ দিতে পারেন। ব্রাদারহুডকে আগেই ঠাণ্ডা করা হয়েছে। তিনি আরো দীর্ঘদিন প্রেসিডেন্ট থাকতে চান, এতসবের পরও জিততে না পারলে লঙ্কাকাÊ করবেন বৈকি?

লেখক : অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব ও গ্রন্থকার

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।
অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসার নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
মাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনতে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের ভিসা নিতে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী
● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

লিটন দাস বনাম সাংবাদিকের দ্বন্দ্বের গোড়াটা আরও গভীরে

॥ সৈয়দ ফায়েজ আহমেদ ॥

একটা বিশাল স্টেডিয়াম। গ্যালারিভর্তি মানুষ। সবাই উত্তেজনায় ফেটে পড়ছে। ঘটনা কী? সামনের স্টেজে একটা মানুষের সামনে বাঘকে ছেড়ে দেওয়া হয়েছে। ক্ষুধার্ত, হিংস্র বাঘের সামনে খালি হাতের একটা মানুষ। পালানোর জায়গা নেই। একটু পরে মানুষটাকে বাঘটা ছিঁড়েখুঁড়ে খাবে। এ কারণেই এত উত্তেজনা।

সেই উত্তেজনায় ঘি ঢালে বাজির দর। কেউ বলে আজ বাঘটাকেই ও মেরে ফেলবে। কেউ বলে, এই যে বালুঘড়িটা উল্টালাম। এর আগেই লোকটার মুণ্ডু চিবিয়ে খাবে বাঘ মামা। দৃশ্যটা বাস্তব ছিল রোমান সাম্রাজ্যে। কুখ্যাত কলোসিয়ামে মানুষ বনাম বাঘ কিংবা মানুষ বনাম মানুষের মরণলড়াই দেখে লোকে উত্তেজিত হতো। সেই উত্তেজনা জিইয়ে রাখার জন্য একের পর এক খেলা চলত, চলত, চলতই।

দুই হাজার বছর পর কলোসিয়াম আর নেই ঠিকই, কিন্তু অবিরত উত্তেজনায় বুঁদ হয়ে থাকার নেশা কাটেনি মানুষের। পেটে ভাতের অভাব, শাসকের লাথি–সব ভুলিয়ে দেওয়ার দুরন্ত আফিম।

গত শতাব্দীর ষাটের দশকে ফরাসি দার্শনিক গি দেবখ তাঁর সমাজকে আখ্যা দিয়েছিলেন 'সোসাইটি অব স্পেক্টাকল' নামে। ছোট্ট এক বইয়ে তিনি দেখান, কীভাবে দুই হাজার বছর আগের মতোই আমাদের সামনে একটার পর একটা দৃশ্য ছুড়ে দেওয়া হয়, আর আমরা তাতে বুঁদ হয়ে থাকি। আরেকজন সমাজ-বিজ্ঞানী হারবার্ট মারকুইসে আধুনিক মানুষকে আখ্যা দেন ওয়ান ডাইমেনশনাল ম্যান হিসেবে। তখন টেলিভিশন মাত্র শুরুর দিকের ব্যাপার।

লিটন দাস বনাম সাংবাদিকের লড়াইয়ে এসব আলাপ কেন? না, ক্রিকেটে যে জনতার আফিম, এ দিয়ে যে ভুলিয়ে রাখা হয়, সেই আলাপে যাচ্ছি না, বরং তারকা খেলোয়াড় লিটন দাসের সাংবাদিকদের অপমানের গোড়াটা যে আরও গভীরে, সেই বোঝাপড়ারই এক চেষ্টা।

মারকুইজের টেলিভিশনের যুগ থেকে এখন আমরা অনেক দূর চলে এসেছি। এখন আমরা ইউটিউবের ভিডিও পার হয়ে সংক্ষিপ্ত রিলের যুগে চলে আসছি। মিনিটখানেকের বেশি ধৈর্য আমরা ধরে রাখতে পারি না।

একটা সরকারি অফিসের কথা কল্পনা করা যাক। বছর তিরিশেক আগেও, একটা টেবিলে একজনের সামনে থাকত শুধু ফাইলপত্র আর অবসর সময়ের জন্য আড্ডা না হয় সংবাদপত্র। স্কুলে থাকতে শিক্ষকদের কাছে শুনতাম দুর্লভ বইগুলো তিনি হাতে লিখে অনুলিপি করে ফেলতেন। এরপর এল টিভি, এখন মুঠোফোন।

বিজ্ঞান আমাদের দিয়েছে বেগ, কেড়ে নিয়েছে আবেগ–যাযাবরের এই কথাকে একটু উল্টিয়ে বলা যায়, প্রযুক্তি আমাদের ঋদ্ধ করেছে, বিপুল তথ্যভান্ডার আর বিনোদনের অফুরন্ত উৎস খুলে দিয়ে; কিন্তু কেড়ে নিয়েছে আমাদের মনোযোগ দেওয়ার ক্ষমতা।

আমাদের স্কুপের নেশায় ছোটা, প্রতিদিন ক্লিকবেইট করা, কার আগে কে হুলুস্থুল করে সংবাদ দিয়ে দুটো লাইক বেশি পাবে, এ প্রতিযোগিতায় থাকাদের যাত্রাটা ওই ঝুলে থাকা কেরানির মতোই। সারাক্ষণ আদিম কলোসিয়ামের দর্শকদের মতো আধুনিক ভিউয়ারদের উত্তেজিত রাখার এক মহাযজ্ঞের তাঁরা যে অংশ! দুর্ভাগ্যজনকভাবে, এ যজ্ঞের সবচেয়ে বড় ক্ষতিটা হয় দর্শকদেরই, রোমান আমল হোক কিংবা আধুনিক দুনিয়ায়।

পুঁজিবাদী উৎপাদনের মূল আলাপ হচ্ছে অফুরন্ত প্রবৃদ্ধি। উৎপাদন করতেই থাক, করতেই থাক। কিন্তু এ এক অসম্ভব আকাঙ্ক্ষা। এর মূল্য চোকাতে হয় পরিবেশের ধ্বংস করে, মানুষের সমাজে অসাম্য তৈরি করে।

আমাদের অফুরন্ত উৎসের মূল্য আমাদের চোকাতে হচ্ছে মনঃসংযোগ করার ক্ষমতা হারিয়ে ফেলে। আমরা ফাস্ট ফুড যেমন গিলি, খাই না, তেমনি আমরাও অজস্র কনটেন্ট দেখি, কিন্তু পর্যবেক্ষণ করি না। টলস্টয়ের–একজন মানুষের কতটুকু জমি দরকার–গল্পের পাথুমের মতো আমরা প্রাণপণ কেবল ছুটছি। আমরা জানি না, আমাদের লক্ষ্য কী।

কারণ, আমাদের ছুটতে হবে। নাগরিক জীবনের ব্যবস্থাটাই সেভাবে করা। বিলিয়ন বিলিয়ন ডলার খরচ করে যে বিজ্ঞাপন আর নানা কৌশল ব্যবহার করা হয়, মানব মনের গহিন বিশ্লেষণে মানুষকে ভোক্তা বানানো হয়। উৎপাদনের থামাথামি নেই।

কলোসিয়ামের উত্তেজনা পার হয়ে, পণ্যর প্রতি দুর্নিবার আকর্ষণের যুগের পর আমাদের এখনকার সময়ের সবচেয়ে মূল্যবান বাণিজ্য পণ্য হয়ে উঠেছে আমাদের মনোযোগ। ভোক্তাদের সসীম সময় কে কত বেশি কিনতে পারে, তার জন্য গড়ে উঠেছে ট্রিলিয়ন ডলারের অ্যাটেনশন ইকোনমি।

আর এ অ্যাটেনশন ইকোনমির দুই যোদ্ধা হচ্ছেন আমাদের তারকা খেলোয়াড় আর সাংবাদিকেরা। এটা ঠিক যে কলোসিয়ামের বন্দীদের মতো তারকা খেলোয়াড়দের বাঘের সামনে পড়ে জীবন দিতে হয় না, কিন্তু একজন তারকা হতে হলে তাঁকে ত্যাগ করতে হয় সবকিছু।

আদতে মনে হতে পারে, তারকার জীবন না জানি কত আকর্ষণীয়। তাঁদের তো বলাই হয়, তারকা–আকাশে তাঁদের বাস। কিন্তু, তারকা হওয়ার পথটা বড় পিচ্ছিল। লাখ লাখ খেলোয়াড়ের মধ্যে কয়জন তারকা হন? অন্যদের কী অবস্থা হয়? আর তারকা হওয়া তো কেবল দক্ষতার ওপর নির্ভর করে না, সুযোগ, ভাগ্য এসবও লাগে। এরপরেই কি শেষ? এই মোহের জীবন কাটাতে বিসর্জন দিতে হয় সব ধরনের স্বাধীনতা, আকাঙ্ক্ষা। কত বড় বড় খেলোয়াড় যে জটিল মনোরোগের শিকার হয়েছেন, তার হিসাব নেই, কতজন তো আত্মহত্যাও করেছেন।

তাই বলে কোনোভাবেই তাঁদের বাজে আচরণ কিংবা ধরাকে সরা জ্ঞান করাকে সমর্থন করা যায় না। লিটনও ক্ষমা চেয়েছেন।

কথা প্রসঙ্গে মনে পড়ে সর্বকালের সেরা স্নুকার খেলোয়াড় রনি ওসুলিভানের কথা। ভদ্রলোকের বাবা খুনের দায়ে যাবজ্জীবন খেটেছেন, ট্যাক্স ফাঁকির দায়ে জেল খেটেছেন মা। রনির একাধিক আত্মজীবনীতে জানা যায়, এরপরও তিনি নিজের লক্ষ্য থেকে বিচ্যুত হননি। মাঝেমধ্যেই ভেঙে পড়েছেন, অসহ্য যন্ত্রণায় চিকিৎসা নিয়েছেন, কিন্তু আবার ফিরে এসে চ্যাম্পিয়ন হয়েছেন।

এত গেল তার দৃঢ়তার কথা। আরেকটা কারণে তার অবতারণা করলাম। রনির বাবা যেদিন জেল থেকে প্যারোলে ছাড়া পান, তিনি সংবাদমাধ্যমকে অনুরোধ করেছিলেন, আমার পরিবারকে দয়া করে প্রাইভেসি দিন। অনেক দুর্নাম থাকলেও ব্রিটিশ মিডিয়া তা রক্ষা করেছিল।

ভাবুন তো, আমাদের দেশে কি তা সম্ভব হতো কখনো?

কারণ ওই যে বললাম, একে তো আমাদের সামনে অসীম পরিমাণ কনটেন্ট হাজির করার প্রতিযোগিতা, আর দ্বিতীয়ত আমাদের দৈন্য। আমাদের সাংবাদিকতার অবস্থা খারাপ, এ খাতে কাজ করা কর্মীদের বেতন লজ্জাজনক, ফলে টিকে থাকার জন্য তাঁদের বুনো লড়াই চালাতে হয়। লিটনের একটা ফুটেজ, সাকিবের একটা এক্সক্লুসিভ, তামিমের একটা স্কুপের জন্য জীব-নটাই বাজি রাখা যায়, মানসম্মান তো দূর কি বাত!

ওই যে কলকাতার এক গল্প ছিল, এক লোক অফিসের সময় কোনোমতে ঝুলে ঝুলে যাচ্ছিলেন বলে এক পথচারী জিজ্ঞাসা করেন, ও দাদা, পরের বাসটাতে গেলে হয় না? এত তাড়া কেন? জীবনের থেকে কি চাকরি বেশি দামি?

হ্যাঁ দাদা, উত্তর দেন ঝুলন্ত কেরানি। জীবন তো পিতৃদত্ত, মাগনা পেয়েছি, এই বাজারে চাকরি গেলে তা কি আর পাব?

আমাদের স্কুপের নেশায় ছোটা, প্রতিদিন ক্লিকবেইট করা, কার আগে কে হুলুস্থুল করে সংবাদ দিয়ে দুটো লাইক বেশি পাবে, এ প্রতিযোগিতায় থাকাদের যাত্রাটা ওই ঝুলে থাকা কেরানির মতোই। সারাক্ষণ আদিম কলোসিয়ামের দর্শকদের মতো আধু-নিক ভিউয়ারদের উত্তেজিত রাখার এক মহাযজ্ঞের তাঁরা যে অংশ!

দুর্ভাগ্যজনকভাবে, এ যজ্ঞের সবচেয়ে বড় ক্ষতিটা হয় দর্শকদেরই, রোমান আমল হোক কিংবা আধুনিক দুনিয়ায়। সোসাইটি অব স্পেক্টাকলে অসীম কনটেন্টের স্রোতে পিষ্ট হয়ে ওয়ান ডাইমেনশনাল ম্যানরা চিন্তাশূন্য, মনোযোগ খোয়ানো পুতুলে পরিণত হন।

কিন্তু এ থেকে উতরানো খুবই দুরূহ ব্যাপার। শাসকগোষ্ঠীর বিপুল ক্ষমতার বিরুদ্ধে একক মানুষ এই লড়াই করতে গেলে স্রেফ উড়ে যাবে। কিন্তু, লিটন বনাম সাংবাদিকের এই আপাত লড়াইয়ে, ফেসবুকে লিটনের পক্ষে হাজার হাজার হা হা কিংবা সাংবাদিকের প্রতি সহানুভূতির দ্বন্দ্বে চাপা পড়ে সবচেয়ে বড় ক্ষতিটা যে হয় দর্শকের, তা বোঝা জরুরি।

ক্ষতিটা সংবাদমাধ্যমেরও হয়। কনটেন্ট সরবরাহের নিরন্তর চাপে মান নিয়ে ভাবার সময় কই তার? যাদের সেই ক্ষমতা আছে, তাদের নত হতে হয় ট্রেন্ডের চাপে, তা না হলে পিছিয়ে পড়তে হবে। অস্তিত্বের সংকটেরই টানাটানি পড়বে। তা করতে গিয়ে নিজের মান খুইয়ে ফেলে, সম্মানও।

কারণ, ইংরেজিতে বলে শো মাস্ট গো অন। এই করতে গিয়ে শো-এর বিভিন্ন কুশীলবের মধ্যে দ্বন্দ্ব হবে। অর্থনীতির চাকা ঘোরানো পোশাকশ্রমিকের সঙ্গে ফ্রেশ গ্র্যাজুয়েটের শত্রুতা লাগিয়ে রাখা হবে, বাসের চালকের সহকারীর সঙ্গে যাত্রীর।

কার্ল মার্ক্স নামক এক জার্মানের কথা ধার করে বলতে হয়, এ বিভেদগুলো এত সাদাকালো না, এগুলো দ্বান্দ্বিক। আমাদের জীবনের গাড়িতে শুধু ছোটার নেশা বন্ধ করে, মাঝেমধ্যে ব্রেক কষে ভাবতে পারাটা খুব জরুরি।

কলোসিয়ামের উত্তেজনায় নেশাগ্রস্ত হয়ে পড়াটা মানুষের জীবন হতে পারে না। সাদা আর কালোর বাইরে ধূসর বোঝাটাই আমাদের মুক্তি দেবে।

লেখকঃ প্রথম আলোর জ্যেষ্ঠ সহসম্পাদক



MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।





❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে মালিহা হাসানের প্রশ্নঃ

আমি একজন গ্রিনকার্ডধারী এই গ্রিনকার্ড আমি পেয়েছি আমার স্বামীর করা আবেদনের মাধ্যমে। আমার স্বামী একজন ইউএস সিটিজেন। আমার গ্রিনকার্ডের মেয়াদ ২ বছরের জন্য। কিন্তু আমার গ্রিনকার্ডের মেয়াদ শেষ হয়ে গেছে। আমরা বাইরে ছিলাম বলে আগে জানতে পারিনি। কিন্তু এখানে ফিরে আসার পরে জানতে পারলাম যে আমার গ্রিনকার্ডের মেয়াদ শেষ হয়ে গেছে। আমাকে নাকি আবার এর জন্যে আবেদন করতে হবে? এ ব্যাপারে কতদিন সময় লাগতে পারে?

মালিহা হাসানের প্রশ্নের উত্তরঃ

বিয়ের ভিত্তিতে গ্রিনকার্ড পেলে সেই গ্রিনকার্ড ২ বছরের জন্য ইস্যু করা হয়। আর তাকে কন্ডিশনাল গ্রিনকার্ড বলে। এই কন্ডিশনাল গ্রিনকার্ড ২ বছরের জন্য ইস্যু করা হয়। এই কন্ডিশনাল গ্রিনকার্ডের মেয়াদ শেষ হবার ৯০ দিন আগে কন্ডিশন রিমুভের জন্য আই-৭৫১ ফরম পূরণ করে আবেদন করতে হয়। সেই সাথে ২ বছর ধরে যে আপনারা একসাথে বসবাস করছেন তার প্রমাণ, বাচ্চা থাকলে তাদের বার্থ সার্টিফিকেট, ট্যাক্স রিটার্ন, যৌথ ব্যাংক স্টেটমেন্ট এবং পরিবারের ছবি সহ যুক্ত করে দেবেন।

আপনার কন্ডিশনাল গ্রিনকার্ডের মেয়াদ শেষ হবার আগেই ইমিগ্রেশন রিমুভালের আবেদন আই-৭৫১ পৌছাতে হবে। কিন্তু ঠিক সময়ে ফাইল না করলে সেই অপারগতার জন্য যুক্তিযুক্ত অর্থাৎ সঠিক যুক্তি সেখানে উপস্থাপন করতে পারলে তবেই ইমিগ্রেশন এটা গ্রহণ করতে পারে। নতুন করে গ্রিনকার্ড পাবার পরে আপনার সিটিজেনশীপের পিরিয়ড হিসেব করা হবে। আপনার প্রথম গ্রিনকার্ড পাবার তারিখ থেকে নয়। যদিও সিটিজেনের স্পাউস হিসেবে রেগুলার গ্রিনকার্ড পাবার ৩ বছর পরে সিটিজেনশীপের জন্য আবেদন করা যায়। উল্লেখ্য, এটা কন্ডিশনাল গ্রিনকার্ড পাবার পরে নয়।

আপনি যে জরুরী কারণে বাইরে ছিলেন সেই



প্রমাণপত্র অবশ্যই আবেদনের সাথে সংযোগ করে দেবেন। এ ব্যাপারে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে আলোচনা করে তার পরামর্শ নিতে পারেন।

কুইন্স থেকে আকরাম খানের প্রশ্নঃ

আমি একজন ইউএস সিটিজেন। আমি বাংলাদেশে বসবাসকারী আমার ভাইবোনের জন্যে আবেদন করেছিলাম ২০১০ সালে। কিছুদিন আগে আমি আমার বাসা বদল করেছি। এখন আমি আমার নতুন ঠিকানায় বাস করছি। সে কারণে আমার জানার বিষয় হচ্ছে কীভাবে আমি আমার ঠিকানা পরিবর্তন করব? এটা কি ইমেইল অথবা ইমিগ্রেশনে পোস্ট করে করতে হবে? এর জন্য কি কোন ক্লাসিফায়েড ফরম আছে? এ ব্যাপারে আমার আরেকটি প্রশ্ন আছে আর সেই প্রশ্নটি হচ্ছে এর মধ্যে আমার এক ভাই মারা গেছে। তার পরিবার দেশে আছে। তাদের জন্য এ ব্যাপারে কি কোন ব্যবস্থা আছে?

আকরাম খানের প্রশ্নের উত্তরঃ

ইউএসসিআইএস'র অনলাইনে অথবা চিঠির মাধ্যমে ঠিকানা পরিবর্তন করা যাবে। কেস পেন্ডিং থাকলে সেক্ষেত্রে ঠিকানা পরিবর্তনের জন্য ইউএসসিআইএস'র ওয়েব সাইটে ঢুকে ঠিকানা পরিবর্তন করতে হবে। আই-১৩০ ফরম অনুমোদান পেলে এবং কেসটি এনভিসিতে থাকলে, সেক্ষেত্রে ঠিকানা পরিবর্তনের জন্য এনভিসি'র সঙ্গে যোগাযোগ করতে হবে। আর কেউ যদি ইতিমধ্যে ডিএস-২৬০ ফরম পূরণ করে থাকেন, সেক্ষেত্রে ঠিকানা পরিবর্তনের জন্য অবশ্যই ডিএস-২৬০ ফরম পুণরায় ওপেনর করার জন্য অনুরোধ জানাতে হবে।

উল্লেখ্য, গ্রিনকার্ডধারীদের ঠিকানা পরিবর্তন করতে হলে তাদের ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে এআর-১১ ফরম পূরণ করতে হবে। এআর-১১ ফরম অন লাইনে পাওয়া যাবে এবং অনলাইনেই পুরণ করতে হবে।

রিলেটিভ পিটিশনের ক্ষেত্রে আবেদনকারী এবং বেবিফিশিয়ারি উভয়কেই জীবিত থাকতে হবে গ্রিনকার্ড পাওয়া পর্যন্ত। গ্রিনকার্ড পওয়ার পূর্বে তাদের কারো একজনের মৃত্যু হলে সাথে সাথে ফ্যামিলি পিটিশনও অকার্যকর হয়ে যাবে। সাধরণভাবে এটাই নিয়ম তবে ইমিগ্রেশন কোন কোন ক্ষেত্রে মানবিক বিবেচনায় ব্যতিক্রম তাদের ক্ষেত্রে নিতে পারে, যদি ভিসা প্রাপ্তি সহজলভ্য হয় বেনিফিসিয়ারির মৃত্যুর আগে। এক্ষেত্রে প্রয়োজনে কোন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন।

নভেম্বর ২০২৩ ভিসা বুলেটিনঃ

ইউএস স্টেটড ডিপার্টমেন্ট (ডিওএস) নভেম্বর ২০২৩ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে।

ফ্যামিলি ভিত্তিক ভিসা প্রিফারেন্সঃ

প্রথমঃ (এফ-১)ঃ ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র ও কন্যাঃ জানুয়ারী ০১, ২০১৫।

দ্বিতীয়ঃ ইউএস গ্রিনকার্ডধারী স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত পুত্র ও কন্যা।

এ. (এফ-২এ)ঃ গ্রিনকার্ডধারীদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তান। ফেব্রুয়ারী ০৮, ২০১৯।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র এবং কন্যা (২১ বছর বয়সী এবং ২১ উধ্ব বয়সী)ঃ সেপ্টেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র ও কন্যাঃ জানুয়ারী ৮, ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ইউএস সিটিজেনদের ভাই বোনঃ এপ্রিল ২২, ২০০৭।

সিভিকট টেস্টঃ

ধারাবাহিকভাবে সিভিক টেস্টে ১০০টি প্রশ্ন থেকে আমরা কিছু প্রশ্ন ও তার উত্তর প্রকাশ করছি। পূর্বে ৩০টি প্রশ্নের উত্তর প্রকাশিত হয়েছে।

প্রশ্ন-৩১) প্রেসিডেন্ট এবং ভাই প্রেসিডেন্ট দায়িত্ব পালনে অপরাগ হলে সেক্ষেত্রে কে দায়িত্ব পালন করবেন?

সঠিক উত্তরঃ হাউজের স্পিকার।

প্রশ্ন-৩২) সামরিক বাহিনীর সর্বাধিনায়ক কে?

সঠিক উত্তরঃ প্রেসিডেন্ট।

প্রশ্ন-৩৩) কোন বিল আইনে পরিণত করতে কে স্বাক্ষর করেন।

সঠিক উত্তরঃ প্রেসিডেন্ট।

প্রশ্ন-৩৪) কে বিলে ভেটো দিতে পারেন?

সঠিক উত্তরঃ প্রেসিডেন্ট।

প্রশ্ন-৩৫) প্রেসিডেন্টের ক্যাবিনেটের কাজ কী?

সঠিক উত্তরঃ প্রেসিডেন্টকে পরামর্শ দেয়া।

প্রশ্ন-৩৬) মন্ত্রি পর্যায়ের ২টি পদের নাম কি?

সঠিক উত্তরঃ কৃষিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রী, প্রতিরক্ষা মন্ত্রী, শিক্ষা মন্ত্রী, জ্বালানীমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী ও মানব সেবা মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী, গৃহায়ন ও নগর উন্নয়ন মন্ত্রী, অভ্যন্তরীন মন্ত্রী, শ্রমমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী, পরিবহন মন্ত্রী, অর্থমন্ত্রী, ভেটোরেন মন্ত্রী, এটর্নী জেনারেল, ভাইস প্রেসিডেন্ট।

পরবর্তী সংখ্যায় সিভিক টেস্টেও বাকি প্রশ্নের উত্তর প্রকাশ করা হবে।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

কটা যুদ্ধের জন্য কতটা প্রস্তুত ইউরোপ

॥ ভলোদিমির ইয়েরমোলেনকো ॥

২০০৩ সালে দার্শিনব ইয়েগেন হ্যাবেরমাস ও জ্যাক দেরিদা জার্মানি ও ফ্রান্সের কয়েকটি শীর্ষ পত্রিকায় একটি যৌথ নিবন্ধ প্রকাশ করেন। যুক্তরাষ্ট্রের ইরাক আগ্রাসনের সমালোচনা করে তাঁরা ইউরোপীয়দের এ যুদ্ধ থেকে 'বাধ্যতামূলক দূরত্ব' বজায় রাখার কথা বলেন।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশের সাম্রাজ্যবাদী আকাঙ্ক্ষা নিয়ে হ্যাবেরমাস ও দেরিদার সমালোচনা ছিল যৌক্তিক। সেই লেখায় তাঁরা বলেছিলেন, সাম্রাজ্যউত্তর ভবিষ্যৎ বিশ্বকে নেতৃত্ব দেবে ইউরোপ। এটি অত্যন্ত সুন্দর ধারণা। কিন্তু আজ যখন ইউক্রেনের ওপর রাশিয়া গণহত্যামূলক আগ্রাসন চালাচ্ছে, তখন হ্যাবেরমাস ও দেরিদার বলা সেই সাম্রাজ্যউত্তর বিশ্ব প্রতিষ্ঠা করা বাস্তবে কতটা সম্ভব?

হ্যাবেরমাস ও দেরিদার এমন একটা ইউরোপের কল্পনা করেছিলেন, যে ইউরোপ সংলাপ, পারস্পরিক আলাপ ও সব ধরনের ভিন্নতাকে আলিঙ্গন করে সামনে এগিয়ে যাবে। এটা নিশ্চিতভাবেই মর্যাদাকর একটি ধারণা। কিন্তু সমস্যা হলো, এই ধারণা মন্দ কিছুর মুখোমুখি হলেই ক্ষমতাহীন হয়ে পড়ে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে ইউরোপে শান্তির ধারণাটিই মূল মনোযোগ পেয়েছে। এ ক্ষেত্রে কীভাবে শান্তির বিস্তার করা যায়, সেটাই প্রাধান্য পেয়েছে। কিন্তু সেই শান্তিকে কীভাবে সুরক্ষা দেওয়া হবে, সেটা ভাবা হয়নি। সবার মঙ্গলের জন্য, সবার ভালোর জন্য সীমানা খুলে দেওয়া হয়েছে, কিন্তু খারাপ শক্তির বিরুদ্ধে সীমানা কীভাবে শক্তিশালী করা যাবে, তা ভাবা হয়নি। ইউরোপ ভেবেছে, ভালোর আকর্ষণে মন্দও ভালো আচরণ করবে। সে কারণেই ইউরোপ (মূলত জার্মানি ও ফ্রান্স) রাশিয়ার সঙ্গে টেকসই সম্পর্ক গড়ে তুলতে চেয়েছে। এই সম্পর্ক প্রতিষ্ঠার ক্ষেত্রে ইউরোপ গ্যেটের ফাউস্টএর, একজন শয়তানের সঙ্গেও কাজ করার ধারণাটি লালন করেছে। কিন্তু ইউরোপ বেমালুম ভুলে গেছে, সে গল্পের শেষ পরিণতি কী হয়েছিল।

দুই ধরনের নৈতিক ব্যবস্থার মধ্য দিয়ে ইউরোপ গড়ে উঠেছে। প্রথম নৈতিক ব্যবস্থাটি হলো অ্যাগোরা, যা প্রাচীন গ্রিসের বাজার ও সমবেত হওয়ার স্থানের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। এর মাধ্যমে আমাদের যা কিছু আছে, তা অন্যদের সঙ্গে বিনিময় করে আমরা আরও বেশি কিছু অর্জন করব। আমরা পণ্য, ভাবনা, জিনিসপত্র, গল্প ও অভিজ্ঞতা বিনিময় করি। অ্যাগোরা ইতিবাচক একটি বিনিময়ব্যবস্থা, যেখানে সবাই জিততে পারে।

দ্বিতীয় নৈতিক ব্যবস্থাটি হলো অ্যাগন। এটি হলো যুদ্ধক্ষেত্র। আমরা অ্যাগনে প্রবেশ করি বিনিময় করার জন্য নয়, লড়াই করার জন্য। আমরা এখানে জয়ের স্বপ্ন দেখি, কিন্তু পরাজয়ের জন্যও আমরা প্রস্তুত থাকি। এ ক্ষেত্রে এরও জয়, ওরও জয়–এ রকম কোনো সমাধান সম্ভব নয়। কেননা, একটি পক্ষকে অবশ্যই পরাজিত হতে হবে।

দ্বিতীয় নৈতিক ব্যবস্থাটি হলো অ্যাগন। এটি হলো যুদ্ধক্ষেত্র। আমরা অ্যাগনে প্রবেশ করি বিনিময় করার জন্য নয়, লড়াই করার জন্য। আমরা এখানে জয়ের স্বপ্ন দেখি, কিন্তু পরাজয়ের জন্যও আমরা প্রস্তুত থাকি। এ ক্ষেত্রে এরও জয়, ওরও জয়–এ রকম কোনো সমাধান সম্ভব নয়। কেননা, একটি পক্ষকে অবশ্যই পরাজিত হতে হবে।

হ্যাবেরমাস ও দেরিদার মধ্যে দার্শনিক চিন্তায় পার্থক্য থাকলেও তাঁরা দুজন গুরুত্বপূর্ণ বিষয়ে একই ভাবনা তুলে ধরেছিলেন। তাঁরা মনে করেছিলেন, যুদ্ধকে হটিয়ে বিনিময় প্রতিষ্ঠা হওয়া উচিত। কিন্তু সমস্যা হচ্ছে, তাঁরা যে সমস্যা ধরতে পুরোপুরি ব্যর্থ হয়েছিলেন তা হলো, যুদ্ধ ছাড়া বিনিময় অসম্ভব। সম্ভাব্য আক্রমণকারীর হাত থেকে নগর রক্ষার জন্য দুর্গ নির্মাণ না করে তাদের সঙ্গে অনন্তকাল ধরে সংলাপ চালিয়ে যাওয়া যায় না। তাঁরা দুজন ইউরোপকে যেভাবে গড়ে তোলার কল্পনা করেছেন, সেটা নিষ্পাপ কল্পনা ছাড়া কিছু নয়। অনন্ত শান্তি ও সীমাহীন বিনিময়–ইউরোপ মহাদেশের এই ধারণার পেছনে একটি লুকানো ভণ্ডামি আছে। বাস্তবে সেটা ন্যাটোর নিরাপত্তা ছাতার নিচেই অর্জন করা সম্ভব। ইউরোপীয়দের লক্ষ্য যদি হয় একটি সাম্রাজ্যউত্তর বিশ্ব প্রতিষ্ঠা করা, তাদের অবশ্যই ২০০৩ সালে ইরাকে আমেরিকার আগ্রাসনের সঙ্গে ২০০৮ সালে জর্জিয়ায়, ২০১৪ সালে ইউক্রেনে, ২০১৫ সালে সিরিয়ায় এবং ২০২২ সালে আবার ইউক্রেনে রাশিয়ার আগ্রাসনের তুলনা করতে শিখতে হবে। দুইয়ের মধ্যে একটা গুরুত্বপূর্ণ পার্থক্য রয়েছে। ২০০৩ সালের যুদ্ধ ছিল গণতন্ত্রের নিজেই নিজেকে প্রতারিত করার ফল। সেটা ছিল মোহনীয় সব গণতান্ত্রিক বাগাড়ম্বরের মাধ্যমে সাম্রাজ্যবাদী আকাঙ্ক্ষাকে লুকিয়ে রাখার ঘটনা।

২০ বছর পর আমরা একটা ভিন্ন বাস্তবতায় বাস করছি। গণতন্ত্র এখন সরাসরি সাম্রাজ্যে রূপান্তরিত হচ্ছে না। এখন সাম্রাজ্যই গণতন্ত্রকে আক্রমণ করছে। এই সাম্রাজ্য ও এর কর্তৃত্ববাদী মিত্ররা দেখেছে যে গণতান্ত্রিক শিবির দুর্বল আর অরক্ষিত। আর তারা তাদের সেই অ্যাগন বা যুদ্ধের চেতনা হারিয়েছে। সে কারণে, তাদের আক্রমণ ও ধ্বংস করার সুযোগ এসেছে। ইউক্রেনের বিরুদ্ধে রাশিয়ার যুদ্ধের মানে হলো ইউরোপের ওপর আক্রমণ। রাশিয়া এখন ইউরোপের সঙ্গে একটা যুদ্ধে লিপ্ত। এই বাস্তবতাকে পরিপূর্ণভাবে গ্রহণ করার সময় এসেছে। বিনিময় নৈতিকতা এখন যথেষ্ট নয়। এখন সময় এসেছে, নিজেদের আত্মপরিচয়ের অংশ হিসেবে যুদ্ধ নৈতিকতার পুনর্জাগরণ ঘটানো।

দ্য গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষেপে অনূদিত

ভলোদিমির ইয়েরমোলেনকো ইউক্রেনীয় দার্শনিক ও



সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি
৭ নভেম্বর, ২০২৩

(পরিবর্তন হতে পারে)

নিউ ইয়র্ক কাউন্টি দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ এবং ৪-১২২ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে নিউ ইয়র্ক কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সুপ্রিম কোর্টের বিচারপতি – ১ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট

১ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট

সিভিল কোর্টের বিচারক-কাউন্টি-নিউ ইয়র্ক

কাউন্সিল সদস্য - ১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য - ২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য - ৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ১০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ১ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট নিউ ইয়র্ক

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ৩ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট নিউ ইয়র্ক

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ৬ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট নিউ ইয়র্ক

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ৭ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট নিউ ইয়র্ক

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৪-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

ব্রনক্স কাউন্টি দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ এবং ৪-১২২ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে ব্রনক্স কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

ডিসট্রিক্ট অ্যাটর্নি ব্রনক্স

সুপ্রিম কোর্টের বিচারপতি ১২ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট

সিভিল কোর্টের বিচারক কাউন্টি ব্রনক্স

কাউন্সিল সদস্য ৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ১১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য – ১২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ১৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ১৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ১৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ১৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ১৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ১৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ১ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট

ব্রনক্স

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা 4-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

কিংস কাউন্টি দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ এবং ৪-১২২ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে কিংস কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

প্রতিনিধি কিংস

সুপ্রিম কোর্টের বিচারপতি ২ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট

সিভিল কোর্টের বিচারক কাউন্টি কিংস

কাউন্সিল সদস্য ৩৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৪০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৪১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৪২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৪৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,

কাউন্সিল সদস্য ৪৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৪৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৪৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৪৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৪৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৫০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ১ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট কিংস

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ২ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট কিংস

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ৩ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট কিংস

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৪-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

কুইন্স কাউন্টি দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ এবং ৪-১২২ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে কুইন্স কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি
৭ নভেম্বর, ২০২৩

ক্রমশ (পরিবর্তন হতে পারে)

ডিসট্রিক্ট অ্যাটর্নি কুইন্স

সুপ্রিম কোর্টের বিচারপতি ১১ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট

সিভিল কোর্টের বিচারক কাউন্টি কুইন্স

কাউন্সিল সদস্য ১৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ২৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৩৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ১ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট কুইন্স

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ২ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট কুইন্স

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ৪ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট কুইন্স

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ৬ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট কুইন্স

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৪-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

রিচমন্ড কাউন্টি দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ এবং ৪-১২২ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে রিচমন্ড কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

ডিসট্রিক্ট অ্যাটর্নি রিচমন্ড

কাউন্সিল সদস্য ৪৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৫০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

কাউন্সিল সদস্য ৫১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট

সিভিল কোর্টের বিচারক ডিসট্রিক্ট ২ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট রিচমন্ড

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৪-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি

সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?

আপনি ভোট দেয়ার যোগ্য কি না জানার জন্য,
আপনার ভোটকেন্দ্রের ঠিকানা খুঁজতে কিংবা একটি নমুনা ব্যালট দেখার জন্য, দেখুন:

vote.nyc

অথবা, কল করুন টোল ফ্রি: **(866) 868-3692**
টিটিওয়াই নম্বর: **(212) 487-5496**

নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে আমাদের ওয়েব সাইট

nyc.electiondayworker.com

এর মাধ্যমে আবেদন করুন।

THE BOARD OF ELECTIONS IN THE CITY OF NEW YORK
Executive Office, 32 Broadway,
7th floor
New York, NY 10004

কমিশনারস অব ইলেকশনস

Simon Shamoun - প্রেসিডেন্ট
Rodney L. Pepe-Souvenir - সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli

Carol R. Edmead
Gino A. Marmorato
Jodi Morales
Michele A. Sileo
Keith Sullivan
Frederic M. Umane

চিত্রে যুক্তরাজ্যে কুলাউড়া উপজেলার ভাটেরা ইউপি চেয়ারম্যানের সংবর্ধনা











































চিত্রে যুক্তরাজ্যে কুলাউড়া উপজেলার ভাটেরা ইউপি চেয়ারম্যানের সংবর্ধনা



























ওয়ার্নার-মার্শের যুগল তান্ডবে জয় অস্ট্রেলিয়ার

স্পোর্টস ডেস্ক: ব্যাটারদের ব্যর্থতার কারণেই বিশ্বকাপে প্রথম তিন ম্যাচের দুটিতে হেরেছিল অস্ট্রেলিয়া। গত ২০ অক্টোবর শুক্রবার বেঙ্গালুরুর এম চিন্নস্বামী স্টেডিয়ামের ব্যাটিং-স্বর্গে পাকিস্তানের বিপক্ষে যুগল তান্ডবে যেন সেই খেদ মেটালেন অস্ট্রেলিয়ার দুই ওপেনার ডেভিড ওয়ার্নার (১২৪ বলে ১৬৩) ও মিচেল মার্শ (১০৮ বলে ১২১)। তাদের সেঞ্চুরি ও ২৫৯ রানের রেকর্ডরাঙা উদ্বোধনী জুটিতে নয় উইকেটে ৩৬৭ রানের পাহাড় গড়ে অস্ট্রেলিয়া। শেষদিকে ঘুরে দাঁড়িয়ে শাহিন আফ্রিদি ৫৪ রানে পাঁচ উইকেট নিলেও বিশ্বকাপে পাকিস্তানের বিপক্ষে এটাই কোনো দলের সর্বোচ্চ সংগ্রহ। বিশাল লক্ষ্য তাড়ায় শুরুটা ভালো হলেও শেষ পর্যন্ত ২৭ বল বাকি থাকতেই ৩০৫ রানে অলআউট হয়ে ৬২ রানে হারে পাকিস্তান। শেষ ১২ ওভারে ১০৩ রানের সমীকরণ মেলাতে পারেনি বাবর আজমের দল। উল্টো মাত্র ৩৬ রানে হারায় শেষ ছয় উইকেট। জোড়া জয়ে বিশ্বকাপ শুরু করা পাকিস্তানের এটি টানা দ্বিতীয় হার। বিপরীতে জোড়া হারের পর অস্ট্রেলিয়া জিতল টানা দুই ম্যাচ।

১৩৪ রানের উদ্বোধনী জুটিতে পাকিস্তানের শুরুটা দুর্দান্ত হলেও অস্ট্রেলিয়ার দুই ওপেনারের মতো ফিফটিকে সেঞ্চুরিতে রূপ দিতে পারেননি আবদুল্লাহ শফিক (৬৪) ও ইমাম-উল-হক (৭০)। দুজনকেই ফেরান মার্কাস স্টয়নিস। ১৪ বলে ১৮ রান করে অ্যাডাম জাম্পার শিকারে পরিণত হন অধিনায়ক বাবর আজম। এরপর মোহাম্মদ রিজওয়ান (৪৬), সাউদ শাকিল (৩০) ও ইফতেখার আহমেদ (২৬) রানের চাকা সচল রাখলেও ম্যাচ জেতানো ইনিংস উপহার দিতে পারেননি। ৫৩ রানে চার উইকেট নিয়ে অস্ট্রেলিয়ার সবচেয়ে সফল বোলার স্পিনার জাম্পা। এছাড়া অধিনায়ক প্যাট কামিন্স ও স্টয়নিস নেন দুটি করে উইকেট।

এই বিশ্বকাপ পাকিস্তান শুরু করেছিল অন্যতম ফেভারিট হিসাবে। চার ম্যাচ পরেই নিজেদের সাদামাটা দল বানিয়ে ফেলেছে তারা। আগেরদিন রমিজ রাজা তার উত্তরসূরিদের উপদেশ দিয়েছিলেন টস জিতে ফিল্ডিং করার জন্য। পূর্বসূরির হিতোপদেশ মেনেই কি বাবর আজম মুদ্রা-ভাগ্যে সফলতা পেয়ে প্রসন্নচিত্তে অসিদের ব্যাটিংয়ে পাঠালেন? ফলাফল কী হলো? অস্ট্রেলিয়া ৩৬৭ রানের বোঝা চাপিয়ে দিল পাকিস্তানের ঘাড়ে। ৩৬৭ তা-ও কম। এক সময় তো মনে হয়েছিল, অসিদের পুঁজি ৪০০ ছাড়িয়ে যাবে। ওয়ার্নার ও মার্শ উদ্বোধনী জুটিতে ২৫৯ রান তুলে সেই আশা জাগিয়েছিলেন। বিশ্বকাপে এটা সব দল মিলিয়ে দ্বিতীয় সর্বোচ্চ উদ্বোধনী জুটি। দুজনই শতকে সিক্ত হন। বিশ্বকাপে এই প্রথম এক ম্যাচে সেঞ্চুরি পেলেন অস্ট্রেলিয়ার দুই ওপেনার। মার্শ নিজের জন্মদিনে যেন নিজেকেই উপহার দেন অমূল্য সেঞ্চুরি। ভারতের বিরাট কোহলির পর দ্বিতীয় ব্যাটার হিসাবে ওয়ানডেতে নির্দিষ্ট কোনো দলের বিপক্ষে টানা চার ম্যাচে সেঞ্চুরির কীর্তি গড়েন ওয়ার্নার। পিচ তখন ব্যাটারদের দিকে বন্ধুত্বের হাত বাড়িয়ে দিয়েছিল। নতুন বল ব্যাটে আসছিল অনুগত শিক্ষার্থীর মতো।

অস্ট্রেলিয়ার ইনিংসের শুরুতে ওয়ার্নার যখন মারমুখী হয়ে উঠেছেন, তখনই তার একেবারে সহজ ক্যাচ ফেলে দেন উসামা মীর। পাকিস্তানকে তার চড়া মাশুল দিতে হয়। শাহিন আফ্রিদির সহায়তায় পাকিস্তান যদিও শেষের দিকে লড়াই করেছে। বল যত পুরোনো হয়েছে, নতুন ব্যাটারদের পক্ষে তত কঠিন হয়ে ওঠে ছন্দ খুঁজে পাওয়া। সেই সুযোগে শাহিন আফ্রিদি বিশ্বকাপে শ্বশুর শহীদ আফ্রিদির পর পাকিস্তানের দ্বিতীয় বোলার হিসাবে দ্বিতীয়বার পাঁচ উইকেট তুলে নেন।

শেষ ১০ ওভারে অস্ট্রেলিয়া ৭০ রানের বিনিময়ে ছয় উইকেট হারায়। তার মানে, বোলাররা উইকেট থেকে সহায়তা পেতে শুরু করেছিলেন। তার প্রমাণ, নিজের প্রথম চার ওভারে ৫৬ রান হজম করা হারিস রউফের প্রত্যাবর্তন হয় ভালোভাবে। আট ওভারে ৮৩ রানে তিন উইকেট নেন হারিস। তবে ক্ষতি যা হওয়ার, আগেই হয়ে গিয়েছিল পাকিস্তানের। ওয়ার্নারের ১২৪ বলে ১৬৩ এবং মার্শের ১০৮ বলে ১২৩-এর পর অসিদের গর্ব করার মতো আর কিছু নেই। ১০ ও ১০৫ রানে 'জীবন' পাওয়া ওয়ার্নার মার্শকে সঙ্গে নিয়েই পাকিস্তানের বিপক্ষে যে কোনো উইকেটে ওডিআইতে সর্বোচ্চ রানের জুটি গড়েন। প্রথম পাওয়ারপ্লেতে অস্ট্রেলিয়া বিনা উইকেটে ৮২ রান তোলে।

ভারতের পর অস্ট্রেলিয়ার বিপক্ষেও হারল পাকিস্তান

স্পোর্টস ডেস্ক: বিশ্বকাপের চলতি আসরে নিজেদের প্রথম দুই ম্যাচে নেদারল্যান্ডস ও শ্রীলংকার বিপক্ষে জয়ে ফুরফুরে মেজাজে ছিল পাকিস্তান। কিন্তু নিজেদের তৃতীয় ম্যাচে চিরপ্রতিদ্বন্দ্বী ভারতের বিপক্ষে স্রেফ উড়ে যায় বাবর আজমরা। শুক্রবার (২০ অক্টোবর) নিজেদের চতুর্থ ম্যাচে অস্ট্রেলিয়ার বিপক্ষে রেকর্ড রান তাড়া করতে নেমে হেরে যায় পাকিস্তান। অস্ট্রেলিয়ার বিপক্ষে এদিন জিততে হলে পাকিস্তানকে রেকর্ড গড়তে হতো। অতীতে বিশ্বকাপে শ্রীলংকার বিপক্ষে ৩৪৫ রানের টার্গেট তাড়ায় জয় পেয়েছে পাকিস্তান। শুক্রবার জিততে হলে সেই রেকর্ড ভেঙে পাকিস্তানকে করতে হতো ৩৬৮ রান। এমন কঠিন লক্ষ্য তাড়া করতে নেমে ৪৫.৩ ওভারে ৩০৫ রানে অলআউট হয় পাকিস্তান। ৬২ রানে জয় পায় অস্ট্রেলিয়া। এদিন বেঙ্গালুরুতে ব্যাটিংয়ে নেমে উড়ন্ত সূচনা করেন পাকিস্তানের দুই ওপেনার আব্দুল্লাহ শফিক ও ইমাম-উল-হক। উদ্বোধনী জুটিতে ১৩৪ রান করে ফেরেন আব্দুল্লাহ। তার আগে ৬১ বলে ৭টি চার আর দুটি ছক্কায় করেন ৬৪ রান। এরপর মাত্র ২০ রানের ব্যবধানে ফেরেন আরেক ওপেনার ইমাম-উল হকও। তিনিও মার্কাস স্টয়নিসের শিকার হন। সাজঘরে ফেরার আগে ৭১ বলে ১০টি বাউন্ডারির সাহায্যে করেন ৭০ রান।



তিন নম্বর পজিশনে ব্যাটিংয়ে নেমে ১৪ বলে মাত্র ১৮ রান করে ফেরেন পাকিস্তানের অধিনায়ক বাবর আজম। তার বিদায়ে ২৬.২ ওভারে ১৭৫ রানে ৩ উইকেট হারায় পাকিস্তান। এরপর সৌদ শাকিল (৩০), ইফতেখার আহমেদ (২৬), মোহাম্মদ রিজওয়ানরা (৪৬) আউট হওয়ার পর ম্যাচ থেকে কার্যত ছিটকে যায় পাকিস্তান। শেষদিকে রীতিমতো উইকেট পতনের কারণে ৪৫.৩ ওভারে ৩০৫ রানেই অলআউট হয় পাকিস্তান। অস্ট্রেলিয়ার হয়ে ৫৩ রানে ৪ উইকেট নেন অ্যাডাম জাম্পা।

শুক্রবার ভারতের বেঙ্গালুরুর এম চেন্নাস্বামী স্টেডিয়ামে বিশ্বকাপের ১৩তম আসরের ১৮তম ম্যাচে টস জিতে অস্ট্রেলিয়াকে ব্যাটিংয়ে পাঠায় পাকিস্তান। ব্যাটিংয়ে নেমে ইনিংসের শুরু থেকেই তান্ডব চালাতে থাকেন অস্ট্রেলিয়ান দুই ওপেনার ডেভিড ওয়ার্নার ও মিচেল মার্শ। এই জুটিতে তারা ৩৩.৫ ওভারে ২৫৯ রান করেন। বিশ্বকাপের ইতিহাসে এটা রেকর্ড ষষ্ঠ সর্বোচ্চ রানের জুটি। এর আগে ২০১৫ সালের বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজের দুই তারকা ব্যাটসম্যান ক্রিস গেইল ও মারলন স্যামুয়েলস জিম্বাবুয়ের বিপক্ষে দ্বিতীয় উইকেটে রেকর্ড সর্বোচ্চ ৩৭২ রানের জুটি গড়েন।

তবে বিশ্বকাপে উদ্বোধনীতে রেকর্ড ২৮২ রানের জুটি গড়েন শ্রীলংকান দুই তারকা ব্যাটসম্যান তিলকারত্নে দিলশান ও উপুল থারাঙ্গা। তারা ২০১১ সালের বিশ্বকাপে জিম্বাবুয়ের বিপক্ষে ঘরের মাঠ পাল্লেকেল্লেতে এই রেকর্ড গড়েন। তাদের সেই রেকর্ড আজও অক্ষত আছে।

শুক্রবার ডেভিড ওয়ার্নার ও মিচেল মার্শ উদ্বোধনীতে ২৫৯ রান করার পর অস্ট্রেলিয়া শিবিরে জোড়া আঘাত হানেন পাকিস্তানের তারকা পেসার শাহিন শাহ আফ্রিদি। পরপর দুই বলে ক্যাচ তুলে দিয়ে ফেরেন ওপেনার মিচেল মার্শ ও তিন নম্বর পজিশনে ব্যাটিংয়ে নামা গেন ম্যাক্সওয়েল। মিচেল মার্শ ১০৮ বলে ১০টি চার আর ৯টি ছক্কার সাহায্যে ১২১ রান করে ফেরেন। এরপর আসা-যাওয়ার মিছিলে অংশ নেন গ্লেন ম্যাক্সওয়েল, স্টিভ স্মিথ, ডেভেডি ওয়ার্নার, জশ ইন-জিলস, মার্কাস স্টয়নিস, মার্নাস লাবুশেন, মিচেল স্টার্ক ও জশ হ্যাজলউড। দলের হয়ে ১২৪ বলে ১৪টি চার আর ৯টি ছক্কার সহায্যে ১৬৩ রান করেন ডেভিড ওয়ার্নার। পাকিস্তানের হয়ে ১০ ওভারে ৫৪ রানে ৫ উইকেট নেন শাহিন শাহ আফ্রিদি। বিশ্বকাপে এ নিয়ে দুই ম্যাচে পাঁচ বা তার বেশি উইকেট শিকার করলেন পাকিস্তানের তারকা পেসার।



যেন নিজেদের হারিয়ে খুঁজছে বাংলাদেশ দল

দুলাল মাহমুদ: ক্রিকেট বিশ্বকাপ এমন এক জার্নি, যেভাবেই হোক পুরো পথ পরিক্রমণ করে আসা ছাড়া উপায় নেই। ভ্রমণ যতই কষ্টসাধ্য ও প্রতিকূল হোক না কেন, সামনের দিকে এগিয়ে যেতেই হবে। অনেকটা রোলার কোস্টার নামক রোমাঞ্চকর রাইডে উঠার দুঃসাহস দেখানোর পর কোনো ভাবেই বলা যাবে না, ছেড়ে দে মা কেঁদে বাঁচি। হয় উপভোগ করতে হবে, নতুবা ভয়ংকর অভিজ্ঞতার মুখোমুখি হতে হবে।

বাংলাদেশ দলের অবস্থা এখন কেমন, কে জানে? আফগানিস্তান দিয়ে যে আনন্দময় যাত্রা শুরু হয়েছিল, তা যেন দিনে দিনে নিরানন্দে পরিণত হয়েছে। অবশ্য শিরোপা-প্রত্যাশী ইংল্যান্ড, নিউজিল্যান্ড আর ভারতের মতো শক্তিমানদের বিরুদ্ধে সুখকর অনুভব আশা করা যায় না। ভাগ্য সুপ্রসন্ন থাকলে অনেকটা পড়ে পাওয়া চৌদ্দ আনার মতো মাঝে-মধ্যে তার দেখা মিলতে পারে। কিন্তু হররোজ এমন হওয়ার মতো সক্ষমতা বাংলাদেশ দল এখনো অর্জন করতে পারেনি। তবে টাইগাররা এতটা শক্তি ও সামর্থ্যহীন নয় যে, অসহ-ায়ভাবে বশ্যতা স্বীকার করতে হবে। প্রতিপক্ষের জয় পাওয়াটাকে কঠিন করে তোলার হিম্মত টাইগারদের অন্তত আছে। অথচ হেরে যাওয়া ম্যাচগুলোতে দলের খেলায় লড়াকু মানসিকতার প্রকাশ দেখা যায়নি। কৌশলের ক্ষেত্রে যেমন মুনশিয়ানার পরিচয় পাওয়া যায়নি, তেমনিভাবে প্রত্যাশা পূরণ করতে পারেনি ব্যাট-বলের লড়াইটাও। সেটাই বেশি আক্ষেপের।

বাংলাদেশ দল যেন নিজেদের হারিয়ে খুঁজছে। ছন্দটা কেন ফিরে পাচ্ছে না, সেটা কি খতিয়ে দেখা প্রয়োজন নয়? এ নিয়ে টিম ম্যানেজমেন্টের চিন্তা-ভাবনাও বুঝতে পারা যাচ্ছে না। দল ছন্দ হারালে তা ফিরিয়ে আনাই ম্যানেজমেন্টের দক্ষতার মাপকাঠি। দল যথাযথ পরিচালনা ও সুষ্ঠুভাবে সমন্বয় করার পাশাপাশি টিমওয়ার্ক, যোগাযোগ, লক্ষ্য নির্ধারণ ও কর্মক্ষমতা মূল্যায়ন করে সিদ্ধান্ত নেওয়া গুরুত্বপূর্ণ। তদুপরি, দলের মধ্যে সমস্যা চিহ্নিত করা এবং দ্বন্দ্ব সমাধান করার ক্ষমতাও ম্যানেজমেন্টের দক্ষতার পরিচায়ক। আধুনিক ম্যানেজমেন্ট পদ্ধতিতে যোগ হয়েছে আরো নানা অনুষঙ্গ এবং প্রযুক্তির ব্যবহার। এ বিষয়গুলো তো সংশ্লিষ্টদের না জানার কথা নয়। কিন্তু তার প্রতিফলন তো দেখতে পাওয়া যাচ্ছে না। তা ছাড়া দল নিয়ে প্রতিনিয়ত পরীক্ষা-নিরীক্ষা সমালোচনা করার সুযোগ এনে দিয়েছে। এটা তো সাধারণ জ্ঞানেরই অংশ, আপনি কলাকৌশল ঠিক করে যুদ্ধের প্রস্তুতি নেবেন। যুদ্ধের ময়দানে নেমে কৌশল ঠিক করতে চাইলে তা ফলপ্রসূ হওয়ার সম্ভাবনা কম। অনেকক্ষেত্রে হয়তো ফাটকা লেগে যায়। তবে তা দিয়ে সব সময় বাজিমাত করা যায় না। মৌলিক কৌশল অবলম্বন করার বিকল্প অন্য কিছু হতে পারে না। দল সফল না হওয়া সত্ত্বেও টিম ম্যানেজমেন্ট ফাটকা খেলা থেকে বিরত থাকছে না। এটাও দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে।

ক্রিকেটাররা তাদের অভ্যস্ত পজিশন হারিয়ে চাপের মধ্যে আছেন। যে কারণে ব্যাট-বলের সঠিক মেলবন্ধন ঘটছে না। আসছে না কাঙ্ক্ষিত সাফল্য। তার খেসারত দিতে হচ্ছে দলকে। আর ব্যর্থতার কারণে মনোবল ভেঙে গেলে তা পুনরুদ্ধার করা খুব সহজ নয়। মন নামক সূক্ষ অনুভূতি নাড়া খেলে ক্রিকেটের মতো মনস্তাত্ত্বিক খেলায় মনোনিবেশ করা যায় না। এ বিষয়টি কেন যেন পাত্তা দেওয়া হচ্ছে না। কাজ করছে এক ধরনের গোয়ার্তুমি। মনে করা হচ্ছে, যে ফাটকা খেলা হচ্ছে, তা এক সময় না এক সময় কাজে লাগবেই। কিন্তু ততদিনে যে দেউলিয়া হয়ে যেতে হতে পারে, সে বিবেচনা কি কাজ করছে না?



কোহলির সেঞ্চুরিতে বিধ্বস্ত বাংলাদেশ

স্পোর্টস ডেস্ক: জয় দিয়ে শুরু বিশ্বকাপ। এরপর টানা দুই হার। এবার ভারতের কাছে হেরে হ্যাটট্রিক হারের তেঁতো স্বাদ পেলো বাংলাদেশ। নিজেদের চতুর্থ ম্যাচে বিরাট কোহলির সেঞ্চুরিতে ভারতের কাছে ৭ উইকেটে হেরেছে লাল-সবুজের প্রতিনিধিরা। বৃহস্পতিবার (১৯ অক্টোবর) পুনের মহারাষ্ট্র ক্রিকেট অ্যাসোসিয়েশন স্টেডিয়ামে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেন অধিনায়ক নাজমুল হাসান শান্ত। ব্যাট করতে নেমে বাংলাদেশকে উড়ন্ত সূচনা এনে দেন দুই ওপেনার লিটন দাস ও তানজিদ হাসান তামিম। নিজেদের বিশ্বকাপের ইতিহাসে সর্বোচ্চ ওপেনিং জুটি গড়েন তামিম-লিটন। উদ্বোধনী জুটিতে ৯৩ রান সংগ্রহ করেন এই দুই ব্যাটার। তবে এরপরই ছন্দপতন হয় বাংলাদেশের।

শেষ পর্যন্ত ৫০ ওভার শেষে ৮ উইকেট হারিয়ে ২৫৬ রান সংগ্রহ করে বাংলাদেশ। তানজিদ তামিম ৪৩ বলে ৫১ ও লিটন ৮২ বলে ৬৬ রান করেন। ভারতের পক্ষে জসপ্রীত বুমরাহ, মোহাম্মদ সিরাজ ও রবীন্দ্র জাদেজা নেন ২টি করে উইকেট। ২৫৭ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ভারতকে উড়ন্ত সূচনা এনে দেন রোহিত শর্মা ও শুভমান গিল। আগ্রাসী ব্যাটিংয়ে উদ্বোধনী জুটিতে ৮৮ রান সংগ্রহ করেন এই দুই ব্যাটার। এরপর ৫৫ বলে ৫৩ রান করে আউট হন রোহিত। তার বিদায়ের পর ক্রিজে আসা বিরাট কোহলিকে সঙ্গে নিয়ে রানের চাকা সচল রাখেন গিল।

তবে দলীয় ১৩২ রানে ৪০ বলে ৪৮ রান করে সাজঘরে ফিরে যান গিল। এরপর ক্রিজে আসা শ্রেয়াস আইয়ারকে সঙ্গে নিয়ে ৪৬ রানের জুটি গড়ে ভারতের জয়ের ভীত গড়ে দেন কোহলি। দলীয় ১৭৮ রানে ২৫ বলে ১৯ রান করে আউট হন আইয়ার। এরপর ক্রিজে আসা লোকেশ রাহুলকে সঙ্গে নিয়ে ৫১ বলে বাকী থাকতে দলের জয় নিশ্চিত করে মাঠ ছাড়েন কোহলি। রাহুল ৩৪ বলে ৩৪ ও কোহলি ৯৭ বলে ১০৩ রানে অপরাজিত থাকেন। বাংলাদেশের পক্ষে মেহেদি হাসান মিরাজ ২টি ও হাসান মাহমুদ নেন ১টি উইকেট।

তামিমকে বাড়ি থেকে বের করে দিয়েছিলেন তার বাবা



স্পোর্টস ডেস্ক: বিশ্বকাপ খেলছেন না তামিম ইকবাল। দেশসেরা ওপেনারের অনুপস্থিতিতে 'ওপেনিং পেয়ার' জটিলতায় পড়েছিল বাংলাদেশ। বিসিবি নির্বাচকদের সেই দুশ্চিন্তা কিছুটা হলেও কমেছে বাংলাদেশ-ভারত ম্যাচের পর। পরীক্ষিত লিটন কুমার দাসের সঙ্গী হয়ে ওপেনিংয়ে ছন্দ দেখান তানজিদ হাসান তামিম। নবাগত এই টাইগার ব্যাটার শৈশবে ক্রিকেটের জন্য বাড়ি ছাড়াও হয়েছিলেন। গত আগস্টে এশিয়া কাপে আন্তর্জাতিক অভিষেক হয় তানজিদ হাসান তামিমের। বিশ্বকাপে তামিম ইকবালের জায়গায় ২২ বছর বয়সী এই ক্রিকেটারকে নেয় বিসিবি। বিশ্বকাপে বাংলাদেশের প্রথম দুই ম্যাচে সুবিধা করতে পারেননি এই বাঁহাতি ওপেনার। ইংল্যান্ডের বিপক্ষে ১ রানে আউট হওয়ার পর নিউজিল্যান্ড ম্যাচে ১৬ রানে ক্রিজ ছাড়েন তানজিদ তামিম। তবে ভারতের বিপক্ষে খোলস ছাড়িয়ে বেরিয়ে আসেন তিনি। ৪৩ বলে ৫ চার ও ৩ ছক্কায় ৫১ রানের দুর্দান্ত ইনিংস খেলেন। ভারত ম্যাচের পর ক্রীড়া মাধ্যম ইএসপিএন ক্রিকইনফোর সঙ্গে নিজের ক্রিকেটার হওয়ার অভিজ্ঞতা শেয়ার করেন তামিম। তিনি বলেন, 'আমার বাবা বগুড়ায় সরকারি চাকরি করতেন। সেই সুবাদে পড়াশোনার জন্য আমি এবং আমার বোন (সপরিবারে) সেখানে চলে যাই।'

বাল্যকালে ক্রিকেট পাগল তামিমকে খেলতে দেখা পছন্দ করতেন না তার বাবা। তামিম বলেন, 'ক্রিকেটে আমার খুব ঝোঁক ছিল। (ক্রিকেট খেলার জন্য) একদিন আমার বাবা আমাকে বাড়ি থেকে বের করে দিয়েছিলেন। আমি কেবল ক্রিকেট খেলে বাড়িতে ফিরেছিলাম। তখনই তিনি আমায় ধমকানো শুরু করেন এবং এক পর্যায়ে বের করে দেন।'

তানজিদ বলেন, 'আমার বাবা ভাবতেন, খেলাধুলা আমার পড়াশোনার ক্ষতি করবে। তিনি বলতেন, 'তোমার মতো ছেলের দরকার নেই আমার। আমি তোমায় এখানে পড়াশোনা করতে এনেছি আর তুমি ক্রিকেট খেলে সময় নষ্ট করছো।'

যদিও একটা সময় তানজিদ নিজের বাবাকে বোঝাতে সমর্থ্য হন যে, ক্রিকেটেই ক্যারিয়ার গড়তে চান তিনি। এরপরই বগুড়া থেকে ১০৪ কিলোমিটার দূরে অবস্থিত বাংলা ট্র্যাক ক্রিকেট একাডেমিতে তাকে ভর্তি করে দেয়া হয়। এরপর ঢাকা ফার্স্ট ডিভিশন ক্রিকেট লীগে নিজের প্রথম মৌসুমেই নজর কাড়েন তানজিদ। এরপর অনূর্ধ্ব-১৯ দলে জায়গা করে নেন তিনি। যুব বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ৮৪ বলে ৮০ রানের দুর্দান্ত ইনিংস খেলে বিসিবি নির্বাচকদের নজরে আসেন তামিম। তামিম ইকবালের সঙ্গে শুধু নাম নয়; আরো দুটো বিষয়ে মিল রয়েছে তানজিদ তামিমের। ব্যাটিং পজিশন এবং স্টাইল, দুটোই তামিমের মতো করেন তানজিদ। তবে দুই জনের নামের মিলটা কাকতালীয় বললেন তিনি। তানজিদ বলেন, 'আমার বাবা-মা আমার ছদ্মনাম তামিম রাখেন। শৈশবে যখন ক্রিকেট খেলা শুরু করি তখন আমি তামিম ভাই সম্পর্কে জানতে পারি। তামিম ভাইয়ের এবং আমার একই নাম হওয়ায় খুব ভালো লাগতো। আমিও তার মতো ওপেনে খেলি। তবে আমার বাবা-মা তামিম ভাইয়ের সঙ্গে মিলিয়ে আমার নাম রাখেননি।'



মানুষ ভোট দিতে উন্মুখ কিন্তু ভোট হবে কি?

(৫ পাতার পর)

মানোত্তীর্ণ নির্বাচন অনুষ্ঠান সম্ভব নয়।

তা ছাড়া মেরুদন্ডহীন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান দিয়ে কোনো মহৎ উদ্যোগকে যেমন সাফল্যের দ্বারপ্রান্তে পৌঁছে দেয়া সম্ভব হয় না, তেমনি দেশের বর্তমান পিঠের দাঁড়াহীন ইসি দিয়েও ভালো নির্বাচন করানোর আশা করা বাতুলতা মাত্র যে ইসি আইন করে নিজেদের ক্ষমতা বিসর্জন দেয়; অর্থাৎ তারা বিধান করে নিজেদের ক্ষমতা সরকারের হাতে তুলে দিয়েছে। নিশ্চয়ই কর্তার ইচ্ছাতেই কীর্তন গেয়েছে ইসি। এখন এমন 'ঢাল তলোয়ারহীন নিধিরাম সর্দার'দের দিয়ে কি যুদ্ধে জেতা সম্ভব? আসন্ন নির্বাচনকে সবাই বলছে, এটি দেশের অস্তিত্বের সাথে জড়িত এক যুদ্ধ। এখানে কোনো পরীক্ষা-নিরীক্ষার অবকাশ নেই।

জাতি এখন গণতন্ত্রের জন্য লড়াই শুরু করেছে। তাতে তাদের সুহৃদ যেমন দেশের সব মানুষ, তেমনি বিশ্বের সব গণতান্ত্রিক দেশের মানুষ, তাদের সরকারও এই আন্দোলনের বড় সম্পদ। তার পরও আত্মশক্তির কোনো বিকল্প নেই। সবাই জানেন, এ তুফান ভারী/নিতে হবে তরী পার। তাই মাঝি-মাল্লাদের সতর্ক থাকতে হবে। চতুর্দিক থেকে বিষবাষ্প প্রবাহিত হচ্ছে। এর মধ্যেই এগিয়ে যেতে হবে অতি সন্তর্পণে। কেননা প্রতিপক্ষ কোনোক্রমেই মাথা নত করতে প্রস্তুত নয়। ধৈর্যই হবে আন্দোলনকারীদের বর্ম।

প্রতিপক্ষ শক্তির সৃষ্ট অনেক সঙ্কটের মধ্যে সব বড় সমস্যা হলো তারা যা চাচ্ছে তার পেছনে নীতি-নৈতিকতার কোনো বালাই নেই। কেননা তারা জনগণের মৌলিক অধিকারকেই শুধু দলিত-মথিত করে চলছে না, মানুষের বেঁচে থাকার জন্য খাদ্যসহ আর যা কিছু দরকার তার সব কিছুর মূল্য এখন আকাশচুম্বী। কেননা ক্ষমতাসীনদের অপর এক সারথি সিন্ডিকেটের কারসাজিতে সব কিছুর মূল্যই এখন সাধারণের ধরা ছোঁয়ার বাইরে। মানুষের লুণ্ঠিত এসব অধিকার ফিরিয়ে দিতে হবে। এর অর্থ হচ্ছে, মানুষের জন্য সব নিত্যপণ্য সহজলভ্য করার দৃঢ়প্রত্যয়। সেটা আন্দোলনকারীদের আরেক নৈতিক ভিত্তি। আরো বলার আছে; দেশে গত ১৫ বছরে যে বৈষম্য তৈরি হয়েছে বলে মনে করেন, সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) তার সম্মানীয় ফেলো ও নাগরিক প্ল্যাটফর্মের আহ্বায়ক ড. দেবপ্রিয় ভট্টাচার্য। তিনি বিগত বছরে পিছিয়ে পড়া মানুষেরা শিক্ষা স্বাস্থ্য ও ভোগের ক্ষেত্রে অগ্রগামী হতে পারেনি বলে মনে করেন। উন্নয়নে তাদের অন্তর্ভুক্ত করা হয়নি। বৈষম্য শুধু সম্পদের বৈষম্য নয়। এখানে ভোগ বেড়েছে; তবে বঞ্চিতরা তার ভাগ পায়নি। বাংলাদেশে দৃশ্যমান উন্নয়ন হচ্ছে। আমরা এগিয়েছি; সন্দেহ নেই। কিন্তু যেসব মানুষ বিপন্ন অবস্থায় আছে, তাদের কাছে সঠিকভাবে পৌঁছাতে পারেনি উন্নয়ন। এসব ব্যত্যয় দূর করার প্রত্যয় ঘোষণার মধ্যেই আন্দোলনকারীতে নৈতিক বল বিদ্যমান।

শেষ কথা হচ্ছে, সুষ্ঠু নির্বাচন হলেই এসব সঙ্কট-সমস্যা দূরীভূত হতে পারে। প্রশ্ন, সেই ভালো নির্বাচনের পরিবেশ দেশে সৃষ্টি হতে দেবে কি না ক্ষমতাসীনরা। অতি সাম্প্রতিক তাদের বক্তব্য বিবৃতি কিন্তু সুষ্ঠু পরিবেশ সৃষ্টির ঠিক বিপরীত। যেমন সরকারি দলের পক্ষ থেকে বলা হচ্ছে, মির্জা ফখরুলকে ঢাকায় ঢুকতে দেয়া হবে না, ফখরুলের মাথায় ইউরেনিয়াম ঢেলে দেয়া হবে। এমনও বলা হয়েছে 'তাদের (প্রতিপক্ষদের) ঢাকায় দাঁড়াতে দেয়া হবে না। এসব কথা কিসের ইঙ্গিত বহন করে? তবে কি সরকারি দল নির্বাচন বানচাল করতে চাচ্ছে! নির্বাচন হতে দেবে না?

গাজায় নিহতের সংখ্যা বেড়ে ৪৬৫১

(প্রথম পাতার পর)

'মহাসাগরে এক ফোঁটা পানির' মতো।

এদিকে অবরুদ্ধ গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় রোববার জানিয়েছে, ইসরায়েলের চলমান বোমাবর্ষণের কারণে গাজায় নিহতের সংখ্যা বেড়ে চার হাজার ৬৫১ জনে দাঁড়িয়েছে, যার মধ্যে এক হাজার ৮৭৩ শিশুও রয়েছে। পাশাপাশি আহতের সংখ্যা বেড়ে ১৪ হাজার ২৪৫ হয়েছে। এ ছাড়া ৭ অক্টোবর থেকে গাজায় ইসরায়েলী হামলায় নিহতদের মধ্যে এক হাজার ২৩ জন নারী রয়েছে বলেও এক বিবৃতিতে মন্ত্রণালয়ের মুখপাত্র আশরাফ কুদরা জানিয়েছেন।

গত ৭ অক্টোবর থেকে ইসরায়েলী বোমাবর্ষণ ও অবরোধের মাধ্যমে গাজায় সংঘাত শুরু হয়েছিল। সেদিন হামাস গাজার সীমান্ত ভেঙে ইসরায়েলে প্রবেশ করে নজিরবিহীন হামলা চালায়। এরপর থেকে গাজায় ইসরায়েল প্রতিশোধমূলক হামলা চালাচ্ছে। হামাসের হামলায় এখন পর্যন্ত এক হাজার ৪০০ জনেরও বেশি নিহত হয়েছে। এদিকে গাজা একটি ভয়ানক মানবিক সংকটের সম্মুখীন হচ্ছে। সেখানে বিদ্যুৎ নেই। পানি, খাদ্য, জ্বালানি ও চিকিৎসা সরবরাহও শেষ হয়ে যাচ্ছে। এমন পরিস্থিতিতে শনিবার মিসর থেকে মানবিক ত্রাণবাহী ২০টি ট্রাক গাজা উপত্যকায় প্রবেশ করে। ৭ অক্টোবর ইসরায়েল ও ফিলিস্তিনী সশস্ত্র গোষ্ঠী হামাসের মধ্যে যুদ্ধ শুরু হওয়ার পর এটি ছিল গাজায় প্রথম সহায়তা বিতরণ।

অপরদিকে ইসরায়েলী সামরিক বাহিনী এক বিবৃতিতে দাবি করেছে, 'সম্ভাব্য সন্ত্রাসী হামলা' ঠেকিয়ে দিতে মসজিদে হামলা চালানো হয়েছে। মসজিদটিকে হামাস ও ইসলামিক জিহাদের সদস্যরা ইসরায়েলে হামলার পরিকল্পনা করতে কমান্ড সেন্টার হিসেবে ব্যবহার করছিল বলে দাবি করেছে ইসরায়েলি সামরিক বাহিনী। বিবিসির খবরে বলা হয়েছে, ইসরায়েল গাজার অধিবাসীদের নিরাপদে সরে যাওয়ার জন্য বলে সতর্কতার জারি করলেও পশ্চিম তীরের জন্য তা করেনি।

গত ৭ অক্টোবর ফিলিস্তিনী মুক্তি আন্দোলনের সশস্ত্র গোষ্ঠী হামাস ইসরায়েলে হামলা চালায়। এর জবাবে ইসরায়েলের পাল্টা হামলায় ১৫ দিন ধরে তছনছ গাজা। অবরুদ্ধ উপত্যকাটিতে খাবার, পানি, জ্বালানি ও চিকিৎসা সরঞ্জামের জন্য চলছে হাহাকার। এ অবস্থায় স্থানীয় বাসিন্দাদের জন্য ত্রাণ নিয়ে মিসর সীমান্তে অপেক্ষায় ছিল বহু ট্রাক। তবে ইসরায়েলের অসম্মতি ও হামলার কারণে সীমান্ত খুলে দেওয়া যায়নি। সম্প্রতি যুক্তরাষ্ট্র ও মিসরের মধ্যে একটি চুক্তিতে প্রতিদিন ত্রাণবাহী ২০টি ট্রাক গাজায় প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে।

শনিবার ত্রাণ হিসেবে গাজায় পৌঁছায় খাবার ও চিকিৎসা সরঞ্জাম। ইসরায়েলের বাধায় এই সহায়তার মধ্যে কোনো জ্বালানি ছিল না। অথচ হাসপাতালগুলো সচল রাখতে এ জ্বালানি হয়ে পড়েছে অপরিহার্য। অপ্রতুল ত্রাণ নিয়ে হতাশা প্রকাশ করেছেন ফিলিস্তিনের কর্মকর্তারা। তাঁরা বলেছেন, সংঘাত শুরু হওয়ার আগে গাজার বাসিন্দারা প্রতিদিন যে সহায়তা পেতেন, তার মাত্র ৩ শতাংশ রোববার সেখানে প্রবেশ করেছে।

আর গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, ত্রাণ থেকে জ্বালানি বাদ দেওয়ার অর্থ, ইসরায়েলের হামলায় আহত ও অন্য রোগীদের জীবন আগের মতোই ঝুঁকিতে থেকে যাবে। কারণ, গাজার হাসপাতালগুলোয় বিদ্যুৎ সরবরাহের মতো জ্বালানি নেই।

গাজার বাসিন্দাদের হাতে এ ত্রাণ পৌঁছে দেওয়ার দায়িত্ব পেয়েছে জাতিসংঘ। ত্রাণের অপ্রতুলতায় হতাশা প্রকাশ করেছেন জাতিসংঘের ফিলিস্তিনী শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনআরডব্লিউএর কর্মকর্তা জুলিয়েট টোউমা। শনিবার তিনি বলেন, গাজায় প্রবেশের জন্য রাফাহ ক্রসিংয়ে যে ত্রাণ অপেক্ষা করছে, তা 'মহাসাগরে এক ফোঁটা পানির' মতো। জাতিসংঘের কর্মকর্তারা বলছেন, গাজায় প্রতিদিন অন্তত ১০০ ট্রাক ত্রাণসহায়তা প্রয়োজন। সংঘাত শুরুর আগে প্রতিদিন গড়ে ৪৫০ ট্রাক ত্রাণ পেতেন গাজাবাসী।

এদিকে গাজায় অব্যাহত হামলার প্রতিবাদে দেশে দেশে চলছে সাধারণ মানুষের বিক্ষোভ। শনিবার ফিলিস্তিনীদের সমর্থনে যুক্তরাজ্যের লন্ডনে বিশাল মিছিলের আয়োজন করা হয়। লন্ডন পুলিশ জানিয়েছে, মিছিলে প্রায় এক লাখ মানুষ অংশ নেন। মিছিলে ফিলিস্তিনের স্বাধীনতা চেয়ে স্লোগান দিতে দেখা গেছে।

ত্রাণ সরবরাহের মধ্যেই বোমাবর্ষণ

গাজায় যখন ত্রাণ সরবরাহ চলছিল, তখনো হামলা থামায়নি ইসরায়েলি বাহিনী। ত্রাণ সরবরাহের সময় রাফাহ ক্রসিংয়ের কাছে একটি ভবন তাদের হামলায় ধ্বংসস্তূপে পরিণত হয়। এতে ত্রাণ সরবরাহে বাধা পড়ে। এ ছাড়া আগের দিন শুক্রবার রাতভর ও শনিবার দিনেও দফায় দফায় ইসরায়েলি বোমায় কেঁপে উঠেছে গাজা। অপর দিকে ইসরায়েলের তেল আবিবে হামলা চালানো হয়েছে বলে জানিয়েছে হামাস।

শনিবার ত্রাণ সরবরাহ শুরুর পর স্বস্তি প্রকাশ করেন রাফাহ ক্রসিংয়ের দুই প্রান্তের মানুষ। তবে এ খবর শুনে মোটেও খুশি হননি গাজার অনেক বাসিন্দা। তাঁদের কথা, খাবার নয়, যুদ্ধবিরতি চান তাঁরা। অশ্রুসিক্ত এমনই একজন নারী বলেন, ঘুমের মধ্যে তাঁদের ওপর বোমা ফেলা হচ্ছে। নিষ্পাপ শিশু, তাদের বাবা-দাদা- এই মানুষগুলোর দোষ কী? তারা কি রকেট ছুড়ছে? গুলি চালিয়েছে? শিশুরা তো কিছু করেনি।

ইসরায়েলের হামলায় শুক্রবার রাতেই মৃত্যু হয় গাজার ৪৬ বাসিন্দার। স্থানীয় স্বাস্থ্য মন্ত্রণালয় বলছে, সংঘাত শুরুর পর থেকে শনিবার পর্যন্ত উপত্যকাটিতে নিহত হয়েছেন ৪ হাজার ৩৮৫ জন। তাঁদের মধ্যে ১ হাজার ৭৫৬ শিশু। নারী ৯৬৭ জন। আহত ১৩ হাজার ৫৬১ জন। অপর দিকে ইসরায়েলে হামাসের হামলায় এখন পর্যন্ত নিহত হয়েছেন ১ হাজার ৪০০ জনের বেশি।

মাইগ্র্যান্টরা ৬০ দিন থাকতে পারবে

(প্রথম পাতার পর)

থাকতে পারবে। শিশুদের সাথে নিয়ে আসা এই আশ্রয়প্রার্থীদের জন্য বিশেষ ব্যবস্থা করে এমনকি হোটেল কক্ষে রাখা হলেও, কর্তৃপক্ষ বলছে, দ্রুতই তাদের এসব কেন্দ্র ছাড়তে হবে। নিজেদের আশ্রয় তাদের নিজেদেরই খুঁজে নিতে হবে। নগর বলছে, নতুন নতুন আশ্রয়প্রার্থী এসে ভিড় করার কারণেই পুরোনোদের বেশিদিন ধরে এসব কেন্দ্রে রাখা সম্ভব হচ্ছে না।

সিটি মেয়র এরিক অ্যাডামস এসব ঘোষণা দিয়েছেন। তিনি বলেন, মাইগ্রান্ট পরিবারগুলো নিউইয়র্কে পৌঁছানোর পরপরই তাদের সাময়িক আশ্রয়ের ব্যবস্থা ৬০ দিনের জন্য সীমিত, সেটি জানিয়ে দেওয়া হবে। সংবাদ বিজ্ঞপ্তিতে এরিক অ্যাডামস বলেন, তবে আশ্রয়প্রার্থীরা যাতে দ্রুত নিজেদের ব্যবস্থা করে নিতে পারেন, এবং একই সঙ্গে তাদের আশ্রয় নেওয়ার জন্য পর্যাপ্ত ব্যবস্থা থাকে সে লক্ষ্যে মেয়র অফিস কাজ করে যাবে।

মেয়র অ্যাডামস বলেন, নীতিগত এই পরিবর্তন আনতে তারা বাধ্য হলেন, কারণ নতুনদের আশ্রয় দেওয়ার জন্য আর একটি স্থানও ফাঁকা নেই। অথচ প্রতিদিন ৬০০ করে নব্য আশ্রয়প্রার্থী নগরে এসে পৌঁছাচ্ছে। অ্যাডামস আরও জানিয়েছেন যে, ফ্লয়েড বেনেট ফিল্ডে এরই মধ্যে ৫০০ অভিবাসী পরিবারের স্থান সংকুলানের ব্যবস্থা করা হয়েছে। এই সময়ের মধ্যে ৬৪ হাজার ১০০ জন আশ্রয়প্রার্থীকে সিটি কেয়ারের আওতায় নেওয়া হয়েছে। আরও হাজার হাজার এখনো বাকি রয়েছেন। আর প্রতিদিন এসে পৌঁছাচ্ছেন আরও অনেকে।

আ.লীগ-বিএনপি'র হুঙ্কারে কাঁপছে দেশ

(প্রথম পাতার পর)

আন্দোলনের সমমনা দলগুলো মহাসমাবেশ ডেকেছে। বিএনপির মহাসচিব ঘোষণা দিয়েছেন 'ওই দিন জনগণের ভোটের অধিকার আদায়ে আন্দোলনের মহাযাত্রা শুরু হবে'। বিএনপি মহাসচিবের এ ঘোষণার পর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের পাল্টা ঘোষণা দিয়েছে, 'ওই দিন তাদেরও মহাযাত্রা শুরু হবে, বিএনপি ঢাকা অবরোধের চেষ্টা করলে পাল্টা আওয়ামী লীগও অবরোধ করবে, বিরোধী দলকে বসতেই দেয়া হবে না।' আইনশৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে শান্তিশৃঙ্খলা রক্ষায় (তাদের ভাষায়) তারাও প্রস্তুত।

আসন্ন ওই দিনের ঢাকায় কর্মসূচির উত্তেজনা রাজধানী ছেড়ে সারাদেশে ছড়িয়ে পড়েছে। এমনকি দিনটিতে কী ঘটে তা দেখার জন্য যুক্তরাষ্ট্রসহ বিশ্বের প্রভাবশালী দেশগুলো সজাগ দৃষ্টি রাখছে। গতকাল আওয়ামী লীগের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, ২৮ অক্টোবর ঢাকায় 'শান্তি ও উন্নয়ন সমাবেশ' করবে আওয়ামী লীগ। ২৮ অক্টোবর নিয়ে হুংকার পাল্টা হুংকার, স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের শঙ্কা প্রকাশ, আইনশৃঙ্খলা বাহিনীর প্রস্তুতি মানুষের মধ্যে উদ্বেগ-উৎকণ্ঠা শুরু হয়ে গেছে। সবার মধ্যে শঙ্কা ক্ষমতাসীন আওয়ামী লীগ ও মাঠের বিরোধী দল বিএনপির রাজপথ দখলের হুঙ্কারের পরিণতি কি ঘটবে? কারণ ২৮ অক্টোবর তারিখটি দেশের মানুষের জন্য এক হৃদয়বিদারক কলঙ্কিত ইতিহাসের দিন। ২০০৬ সালের ২৮ অক্টোবর দেশের রাজনীতির ইতিহাসে রক্তাক্ত এক কলঙ্কজনক অধ্যায় রচিত হয়েছিল। ২০০৬ সালের সেই দিন লগি-বৈঠার তা-বের অমানবিক দৃশ্যটি মানুষ দেখেছে। বায়তুল মোকাররমের উত্তর গেইটে প্রকাশ্য দিবালোকে লগি-বৈঠা দিয়ে তরতাজা তরুণদের পিটিয়ে নৃশংসভাবে হত্যা করে নারকীয় উল্লাসের দৃশ্য এখনো মানুষের চোখে ভাসছে। লগি-বৈঠা দিয়ে পৈশাচিক হামলা চালানো ইতিহাসের নজিরবিহীন ঘটনা ঘটেছিল। লগি, বৈঠা, লাঠি, পিস্তল ও বোমা হামলা চালিয়ে দিনে দুপুরে জনারণ্যে মানুষ খুন করা হয়েছে। পিটিয়ে পিটিয়ে হত্যার পর মৃতের রক্তাক্ত লাশের ওপর লাফিয়ে লাফিয়ে উল্লাস নৃত্য করার ঘটনা শত শত ক্যামেরা আর হাজার হাজার মানুষের সামনে ঘটেছে।

আগামী ২৮ অক্টোবর নিয়ে দেশের মানুষের উদ্বেগ-উৎকণ্ঠার মতোই ঢাকায় বসবাসরত বিদেশিদের মধ্যেও ছড়িয়ে পড়েছে। তারা নিজেদের শঙ্কার কথা প্রকাশ করছে সরকারের দায়িত্বশীলদের কাছে। রোবার আমেরিকান রাষ্ট্রদূত পিটার ডি হাস সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের সঙ্গে দেখা করেন। এ সময় তিনি জানতে চান আগামী ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশে সড়ক বন্ধ করা হবে কিনা। স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, 'আমাদের এ ধরনের পরিকল্পনা নেই'। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতই নয় ঢাকায় কর্মরত ইউরোপীয় ইউনিয়নভুক্তদেশসহ অধিকাংশ কূটনীতিক উদ্বেগে রয়েছেন বলে জানা গেছে। ডিএমপির অতিরিক্ত কমিশনার (গোয়েন্দা) হারুন অর রশীদ রোববার সংবাদ সম্মেলন করে জানিয়েছেন, বিএনপি মহাসমাবেশকে ঘিরে কোনো নাশকতা বা অঘটন ঘটার শঙ্কা নেই। তবে যদি ঘটে সে আশঙ্কা থেকেই পুলিশের পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা থাকবে। তিনি বলেন, চেকপোস্ট বসানো রুটিন ওয়ার্ক। অনেক বহিরাগত ঢাকায় এসে যেন কোনো নাশকতা ঘটাতে না পারে অথবা কেপিআইগুলোতে যাতে কোনো হামলা করতে না পারে সে বিষয়ে আমরা রুটিন মাফিক কাজ করি। রাজধানীতে বেশি চেকপোস্ট থাকায় ও অনেক অভিযান পরিচালনার কারণে ঢাকার পরিবেশ অনেক সুন্দর ও নিরাপদ। মানুষজন স্বাচ্ছন্দ্যে চলাচল করতে পারছে। আমরা অনেক ছিনতাইকারী, ডাকাত গ্রেপ্তার করছি।

২০১৪ ও ২০১৮ সালের পাতানো নির্বাচনের পর নির্দলীয় সরকারের অধীনে নির্বাচনের দাবি কার্যত জনদাবিতে পরিণত হয়েছে। দেশের বুদ্ধিজীবী, সুশীল সমাজ থেকে শুরু করে বেশির ভাগ রাজনৈতিক দল চায় নির্দলীয় সরকারের অধীনে নির্বাচন। প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল বলেছেন, দেশে নিরপেক্ষ নির্বাচনের পরিবেশ সৃষ্টি হয়নি। নির্বাচন কমিশন ফেরেস্তা নয় যে লাখ লাখ কেন্দ্র পাহারা বসাবে। তার এ বক্তব্যে প্রমাণ মেলে সাংবিধানিক প্রতিষ্ঠানটি এখনো সরকার নিয়ন্ত্রণ করছে। রোববারও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'জাতীয় নির্বাচনের তফসিল হবে নভেম্বরের মাঝামাঝি বা তার আগে আর নির্বাচন হবে জানুয়ারীর প্রথম সপ্তাহে।' আওয়ামী লীগের এই নেতার বক্তব্যে প্রমাণ মেলে দলীয় সরকারের অধীনে ভোট হলে ফলাফল কেমন হবে। কারণ খেলার (নির্বাচন) একটি পক্ষ হয়ে তিনি রেফারির মতো খেলার সময় নির্ধারণ করতে পারেন কি? যে কোনো জাতীয় নির্বাচন কখন হবে তা কেবল জানবে নির্বাচন কমিশন। কখন তফসিল ঘোষণা করা হবে এবং ভোট হবে সেটা তাদের কাজ। সরকারি দলের নেতা যদি নির্বাচনে তফসিলের তারিখ ঠিক করে দেন তাহলে ভোটে কি ফলাফল হবে?

বিএনপিসহ এক দফার দাবির আন্দোলনরত দলগুলোতে কার্যত ২৮ অক্টোবর ঘিরে সাজ সাজ অবস্থা। দলগুলো চায় জনগণের ভোটের অধিকার নিশ্চিত করতে নির্দলীয় সরকারের অধীনে নির্বাচনের বিকল্প নেই। ওই দিন ঢাকায় বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে বড় মহাসমাবেশ করতে চায় বিএনপি। এজন্য দলটি ইতোমধ্যে সকল ধরনের প্রস্তুতি নিতে শুরু করেছে। সমাবেশকে সামনে রেখে দলটির শীর্ষ নেতারা ধারাবাহিকভাবে সাংগঠনিক বৈঠক করছেন। পাশাপাশি সারা দেশে জেলা এবং বিভাগীয় শহর সফর করছেন। এসব সফরে জেলা ও বিভাগীয় শহরের শীর্ষ নেতাদের সমাবেশের জন্য সর্বোচ্চ প্রস্তুত থাকার নির্দেশনা দেয়া হচ্ছে এবং চূড়ান্ত আন্দোলনের বার্তা পৌঁছে দেয়া হচ্ছে। অতীতে আইনশৃঙ্খলা বাহিনী বাস আটকোনো, পরিবহণ মালিক সমিতির সরকারের কথায় বাস ধর্মঘট ইত্যাদি বিষয়ে বিগত দিনগুলোর অভিজ্ঞতা মাথায় রেখে সিদ্ধান্ত নেয়ার নির্দেশনা দেয়া হয়েছে। মহাসমাবেশ থেকে পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হতে পারে। এজন্যও নেতাকর্মীদের প্রস্তুত থাকতে বলা হচ্ছে। তবে এই কর্মসূচি এখনো চূড়ান্ত হয়নি। সমাবেশের এক থেকে দুইদিন আগে কর্মসূচি নির্ধারণ করা হবে। তাই বিএনপির হাই কামান্ডের নির্দেশ পাওয়া মাত্রই যাতে নেতাকর্মীরা কর্মসূচিতে অংশ নিতে পারেন তেমন প্রস্তুতি নিতে বলা হচ্ছে। রোববার বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, '২৮ অক্টোবর কমসূচি শেষে যে যার জায়গায় ফিরে যাবে এবং পরবর্তী কর্মসূচি ঘোষণা করা পর্যন্ত অপেক্ষা করতে হবে। ওই দিন বসে পড়ার মতো কোনো কর্মসূচি দেওয়া হবে না।' কিন্তু ক্ষমতাসীন আওয়ামী লীগ মনে করছে বিএনপি ২৮ অক্টোবর সরকারের পতন ঘটাতে ঢাকার রাজপথে বসে পড়বে। যা সরকারকে বিপদে ফেলতে পারে। সে কারণেই ওবায়দুল কাদের কয়েকদিন আগে হুঙ্কার দিয়ে বলেছেন, 'বিএনপি যদি ২৮ অক্টোবর ঢাকায় বসে পড়ে তাহলে ২০১৩ সালে শাপলা চত্বরে হেফাজতের যে পরিণতি করা হয়েছিল তাদের সেই পরিণতি ভোগ করতে হবে।' তার এই হুমকির মাধ্যমে তিনি কার্যত স্বীকার করে নিলেন যে, ওই সময় শাপলা চত্বরে রাতের আঁধারে সরকার মাদরাসার নিরীহ ছাত্রদের ওপর ঝাঁপিয়ে পড়েছিল এবং অনেকে প্রাণ হারিয়েছে।

রোববারও আওয়ামী লীগের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ২৮ অক্টোবর বায়তুল মোকাররম দক্ষিণ গেটে শান্তি ও উন্নয়ন সমাবেশ করবে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগ। ওই দিন দুপুর ২ টায় এ সমাবেশ অনুষ্ঠিত হবে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত শনিবার ঢাকা মহানগর দক্ষিণ ও উত্তর আওয়ামী লীগের শান্তি ও উন্নয়ন সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

২০২১ সালের ১০ ডিসেম্বর র‍্যাবের ওপর যুক্তরাষ্ট্র নিষেধাজ্ঞা জারির পর বিএনপি মাঠের রাজনীতি করার সুযোগ পায়। ২০২২ সালের মাঝামাঝি সময় থেকে বিএনপি জেলা, ৮ বিভাগীয় শহর সমাবেশ করে। লাখ লাখ জনতা সে সমাবেশগুলোতে উপস্থিত হন। পরে যুব সমাবেশ, তরুণ সমাবেশ, পেশাজীবী সমাবেশ, পথযাত্রা নানা কর্মসূচি পালন করে। প্রতিটি কর্মসূচিতে হাজার হাজার লাখ লাখ লোকের সমাগম ঘটে। রাজধানী ঢাকায় কয়েকটি পদযাত্রা কর্মসূচি পালন করে। প্রতিটি কর্মসূচির দিন ক্ষমতাসীন আওয়ামী লীগ 'শান্তি সমাবেশ' করে। ওই সব শান্তি সমাবেশগুলোর প্রথম দিকে অশান্তি সৃষ্টি করা হয়। শান্তি সমাবেশের নামে বিএনপির লোকজনকে ঠেকাতে পথে পথে প্রহরা, লাঠি নিয়ে দাঁড়িয়ে থাকা এবং কোথাও কোথাও বিএনপির নেতাকর্মীদের ওপর হামলা করা হয়।

বিএনপি ইতোমধ্যেই ঘোষণা দিয়েছে, ২৮ অক্টোবর মহাসমাবেশে ব্যাপক জনসমাগম ঘটাবে। তবে তারা ওই দিন রাজপথে বসে পড়বে না। সেদিন নতুন কর্মসূচি ঘোষণা করা হবে। কিন্তু আতঙ্কিত ক্ষমতাসীন আওয়ামী লীগের নীতি নির্ধারকদের শঙ্কা ২৮ অক্টোবর বিএনপি ঢাকা অবরোধ করতে পারে। সে জন্যই তারাও শান্তি সমাবেশের ঘোষণা দিয়েছেন। বর্তমান সরকারের মেয়াদ প্রায় শেষ পর্যায়ে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় ঘনিয়ে আসছে। ফলে মুখোমুখি অবস্থান নেয়া ক্ষমতাসীন আওয়ামী লীগ ও মাঠের বিরোধী দল বিএনপি কারোই হাতে সময় নেই। ফলে বিএনপি নতুন কর্মসূচি দেয়ার আগেই ক্ষমতাসীনদের মধ্যে উদ্বেগের সৃষ্টি হয়েছে। ফলে বিএনপিকে ঠেকাতে শান্তি সমাবেশের নামে লাঠি নিয়ে মোড়ে মোড়ে প্রহরা বসায় কিনা তা নিয়ে শঙ্কা রয়ে যাচ্ছে। ২৮ অক্টোবর নিয়ে ক্ষমতাসীন আওয়ামী লীগ ও মাঠের বিরোধী দল বিএনপির মহাপ্রস্তুতি এবং আইন শৃঙ্খলা বাহিনীর চেকপোস্ট বসানো ইত্যাদি জানতে পেরেই পিটার হাস স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে ওই দিন রাস্তা বন্ধ হবে কিনা জানতে চেয়েছেন। তবে দুই দলের উত্তেজনার মধ্যেই ২৮ অক্টোবর কি ঘটে সেদিকে নজর রাখছে আন্তর্জাতিক মহল।

বিশ্বজুড়ে আমেরিকানদের ভ্রমণ সতর্কতা

(প্রথম পাতার পর)

বলেছে, বস্তুত বিশ্বের যে কোনো স্থানেই ভ্রমণ কিংবা অবস্থানরত আমেরিকানদের বিশেষ সতর্কতায় থাকতে হবে।

পররাষ্ট্র দফতর এ বিবৃতিতে বলেছে, বিশ্বের বিভিন্ন অঞ্চলে চলমান অস্থিরতা ও সম্ভাব্য সন্ত্রাসী হামলার আশঙ্কা থেকে এবং বিভিন্ন স্থানে প্রদর্শিত যুক্তরাষ্ট্র বিরোধী বিক্ষোভ থেকে যুক্তরাষ্ট্রের বাইরে অবস্থানরত নাগরিকদের নিজস্ব সুরক্ষার স্বার্থেই এই সতর্কতা জারি করা হলো। এর মাত্র দুই দিন আগে যুক্তরাষ্ট্র তার নাগরিকদের লেবানন সফরে বিরত থাকার আহবান জানান। ইসরাইল ও হেজবুল্লাহর মধ্যে রকেট, মিসাইল ও আর্টিলারি হামলা-পাল্টা হামলার পরিপ্রেক্ষিতে এই সতর্কতা জারি করা হয়।

গত ১৭ অক্টোবর যুক্তরাষ্ট্র বৈরুত থেকে সেখানে অবস্থানরত সকল সরকারি ও নন-ইমার্জেন্সি কাজে নিয়োজিত থাকা আমেরিকানদের সরে আসার নির্দেশ দেন। ইসরাইল ও ফিলিস্তিনের মধ্যে চলমান যুদ্ধের প্রেক্ষাপটে বৈরুতে বিশাল বিক্ষোভ কর্মসূচির পর সেখানকার নিরাপত্তা পরিস্থিতি নাজুক হয়ে পড়ে। বিক্ষোভ এক পর্যায়ে সহিংসতায় রূপ নেয়।

বিক্ষোভকারীরা প্রধান প্রধান সড়কগুলো বন্ধ করে দেয়। বিশেষ করে বৈরুতের যেখানটায় আমেরিকান দূতাবাস সেখানেই এই বিক্ষোভ বেশি প্রদর্শিত হয়। এছাড়া বৈরুত রাফিক হারিরি ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে যাওয়ার পথও বন্ধ করে রাখে বিক্ষোভকারীরা। এ অবস্থায় গোটা মধ্যপ্রাচ্যে অস্থিরতা ছড়িয়ে পড়লে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর গোটা বিশ্বেই আমেরিকানদের জন্য সতর্কতা জারি করে।

ওয়াশিংটনে যুদ্ধবিরোধী বৃহৎ সমাবেশ

(প্রথম পাতার পর)

প্যালেস্টাইন' (এএমপি) শীর্ষক এক বিক্ষোভ সমাবেশে ওয়াশিংটন ডিসি'র টাইস্ট্রেট রাজ্য ও নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের অন্যান্য রাজ্য থেকে বিখোভকারীরা অংশ নেন। 'ফ্রি প্যালেস্টাইন, ফ্রি প্যালেস্টাইন', 'মুক্ত ফিলিস্তিন চাই' ও 'গাজায় বোমাবর্ষণ বন্ধ করো' ইত্যাদি লেখা প্ল্যাকার্ড, ব্যানার, ফেস্টুন নিয়ে বিক্ষোভকারীরা সমাবেশে অংশ নিয়ে গগণবিদারী শ্লোগানে ওয়াশিংটনের আকাম-বাতাসে ধ্বনি তুলেন। বেলা ১২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সমাবেশের মূল কর্মসূচী চলে। তবে সকাল থেকেই বিক্ষোভকারীরা ওয়াশিংটন মনমেন্টের সামনে জড়ো হয়ে বেলা দেড়টার দিকে মিছিলে অংশ নেয়। মিছিলটি সুবিশাল কনস্টিটিউশন এভিনিউ ঘুরে সমাবেশ স্থরে গিয়ে শেষ হয়।

সমাবেশ স্থলের খোলা মঞ্চে বাংলাদেশী মুসলিম কমিউনিটির সবচেয়ে বড় স





হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, **Autism, Autistic,** শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



- বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
- অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

নির্বাচন নিয়ে সংশয় কেন

॥ মোশতাক আহমেদ ॥

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে দেশের সবখানে এখন একই আলোচনা–নির্বাচন কি হবে; হলেও তা কেমন হবে; বিরোধী দল কি নির্বাচনে আসবে; না এলে তা কি আন্তর্জাতিক মহলে গ্রহণযোগ্যতা পাবে–এমন আরও কত! কোনো কোনো ক্ষেত্রে আলোচনার সঙ্গে যোগ হচ্ছে আশঙ্কাও–নির্বাচন না হয়ে অতীতের মতো ১/১১-এর পুনরাবৃত্তি কিংবা জরুরি অবস্থার দিকে দেশ ধাবিত হবে না তো! মানুষের এসব আলোচনা, আশঙ্কা যে একেবারেই কারণহীন, এমনটি কিন্তু নয়। সাধারণত নির্বাচন এলে মানুষ কাকে ভোট দেবে, কাকে দেবে না–এসব নিয়েই আলোচনা হওয়ার কথা। তা না হয়ে চলছে খোদ নির্বাচনের সম্ভাব্যতা নিয়ে জল্পনাকল্পনা; সঙ্গে যোগ হচ্ছে নানা গুজব। এর পেছনে অবশ্য কারণও রয়েছে।

গত দুটি নির্বাচন (২০১৪ ও '১৮) দেশের মানুষের মন থেকে স্বাভাবিকতার প্রায় সব অনুষঙ্গই মুছে দিয়েছে। কাউকে, কোনো কিছুকেই মানুষ বিশ্বাস করতে চায় না। বিশেষ করে কোনো দলীয় সরকারের অধীনে নির্বাচন হতে পারে–এ জিনিসটাই এখন আর কেউ ভাবতে পারে না। এ বাস্তবতায় বিএনপি, গণতন্ত্র মঞ্চ, সিপিবি-বাসদসহ প্রায় সব রাজনৈতিক দল বর্তমান সরকারের অধীনে নির্বাচনে না যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। নির্বাচন কমিশন কর্তৃক আহূত আলোচনাতেও তারা অংশগ্রহণ করেনি। প্রায় দুই বছর ধরেই তারা নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের জন্য আন্দোলন করে আসছে। এদিকে সরকারও পাল্টা কর্মসূচি নিয়ে মাঠে থাকছে। যখনই বিরোধী দল কোনো কর্মসূচির ডাক দিচ্ছে, সঙ্গে সঙ্গেই সরকারি দল শান্তি সমাবেশের নামে রাজপথে থাকছে। ফলে নির্বাচন নিয়ে সংশয় আরও বাড়ছে। তবে এটাও সত্যি, ২০১৪ ও '১৮ সালের নির্বাচনসহ নানা রাজনৈতিক কারণে বর্তমান সরকারের বিরুদ্ধে জনমনে তীব্র ক্ষোভ থাকলেও বিরোধী দল সেসব ইস্যুতে দেশে বড় কোনো গণআন্দোলনের আবহ তৈরি করতে পারেনি। এর পেছনে সরকারের কঠিন অবস্থান যেমন কাজ করছে, তেমনি রয়েছে বিরোধী দল বা দলগুলোর অভ্যন্তরীণ দুর্বলতাও। অনেক ক্ষেত্রেই যথাযথ পরিকল্পনা বা স্ট্র্যাটেজির অভাবে বিরোধী দল সাধারণ মানুষকে আন্দোলনমুখী করতে পারছে না। ফলে সব ক্ষোভ, হতাশা চায়ের টেবিলেই ঘুরপাক খাচ্ছে।

প্রশ্ন হলো, বিদ্যমান রাজনৈতিক বাস্তবতায় বিএনপি, গণতন্ত্র মঞ্চ, সিপিবি, বাম জোটসহ মাঠের অন্যান্য বিরোধী দল যদি নির্বাচনে অংশ না নেয়, তাহলে কী হবে? সরকারই বা কী করবে? অবস্থাদৃষ্টে মনে হয়, সরকার যে কোনো মূল্যে নির্বাচন করে নিতে দৃঢ়প্রতিজ্ঞ। নির্বাচনে কে এলো, আর কে এলো না, তা নিয়ে তারা মোটেও চিন্তিত নয়। প্রয়োজনে কিংস পার্টি গঠন করে নির্বাচনকে অংশগ্রহণমূলক চেহারা দেওয়ার একটা চেষ্টা করবে। সম্প্রতি তৃণমূল বিএনপি নামে যে একটি দলের নিবন্ধন দেওয়া হয়েছে, বিশ্লেষকরা তাকে সরকারের কিংস পার্টি তৈরির অংশ হিসেবে দেখছেন। এ ক্ষেত্রে সরকার সম্প্রতি কম্বোডিয়ায় অনুষ্ঠিত নির্বাচনকে মডেল হিসেবে গ্রহণ করবে বলেই মনে হয়। দীর্ঘদিন ক্ষমতায় থাকার কারণে ক্ষমতাসীন দলের জনপ্রিয়তায় ভয়াবহ রকম ভাটা পড়েছে। যার ফলে জনমনে আওয়ামী লীগবিরোধী মনোভাব বেশ প্রবল হয়ে উঠেছে। সুষ্ঠু নির্বাচন হলে বিএনপি ও অন্যান্য বিরোধী দল এটাকে কাজে লাগাতে চাইবে। কিন্তু আওয়ামী লীগ এ কথা ভালোভাবেই জানে, যদি কোনো কারণে তাকে ক্ষমতা হারাতে হয় তাহলে তার অস্তিত্ব বিপন্ন হয়ে পড়বে। এ কথা দলটির অনেক নেতা অনেকবার প্রকাশ্যেই বলেছেন। তাই সে কোনো ধরনের ঝুঁকি নেবে না–ভেতরে বা বাইরের শক্তি যে যা-ই বলুক আর করুক না কেন। সে কারণেই সে চাইবে তার নিয়ন্ত্রণে রেখেই নির্বাচন করতে। কোনো অবস্থাতেই তদারকি সরকারের দাবি সে মানবে না।

অন্যদিকে বিএনপি বিশাল জনসমর্থন থাকা সত্ত্বেও আন্দোলন করে সরকার হটানোর অবস্থায় নেই। সে কারণে তারা নির্বাচন বয়কট করতে পারবে কিন্তু ভণ্ডুল করতে পারবে না। তবে এ কথাও ঠিক, আওয়ামী লীগের জনপ্রিয়তায় যতই টান পড়ুক না কেন, সরকারের বিরুদ্ধে গণআন্দোলন গড়ে তোলার মতো শক্তি ও সাংগঠনিক অবস্থা কোনো রাজনৈতিক দলেরই নেই। আওয়ামী লীগ সেই সুযোগটাই নেবে। যদিও এখন পর্যন্ত নির্বাচনের তপশিল ঘোষণা করা হয়নি, সরকারি দল পুরো উদ্যমে নির্বাচনী প্রচারে নেমে গেছে। খোদ প্রধানমন্ত্রী বিভিন্ন সভায় সরাসরি দলীয় প্রতীক নৌকায় ভোট দেওয়ার জন্য জনগণের প্রতি আহ্বান জানাচ্ছেন। দলের বিভিন্ন নেতা এবং সংসদ সদস্যও নিজ নিজ এলাকায় ভোটারদের কাছে যাওয়া শুরু করে দিয়েছেন। দুর্গাপূজা সামনে রেখে অনেক এলাকায় পূজামণ্ডপে অনুদান দেওয়া শুরু করেছেন। তবে গত ১৮ অক্টোবর নির্বাচন কমিশনার আনিছুর রহমান এক অনুষ্ঠানে বলেছেন, 'নির্বাচন আদৌ হবে কিনা তা বলতে পারছি না।' এ যেন সাধারণ আমজনতারই কথা।

এদিকে অতীতের যে কোনো নির্বাচনের তুলনায় আগামী নির্বাচন ঘিরে মার্কিন যুক্তরাষ্ট্র ও তার পশ্চিমা মিত্ররা বাংলাদেশের ওপর অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের জন্য কূটনৈতিক চাপ বাড়িয়ে দিয়েছে। অবস্থাটা এমন যে, গ্রামগঞ্জের সাধারণ মানুষ পর্যন্ত পিটার হাস, ডোনাল্ড লু–এসব নামের সঙ্গে পরিচিত হয়ে উঠেছে। তবে শুধু মার্কিন যুক্তরাষ্ট্রই নয়; ভারত এবং চীনও এ খেলায় অংশীদার হিসেবে আবির্ভূত। অবস্থাটা এমনই যে, আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে ভারত, চীন ও আমেরিকার খেলার মাঠে পরিণত হয়েছে বাংলাদেশ। সবাই নিজের মতো করে পরিস্থিতিকে পক্ষে টানার চেষ্টা করছে। তার মানে এই নয়, এরা বাংলাদেশের গণতন্ত্র আর নির্বাচন নিয়ে খুবই উৎসাহী।

আসলে ভূরাজনৈতিক ও অর্থনৈতিক কারণে এই তিনটি দেশ প্রতিযোগিতা করছে। সবাই নিজেদের স্বার্থে বাংলাদেশকে পাশে দেখতে চায়। আমেরিকা চায় বাংলাদেশকে চীন থেকে দূরে রাখতে; চীনও চায় আমেরিকার প্রভাব খর্ব করতে। আর ভারত তো চারদিক থেকেই বাংলাদেশকে ঘিরে রেখেছে। কক্সবাজারিচ থেকে ডিম, তিস্তা থেকে ট্রানজিট–সবকিছুই ভারতের নিয়ন্ত্রণে। সেও কিছুতেই তার নিয়ন্ত্রণ হারাতে চায় না। এদের সবারই লক্ষ্য বাংলাদেশে এমন একটা অবস্থা সৃষ্টি করা, যার ফলে তাদের স্বার্থ রক্ষা হয়। দেখার বিষয় এটাই যে, ক্ষমতাসীন দল ভিন্ন ভিন্ন স্বার্থের দাবিদার এই তিন শক্তিকে কীভাবে ম্যানেজ করে। যদিও ওবায়দুল কাদের বলেছেন, 'তলে তলে' সব 'আপস' হয়ে গেছে। কিন্তু যতক্ষণ পর্যন্ত সবকিছু প্রকাশ্য না হবে ততক্ষণ জনমনের সংশয় আর শঙ্কা কাটবে না। মোশতাক আহমেদ: সাবেক জাতিসংঘ কর্মকর্তা ও কলাম লেখক

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া
যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

লং আইল্যান্ডের বাসভবনে ঈদে মিলাদুন্নবী আয়োজন

ওহাবীদের পিছনে নামাজ পরা জায়েজ না : গিয়াস আহমেদ













বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, আমেরিকার মুলধারার রাজনীতিবীদ ও বিশিষ্ট ব্যবসায়ী গিয়াস আহমেদের লং আইল্যান্ডের বাসভবনে ঈদে মিলাদুন্নবী উপলক্ষে আলোচনা এবং মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। গত ১৬ অক্টোবর সোমবার সন্ধ্যায় আয়োজিত উক্ত মিলাদুন্নবী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আহলে বাইত জামে মসজিদের ইমাম ড. সৈয়দ মুতায়েককেল বিল্লাহ রাব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিলাল মসজিদের ইমাম সৈয়দ আনসারুল করিম এবং বিশেষ অতিথি ছিলেন পার্কচেষ্টার মসজিদের ইমাম যুবায়ের রশিদ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সৈয়দ উমায়ের হাসান, মওলানা ওলিউল্লাহ আতিকুর রহমান, আহলে বাইত মসজিদের ইমাম হাফেজ টিপু সুলতান প্রমুখ।

মাহফিলে শুরুতে সুমধুর কণ্ঠে পবিত্র কোরাআন থেকে তেলোয়াত করেন সৈয়দ মুসতানজিদ বিল্লাহ রাব্বানী, নাতে রসুল পাঠ করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কারী মুহাম্মদ ফারুক, সৈয়দ মুসতায়িন বিল্লাহ রাব্বানী এবং করিম হাওলাদার।

মাহফিলে বক্তারা বলেন, মহান আল্লাহ তায়ালা আল কোরআনে নবী (সাঃ) এর শুভাগমনে আনন্দ উৎসব পালন করবার জন্য মুমিনদের নির্দেশ দিয়েছেন। সুরা ইউনুসের ৫৮ নম্বর আয়াতে আল্লাহ বলেন, 'হে রসুল আপনি বলুন, আল্লাহর অনুগ্রহ এবং রহমত প্রাপ্তিতে মুমিনরা যেন খুশি উৎযাপন করে। মুমিনদের এই খুশি উৎযাপন তাদের সমসত কর্ম ফল অপেক্ষও শ্রেষ্ঠ হবে।' আল্লাহ তায়ালা সুরা আম্বিয়ার ১০৭ নম্বর আয়াতে এই 'রহমত' সম্পর্কে বলেন, 'আমি আপনাকে (মুহাম্মদ সাঃ) সমগ্র জগৎ সমুহের রহমত রূপে পাঠিয়েছি।' বক্তাগণ বলেন, নবী (সাঃ) হলেন আমাদের জন্য সবচেয়ে শ্রেষ্ঠতম রহমত। আর এই রহমত প্রাপ্তিতে শুধু মুমিনরাই খুশি উৎযাপন করবে। পথভ্রষ্ট ওহাবী সালাফি এবং জংগী মতাদর্শের লোকেরা ঈদে মিলাদুননবী পালনের সৌভাগ্য হবে না।

আলোচনায় অংশ নিয়ে গিয়াস আহমেদ বলেন যে, বর্তমান কালে নবী (সাঃ) এর মান-শান নিয়ে আলোচনা করলেই কিছু আলেম-ওলামার গা জ্বলে যায়। নবী (সাঃ) এর জন্মের সময় শয়তান সবচেয়ে বেশী দুঃখ পেয়েছিল। তেমনি নবী (সাঃ) এর জন্মের দিন আলোচনা করলে অনেক ওলামার গা জ্বলে। আগের দিনে সারা বিশ্বে ঈদে মিলাদুন্নবী, দরুদ মিলাদ কিয়ামের প্রচলন ছিল। তখন মুসলমানরা অর্ধেক দুনিয়া শাসন করেছে। মুসলমানরা ছিল সুপার পাওয়ার। কিন্তু ইংরেজদের চক্রান্তে সৈয়দী আরবে ওহাবীদের আগমনের ফলে মুসলমনাদের অধপতন শুরু হয়। সৈয়দী আরবে আল সৌদ পরিবার এবং ওহাবী মতবাদের গুরু মুহাম্মদ ইবনে আবদুল ওহাবী নজদী ইংরেজদের চক্রান্তে উসমানিয়া খিলাফতের বিরুদ্ধে যুদ্ধ করে খিলাফত ভেঙ্গে রাজতন্ত্র কায়েম করে। ফলে মধ্যপ্রাচ্য ইংরেজদের দখলে চলে যায় এবং ইসরাইল নামক দাজ্জালী রাষ্ট্র সৃষ্টি হয়। বর্তমান ইসরাইল রাষ্ট্র গঠনের জন্য মিলাদুন্নবী বিরোধী ওহাবীরাই দায়ী। এই সৌদী ওহাবীরাই আজ ঈদে মিলাদুন্নবী সহ বিভিন্ন অনুষ্ঠানের বিরাধিতার করে সমাজে ফেৎনা সৃষ্টি করে চলছে। তিনি বলেন, ওয়াবীদের পিছনে নামাজ পরা জায়েজ না। তিনি এ ব্যাপারে সকলকে সতর্ক থাকার আহবান জানান।

মাহফিলের শেষ পর্যায়ে প্যালেস্টাইনে স্বাধীন রাষ্ট্র গঠনের দাবী এবং সাধারণ নাগরিকদের হত্যাযজ্ঞের নিন্দা জ্ঞাপন করে বিশ্ব শান্তি কামনায় বিশেষ দোয়া করা হয়। মাহফিলে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।

ইসরাইলি হামলায় ফিলিস্তিনে নিহত ১৫২৫ শিশু



ঢাকা ডেস্ক: ইসরাইলের প্রতিশোধমূলক হামলায় গত ১৩ দিনে তিন হাজার ৭৮৫ ফিলিস্তিনি নিহত হয়েছে। যাদের অধিকাংশই শিশু ও নারী।

নিহতদের মধ্যে এক হাজার ৫২৫ শিশু এবং এক হাজার নারী। বৃহস্পতিবার ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয় এসব তথ্য নিশ্চিত করেছে। খবর আলজাজিরা।

অন্যদিকে হামাসের হামলায় এক হাজার ৪০০ জনের বেশি মানুষ নিহত হয়েছেন বলে ইসরাইলের পক্ষ থেকে জানানো হয়েছে।

এ ছাড়া ইসরাইলের দক্ষিণাঞ্চল থেকে ২০০ জনের বেশি ইসরাইলিসহ বিভিন্ন দেশের নাগরিককে অপহরণ করে হামাসযোদ্ধারা গাজায় জিম্মি করে রেখেছেন বলে ইসরাইল দাবি করছে।

এদিকে ফিলিস্তিনের স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, বৃহস্পতিবার গাজায় জাবালিয়া শরণার্থী শিবিরে ইসরাইলি বিমান হামলায় অন্তত ১৮ ফিলিস্তিনি নিহত হয়েছেন।

এ ছাড়া মধ্য গাজার একটি আবাসিক ভবন এবং একটি গির্জা প্রাঙ্গণে হামলা চালিয়েছে ইসরাইল। এতে আরও অন্তত ১২ জন নিহত হয়েছেন এবং ৪০ জনের বেশি আহত হয়েছেন।



বাইডেনের ভাষণের জবাবে যা বলছেন রিপাবলিকানরা

ঢাকা ডেস্ক: ইসরায়েল ও ইউক্রেন ইস্যুতে টেলিভিশনে জাতির উদ্দেশে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের দেওয়া ভাষণের কঠোর সমালোচনা করেছেন বিরোধী রিপাবলিকান দলের নেতারা। বাইডেনের ভাষণের পরপরই তারা তাৎক্ষণিক প্রতিক্রিয়া দেখিয়েছেন।

ওহিও অঙ্গরাজ্যের সিনেটর জেডি ভ্যান্স দুটি যুদ্ধে আমেরিকাকে যুক্ত করার জন্য বাইডেনের সমালোচনা করেছেন। তিনি আগেও ইউক্রেনকে সাহায্যের বিরোধিতা এবং এটিকে 'জঘন্য' বলে মন্তব্য করেছিলেন।

জেডি ভ্যান্স সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে এক টুইটে বলেন, বাইডেন ইসরায়েলে মৃত শিশুদের ব্যবহার করছেন তার সর্বনাশা ইউক্রেন নীতি আমেরিকানদের কাছে বিক্রি করার জন্য। খবর-বিবিসি

তিনি বলেন, ইউক্রেন ও ইসরায়েল এক নয়, তাদের সমস্যাও এক নয়। রাজনৈতিক আবরণের জন্য ইসরায়েলকে ব্যবহার করার এই প্রচেষ্টা আপত্তিকর।

টেনেসি সিনেটর মার্শা ব্ল্যাকবার্ন পোস্ট করেছেন, ইউক্রেনে সহায়তার সঙ্গে ইসরায়েলকে সহায়তা এক করা উচিত নয়।

আরকানসাসের সিনেটর টম কটন হতাশা প্রকাশ করেছেন। কারণ বাইডেন তার বক্তৃতায় ইরানের ওপর বেশি গুরুত্ব দেননি।

তিনি বলেছেন, বাইডেনের উচিত অবিলম্বে ইরানকে সতর্ক করা। আমেরিকানদের বিরুদ্ধে তাদের যেকোনো উসকানি আমেরিকার বিরুদ্ধে ইরানের সরাসরি আক্রমণ হিসেবে বিবেচিত হবে।



BANGLA CDPAP SERVICES
ALEGRA HOME CARE

alegracare.com, alegracare.org

মানুষের জন্য দরদী সেবা আমাদের অঙ্গীকার



Sir Dr. Abu Zafar Mahmood
Global Peace Ambassador
President & CEO
646-769-0966, 718-290-8249
netlake111@gmail.com, ceo@banglacdpap.com

সাপ্তাহিক পেমেন্ট

সরাসরি ব্যাংকে জমা

স্বাস্থ্য সুবিধা

সুবিধাজনক কর্মসময়

CDPAP SERVICES

HHA/PCA SERVICES

SKILLED NURSING

SERVICES

We Have The Best MLTC In The City

মানুষ মানুষের জন্য
দেশপ্রেম স্বদেশের জন্য

আমরা মানবতার সর্বোচ্চ মর্যাদা দিয়ে থাকি

info@banglacdpap.com | 888-212-3237 | alegracare.com, alegracare.org

LOCATIONS

CORPORATE OFFICE
72-26 Broadway (2nd Floor)
Jackson Heights, NY 11372
888-212-3237, 646-769-0966

JACKSON HEIGHTS
72-28 Broadway (1st Floor)
Jackson Heights, NY 11372
718-708-9751, 646-769-0966

BROOKLYN OFFICE
544 MacDonald Avenue
Brooklyn, NY 11218
718-675-0209, 646-769-0966

OZONE PARK OFFICE
1127 Liberty Avenue
Brooklyn (Ozone Park), NY 11208
347-673-5525, 929-434-5618

JAMAICA OFFICE
147-14 Hillside Avenue, (1st floor)
Jamaica, NY 11435
646-769-0966, 718-290-8249

HOLLIS OFFICE
198-12 Hillside Avenue
Hollis, NY 11423
646-769-0966, 718-290-8249

BRONX OFFICE
1452 & 1454 East Avenue
Bronx, NY 10462
646-769-0966, 718-290-8249

BUFFALO OFFICE
Ideal BD Inc. 3178 Bailey Avenue
Buffalo, NY 14215
646-769-0966, 718-290-8249

Care with Love is Humanity

ALEGRA HOME CARE INC. | CDPAP | PEOPLE UNITED FOR PROGRESS — POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES | Abu Zafar Mahmood Foundation | জয় বাংলাদেশ JOY BANGLADESH INC.

সাহিত্য সাময়িকী

পুড়ছে গাজা উপত্যকা

কাজী আতীক

পুড়ছে গাজা উপত্যকা, একাত্তরে যেমন পুড়ছিলো বাংলা,
চলছে নিধনযজ্ঞ সেখানে
একাত্তরে যেমন চলছিলো নিধন বাংলার ঘরে ঘরে,
তফাৎ আছে কি কিছু? না নেই
কেবলই স্থানিক ব্যবধান, বাকি সব একই অনুরূপ,
তাই খুব সহজেই বুঝতে পারি কি ঘটছে ওখানে
বুঝতে পারি দুর্দশাগ্রস্ত গাজাবাসীর যন্ত্রণার স্বরূপ ।

বিশ্ব আবারো বিভক্ত যথারীতি তিন ভাগে
কেউ পক্ষ নিয়েছেন গাজাবাসীর, কেউ থেকেছেন নীরব,
তবে বিশ্বকে মানবতার পাঠ পড়ানো মোড়ল যারা
তাঁরা যথারীতি কপট, নিয়েছেন পক্ষ সন্ত্রাসী নেতানিয়াহুর ।

হা হতোস্মি! এ কোন বিশ্ব?
বিভ্রান্তির অতলে তলিয়ে যাওয়া এক ঘৃণ্য ষড়যন্ত্র ।

হাওয়াদের শরীরে

আদ্যনাথ ঘোষ

গাছেরা কি খেয়েই ফেলে গাছেদের ছাল!
কেনো না মানুষ খায় মানুষের রক্ত, মাংস, হাড় আর
তার অস্থিমজ্জার শেষ অবশেষ ।
মুখ নাকি মুখের লাগি আঁচলের জোছনার শরীর ।
জানি ভিখারীর অন্ন লাগে ঈশ্বরের ভোজে ।
খুব বেশি মানুষের দেখা ঈশ্বরের চোখ, মনে পড়ে কি?
মনে কি পড়ে পড়শিদের মুখের ফেনা
ভাতের হাওয়ার হিসেব?
আসলে তো এই ভালো– হাওয়াদের শরীরে
শুধু হাওয়াদের ওম ।



গাজার হৃদয়ে বৃষ্টির মতো অশ্রু ঝরে

এইচ বি রিতা

সংঘাতের আগুন জ্বলছে অস্থির আকাশের নিচে
দুর্ভোগে পঁচাত্তর বছরের বিদীর্ণ জীবন বহন করছে
কষ্টের গল্প, শান্তির কান্না ।

ধ্বংসাবশেষের মাঝে ছোট্ট বালিকার ঘুম তৈরি করে
মর্মান্তিক গল্প-অকল্পনীয় মূল্যে
মানুষের হাসি কলহের শব্দ মিশ্রণে ক্ষতবিক্ষত করে
প্রজন্ম, তবু বিশৃঙ্খলার মধ্যে পুনর্জন্ম নেয় স্বপ্ন;
যেখানে বেঁচে থাকার গল্পগুলো এখনো অজানা ।

অবরোধ, সংঘর্ষ, অন্ধকার রাতে আশ্রয়ের খোঁজে
উজ্জ্বল ভবিষ্যত, ধূলিমলিন তাবুতে
বজ্রের গর্জনের ছায়ায়, অর্জনের গল্প মিথ্যা-চিরকাল
এ গল্প ধ্বংসের, এ গল্প বেদনার ।

স্বদেশের জন্য, অধিকারের জন্য হৃদয়ে জ্বলে ওঠে যুদ্ধ
নির্দোষতা এবং নির্মমতার সহাবস্থান; কেড়ে নেয় জীবন
শান্তিচুক্তির গল্প-সাম্যনীতির খেজুরে আলাপ আজ

চরম এক উপহাস
গাজার হৃদয়ে আজ বৃষ্টির মতো অশ্রু ঝরে ক্ষণে ক্ষণে ।

নিরূপমা, তোমার স্বপ্ন

জহুরুল ইসলাম

সন্ধ্যায়-
সাদা আকাশের কালো তারা ।১২
হাড় হিম ঠোঁটের করুণ কম্পন ।

নিরুপমা,
তোমার তনুদেহে ঝাঁক ঝাঁক বৃষ্টির কণা ।
বিম্বিত দেহাভাসে যেন রঙধনু ভাসে,
নীলাগুনে পোড়ে স্বপ্ন গঙ্গার যতো আল্পনা ।

সন্ধ্যা মরে গেলে,
পাবে কী তোমার সুখ তারা?

অসুখ

আশরাফ চঞ্চল

ভীষণ অসুখ আমার
মনের ঘরে নেমেছে অন্ধকার
চোখের কার্নিশ বেয়ে নেমে আসে জল
বুকের পাটাতনে হাতুড়ি পেটায় কোন সে অগ্নি কারিগর!

কবিতার টেবিলে বসেছি
কী লিখবো, চোখের সামনে বিষণ্ন শরৎ
ফিলিস্তিনে নিরীহ মানুষের রক্ত আর অযাচিত বিস্ফোরণ ।

পৃথিবী তোমাকে চায়

রজব বকশী

এত তাড়াহুড়ো কেন? ধীর লয়ে চলো
অতলান্ত জীবনের গতি ও প্রকৃতি
এই সময় সমুদ্র মনে ডুব দাও

ভাবনাকে প্রস্ফুটিত করে জেগে ওঠো
চৈতন্য প্রবাহে ঋদ্ধ ততোধিক হৃদয়ের গান
শ্বাস প্রশ্বাসে ছড়াও প্রণয় সুরভি

চঞ্চল ধূলিতে জল দাও, পদতলে জমে
উঠবে মাটির মনে শৃঙ্খলতা পিলপিল জীবনের ঢেউ
মনোবলের অটল পাহাড় টলে না

চারদিকে অসন্তোষ ফুঁসে ওঠা অফুরন্ত ঢেউ
মিছিল আছড়ে পড়ে, অধিকার বঞ্চিতের হাতে হাত ধরে
আগুন কথার কাদামাটি পোড়ে ইট তৈরি হয়

বহুরৈখিক ভাবনা প্রস্ফুটিত করে
মানবিকতার আলো জ্বেলে দাও, আত্মপরিচয়
সভ্যতার পথঘাট ঠিক চিনে নেবে

পৃথিবী তোমাকে চায়, মানুষের প্রেম ভালোবাসা
কর্মধর্ম সৃষ্টি কৃষ্টি, রোদ বৃষ্টির আলাপ, শেকড়ের টানে
জেগে উঠুক বৃক্ষের মত ফুলফলে ভারানত ছায়ানীড়

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

‘আমাকে সবাই শেখ হাসিনা বলেই ডাকত’



বিনোদন ডেস্ক: জনপ্রিয় মডেল, উপস্থাপক এবং অভিনেত্রী নুসরাত ফারিয়া। দেশের পাশাপাশি কলকাতার সিনেমায় নিয়মিত দেখা যায় তাকে। সম্প্রতি মুক্তি পাওয়া ‘মুজিব : একটি জাতির রূপকার’ সিনেমায় শেখ হাসিনার ছোটবেলার চরিত্রে অভিনয় করেছেন তিনি। এ সিনেমায় কাজে অভিজ্ঞতা, বর্তমান ব্যস্ততা এবং সমসাময়িক প্রসঙ্গ নিয়ে আজকের ‘হ্যালো...’ বিভাগে কথা বলেছেন তিনি।

*** প্রেক্ষাগৃহে চলছে আপনার অভিনীত ‘মুজিব : একটি জাতির রূপকার’ সিনেমাটি। কেমন সাড়া পাচ্ছেন?**

** আমার কাছে দর্শক প্রতিক্রিয়া কখনোই শুধু চরিত্র ঘিরে প্রাধান্য পায় এমনটা নয়। সিনেমায় শুধু আমার চরিত্র ভালোলাগার চেয়ে, পুরো সিনেমা দর্শকদের ভালো লাগা জরুরি। আর সেটা লাগছে। পুরো সিনেমাই সবার ভালো লাগছে। সবাই ইমোশনালি কানেক্ট করতে পারছে। এটা সব চেয়ে বড় পাওয়া।

আর যদি বিশেষ করে আমার করা শেখ হাসিনার চরিত্রের কথা বলেন, তবে সেটার জন্যও বেশ প্রশংসা পাচ্ছি। সিনেমাসংশ্লিষ্ট যারা আছেন, দর্শক, আমার পরিবার, এমনকি প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজেও খুব খুশি হয়েছেন আমাকে পর্দায় দেখে।

*** বায়োপিকে কাজের মানসিক চাপ কতটা অনুভব করেছেন?**

** বাংলাদেশের প্রথম বায়োপিক এটা। তাও শেখ মুজিবুর রহমানের ওপর। সেই সিনেমায় আমি আমাদের বর্তমান প্রধানমন্ত্রীর ছোটবেলার চরিত্রে অভিনয় করেছি। তাই চাপ থাকাটা স্বাভাবিক। নিজেকে প্রস্তুত করা, ওই চরিত্রে সাজানো ছিল অনেক বড় একটা চ্যালেঞ্জ।

কারণ আমাকে বলা হয়েছিল পর্দায় শেখ হাসিনার মধ্যে ওই বয়সে সরলতা, কোমলতা এবং পরিবারের প্রতি ভালোবাসা ফুটিয়ে তুলতে হবে। এ চরিত্র করতে গিয়ে আমি নিজের মধ্যের সরলতা এবং পরিবারের প্রতি ভালোবাসাকে নতুন করে অনুভব করেছি। নিজেকে নতুন করে আবিষ্কার করেছি।

*** শ্যাম বেনেগালের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা কেমন?**

** এ অভিজ্ঞতা বলে বোঝানো যাবে না। বাংলাদেশ থেকে তিনশ মেয়ে অডিশন দিয়েছিল শেখ হাসিনার চরিত্রে অভিনয়ের জন্য। তার মধ্য থেকে আমাকে পছন্দ করেছেন পরিচালক। এটা আমার জন্য অনেক বড় বিষয়।

কারণ তারা এমন একজনকেই নির্বাচন করবে যার মধ্যে শেখ হাসিনার প্রতিচ্ছবি সবচেয়ে বেশি। এরপর যদি শুটিংয়ের কথা বলি, আমার মনে হয় পুরো টিমের মধ্যে আমাকেই সবচেয়ে কম নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া আমাকে সেটে অনেক আদর আর স্নেহের করেছে সবাই। এমনকি সেটে আমাকে সবাই শেখ হাসিনা বলেই ডাকত।

*** ‘মুজিব’ সিনেমার পর নতুন কাজের প্রস্তাব পেয়েছেন?**

** হ্যাঁ, বেশ কিছু নতুন কাজের প্রস্তাব পেয়েছি। তবে সেটা শুধু মুজিব’র পর নয়। ‘পাতালঘর’ সিনেমার পরও অনেক কাজে প্রস্তাব এসেছে আমার কাছে। আমি নিজেকে অনেক ভাগ্যবান মনে করি যে, আমার কাছে এত এত কাজের প্রস্তাব আসে।

কিন্তু দেখা যাচ্ছে তার মধ্যে করা হয় খুবই কম। খুব বেছে বেছে কিছু কাজ আমি করি। কারণ যেনতেন কাজ করে তো লাভ নেই, তাই না। তবে আমি কাজ করতে চাই। অনেক বেশি কাজ করতে চাই। আমার ক্ষুধা মেটেনি। তাই তো ছুটিতে থাকলেও কাজ নিয়ে ভাবতে থাকি।

যে কারণে মুজিব: একটি জাতির রূপকার ছবির প্রদর্শনী বন্ধের নোটিশ

বিনোদন ডেস্ক: জিয়াউর রহমানকে বিতর্কিতভাবে উপস্থাপন এবং ইতিহাস বিকৃতির অভিযোগে ‘মুজিব: একটি জাতির রূপকার’ সিনেমার প্রদর্শনী বন্ধের জন্য আইনি নোটিশ পাঠানো হয়েছে। গত ১৯ অক্টোবর বৃহস্পতিবার বিএনপির আইন সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল এই নোটিশ পাঠিয়েছেন। তথ্যসচিব ও ভারতীয় কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট ১০ জনকে এ নোটিশ পাঠিয়েছেন।



এই নোটিশে আগামী সাত দিনের মধ্যে চলচ্চিত্র থেকে জিয়াউর রহমান সম্পর্কিত বিষয়বস্তু অপসারণ এবং এই সময়ের মধ্যে এর প্রদর্শনী বন্ধের অনুরোধ জানানো হয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে। এ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বাংলাদেশের সংশ্লিষ্ট সাতজন ব্যক্তি ও প্রতিষ্ঠান এবং ভারতের ৩ জনকে চিঠি পাঠানো হয়েছে বলে জানান ব্যারিস্টার কায়সার কামাল।

প্রসঙ্গত, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নির্ভর ‘মুজিব: একটি জাতির রূপকার’ ছবিটি ১৩ অক্টোবর বাংলাদেশের ১৫৩ প্রেক্ষাগৃহে মুক্তি পায়। প্রতিবেশী দেশ ভারতে মুক্তি পাবে ২৭ অক্টোবর।

বাংলাদেশ ও ভারতের যৌথ প্রযোজনায় সিনেমাটি পরিচালনা করেছেন ভারতের খ্যাতিমান নির্মাতা শ্যাম বেনেগাল। বঙ্গবন্ধুর চরিত্রে অভিনয় করেছেন আরিফিন শুভ। ফজিলাতুন নেছা মুজিবের চরিত্রে নুসরাত ইমরোজ তিশা, শেখ হাসিনার চরিত্রে নুসরাত ফারিয়া, তাজউদ্দীন আহমদের চরিত্রে রিয়াজ আহমেদ। অন্যান্য চরিত্রে অভিনয় করেছেন দিলারা জামান, চঞ্চল চৌধুরী, সিয়াম আহমেদ, জায়েদ খান, খায়রুল আলম সবুজ, ফেরদৌস আহমেদ, দীঘি, রাইসুল ইসলাম আসাদ, গাজী রাকায়েত, তৌকীর আহমেদ, মিশা সওদাগরসহ দেশের শতাধিক শিল্পী।



অবশেষে সালমান খানের সিনেমায় অরিজিতের গান



বিনোদন ডেস্ক: কালো শার্ট-প্যান্ট ও সানগাসে চেনা সোয়াগে ভাইজান, তার সঙ্গে রঙিন পোশাকে ঝলমলে ক্যাটরিনা। গানটির শিরোনাম ‘লেকে প্রভু কা নাম’। সাল্লুর নতুন ছবি ‘টাইগার ৩’তে গান গেয়েছেন অরিজিৎ সিং। চমকপ্রদ খবরটি সালমান নিজেই প্রকাশ্যে এনেছেন। বৃহস্পতিবার (১৯ অক্টোবর) সোশ্যাল হ্যান্ডেলে গানটির একটি দৃশ্য শেয়ার করেছেন সালমান খান। অভিনেতা বলেছেন, প্রথম গানের প্রথম ঝলক। ও হ্যাঁ, এটা আমার জন্য অরিজিৎ সিংয়ের প্রথম গান।

অরিজিতের সঙ্গে দীর্ঘ ৯ বছরের দ্বন্দ্ব মিটিয়ে নিয়েছেন ভাইজান। দুই তারকার ভক্তরা হয়ত ভেবেই নিয়েছিলেন, এ জনমে আর সালমান খানের ঠোঁটে অরিজিৎ সিংয়ের গান শোনা হবে না। অবশেষে ভাইজানের মনের বরফ গলেছে। কয়েক দিন আগেই তার গ্যালাক্সি অ্যাপার্টমেন্টে দেখা গেছে অরিজিতকে। তখনই তাদের দ্বন্দ্ব মিটিয়ে এক হওয়ার গুঞ্জন ছড়ায়। এবার তা-ই সত্যি হয়ে ধরা দিল।

জানা গেছে, গানটি লিখেছেন অমিতাভ ভট্টাচার্য। সুর-সংগীতের কাজটি সেরেছেন প্রীতম। এতে অরিজিতের সঙ্গে কণ্ঠ মিলিয়েছেন নিকিতা গান্ধী। আগামী ২৩ অক্টোবর গানটি প্রকাশ হবে।

২০১৪ সালে একটি অ্যাওয়ার্ড অনুষ্ঠান সঞ্চালনা করছিলেন সালমান খান। সেখানে সেরা গায়কের পুরস্কারের জন্য অরিজিতকে ডাকেন তিনি। একেবারে সাদামাটা পোশাক-সাজে অরিজিৎ স্টেজে ওঠার পর সালমান কিছুটা তাচ্ছিল্যের সুরে বলেন, ‘তুমি বিজয়ী?’

চুপ থাকেননি অরিজিতও। জবাবে বলেন, আপনারা ঘুম পাড়িয়ে দিয়েছেন! অর্থাৎ সঞ্চালনা এত বিরক্তির ছিল যে, তিনি তন্দ্রাচ্ছন্ন হয়ে পড়েছিলেন।

ওই ঘটনার পর অরিজিতের ওপর বেজায় ক্ষুব্ধ হন সালমান। তার জনপ্রিয় সিনেমা ‘বজরঙ্গি ভাইজান’, ‘কিক’ ও ‘সুলতান’-এ অরিজিতের গান করার কথা ছিল; কিন্তু সবগুলো প্রজেক্ট থেকেই তাকে বাদ দিয়ে দেন।

২০১৬ সালে প্রকাশ্যে সালমান খানের কাছে দুঃখ প্রকাশও করেছিলেন অরিজিৎ। বলেছিলেন, আপনি ভুল ভাবছেন যে আমি আপনাকে অপমান করেছি। আমি অনেক গান গেয়েছি স্যার; কিন্তু অবসর নেওয়ার আগে অন্তত আপনার একটি গান আমার ঝুলিতে যোগ করতে চাই। দয়া করে এই অনুভূতি আমার কাছ থেকে কেড়ে নেবেন না।

‘টাইগার ৩’ নির্মাণ করেছেন মনীশ শর্মা। এটি যশরাজ ফিল্মসের স্পাই ইউনিভার্সের পঞ্চম সিনেমা। এতে সালমান ও ক্যাটরিনার সঙ্গে আছেন ইমরান হাশমি, ঋধি ডোগরা, কুমুদ মিশ্র, রণবীর শোরে প্রমুখ। অতিথি চরিত্রে হাজির হবেন শাহরুখ খান। আগামী ১২ নভেম্বর ছবিটি বিশ্বব্যাপী মুক্তি পাবে।

প্রেমে সাড়া না দেওয়ায় অভিনেত্রী শায়লার সঙ্গে যে কান্ড যুবকের

বিনোদন ডেস্ক: প্রেমে সাড়া না দেওয়ায় ছোটপর্দার অভিনেত্রী শায়লা সাথীর স্পর্শকাতর স্থানে হাত দেন মেহেদী হাসান সৈকত নামে এক যুবক। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান চলাকালে গত ১৯ অক্টোবর বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের শান্ত চত্বরের সামনে এই শ্লীলতাহানির ঘটনা ঘটে। অভিযুক্ত মেহেদী জবির দর্শন বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। এ ঘটনায় ভুক্তভোগী শায়লা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসে একটি লিখিত অভিযোগ দিয়েছেন।

নাট্যকলা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ছোটপর্দার অভিনেত্রী শায়লা সাথী জানান, ‘এই ছেলেটি অনেক দিন ধরে আমাকে জ্বালাতন করছিল। কিন্তু আমি পাত্তা দিতাম না। আজ বিশ্ববিদ্যালয় দিবসে আমি শান্ত চত্বরে সুন্দর মুহূর্তকে ধারণ করতে নিজের ভিডিও করছিলাম। এ সময় মেহেদী হাসান সৈকত নামে ওই ছেলেটি আমার পেছন থেকে স্পর্শকাতর স্থানে স্পর্শ করে। এর পর আমি ভয়ে আমার পাশে থাকা ব্যাচমেট বন্ধু বিলাস দাসকে জানালে তাকেও মারধর করে সৈকত।’

অভিযোগের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসে অভিযুক্ত শিক্ষার্থী মেহেদী হাসান সৈকত সহকারী প্রক্টরদের সামনে বলেন, ‘আমি ওই মেয়েকে পছন্দ করি। কিন্তু সে আমার ডাকে সাড়া দেয় না।’ এর পর সৈকত ক্ষমা চেয়ে মুচলেকা দিতেও রাজি হন। পরে সৈকতের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি আর কিছু বলতে চাননি।

এদিকে ওই ছাত্রীর শ্লীলতাহানি ঠেকাতে গিয়ে মারধরের শিকার নাট্যকলা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী বিলাস দাস বলেন, ‘আমার ব্যাচমেট বান্ধুবী নিজের ছবি ও ভিডিও করছিল। এ সময় মেহেদী হাসান সৈকত তার স্পর্শকাতর স্থানে স্পর্শ করে। এ সময় আমার বান্ধুবী আমাকে ভয় পেয়ে বিষয়টি জানালে সৈকত নামে ওই ছেলে আমার গায়েও হাত তোলে।’

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল বলেন, ‘আমরা লিখিত অভিযোগ পেয়েছি। সিসি ক্যামেরা দেখে অভিযোগের প্রমাণ পেলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।’

প্রসঙ্গত, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের শিক্ষার্থী শায়লা সাথী এ সময়ের জনপ্রিয় মডেল-অভিনেত্রী। মডেলিংয়ের মাধ্যমে তার শোবিজে পথচলা শুরু। এর পর কাজ শুরু করেন মিউজিক ভিডিও ও নাটকে। বর্তমানে এ অভিনেত্রী নিজেকে ব্যস্ত রেখেছেন ছোটপর্দায়। ‘তোকে বউ বানাব’, ‘আই হেট ইউ’, ‘গার্লফ্রেন্ডের বিয়ে’- এর মতো নানা জনপ্রিয় নাটকে তিনি অভিনয় করে সুনাম অর্জন করেছেন।

পশ্চিমতীরের মসজিদে হামলা চালিয়েছে ইসরাইল



ঢাকা ডেস্ক: ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে হামলা চালাচ্ছে ইসরাইলি বাহিনী। তাদের হামলা থেকে বাদ যাচ্ছে না গাজার স্কুল, হাসপাতাল, মসজিদ ও গির্জাও। এবার ফিলিস্তিনের অধিকৃত পশ্চিমতীরের একটি মসজিদে হামলা চালিয়েছে ইসরাইল।

রোববার ভোরে এই হামলায় প্রাথমিকভাবে সেখানে একজনের প্রাণহানির খবর পাওয়া গেছে। খবর আলজাজিরার।

প্রতিবেদনে বলা হয়েছে, অধিকৃত পশ্চিমতীরে একটি মসজিদের নিচে কম্পাউন্ডে হামলা চালিয়েছে ইসরাইল। ফিলিস্তিনি চিকিৎসকরা জানিয়েছেন, হামলায় একজন নিহত হয়েছেন।

ইসরাইলি সামরিক বাহিনী বলেছে, পশ্চিমতীরের জেনিন শরণার্থী শিবিরে অবস্থিত আল-আনসার মসজিদে হামলায় হামাস এবং ইসলামিক জিহাদের বেশ কয়েকজন 'সন্ত্রাসী' নিহত হয়েছেন। তারা হামলার পরিকল্পনা করার জন্য কমান্ড সেন্টার হিসেবে ওই ভবনটিকে ব্যবহার করে আসছিল।

বেসামরিক নাগরিকদের বিরুদ্ধে সন্ত্রাসী হামলার পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য মসজিদটিকে কমান্ড সেন্টার হিসেবে ব্যবহার করা হয়েছিল বলে গোয়েন্দা তথ্য পাওয়া গেছে বলেও দাবি করেছে ইসরাইলি বাহিনী।

সামাজিকমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ফুটেজে দেখা যাচ্ছে, হামলায় মসজিদের বাইরের অংশের ব্যাপক ক্ষতি হয়েছে এবং চিকিৎসকরা ঘটনাস্থলে ছুটে আসছেন।

অবশ্য ইসরাইলি এ হামলায় হতাহতের পরস্পরবিরোধী রিপোর্ট পাওয়া যাচ্ছে। জেনিন শরণার্থী শিবিরে হামলায় দুজন নিহত এবং বেশ কয়েকজন আহত হয়েছেন বলে বার্তা সংস্থা রয়টার্স জানানোর পর ফিলিস্তিনি চিকিৎসকরা বলেছেন, ওই হামলায় কমপক্ষে একজন নিহত হয়েছেন।

গাজায় যুদ্ধ শুরু হওয়ার পর সাম্প্রতিক দিনগুলোতে অধিকৃত পশ্চিমতীরে এটি ইসরাইলের দ্বিতীয় বিমান হামলা। অবশ্য গাজার মসজিদগুলোতে ইসরাইলি বাহিনীর হামলা খুবই সাধারণ ঘটনায় পরিণত হয়েছে এবং সর্বশেষ দুদিন আগে ইসরাইলের হামলায় ধসে পড়েছে গাজার একটি ঐতিহাসিক মসজিদ।

গত ৭ অক্টোবর ইসরাইলের অবৈধ বসতি লক্ষ্য করে হামলা চালায় গাজাভিত্তিক সশস্ত্র গোষ্ঠী হামাস। এর পর থেকেই গাজায় বিমান হামলা চালানো শুরু করে ইসরাইলি বিমানবাহিনী। তাদের এ নির্বিচার হামলায় এখন পর্যন্ত চার হাজারেরও বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন। যার মধ্যে শিশুর সংখ্যাই ১ হাজার ৫০০ জনের বেশি। এবার পশ্চিমতীরের মসজিদে হামলা চালিয়েছে ইসরাইল।



গাজায় হাসপাতাল খালি করার হুঁশিয়ারি ইসরাইলের

ঢাকা ডেস্ক : এবার অবরুদ্ধ গাজা উপত্যকার আল কুদস হাসপাতাল খালি করার হুঁশিয়ারি দিয়েছে ইসরাইল।

হাসপাতালের বেসামরিকদের না সরালে ভয়াবহ পরিণতি ভোগ করতে হবে বলেও হুঁশিয়ারি দিয়েছে ইসরাইলি বাহিনী।

কর্তৃপক্ষ জানায়, সেখানে অবস্থানরতদের দক্ষিণাঞ্চলে সরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। যে কোনো মুহূর্তে সেখানে হামলা চালানো হবে বলেও তারা নিশ্চিত করেছে।

এদিকে গাজায় যারা ফিরে আসবে বা যারা ছেড়ে যেতে অস্বীকার করবে তাদের সন্ত্রাসী বলে গণ্য করা হবে বলে জানিয়েছে ইসরাইলের সেনাবাহিনী।

শনিবার সকাল থেকেই মোবাইল ফোনে এ বার্তা দিয়ে বাসিন্দাদের সতর্ক করা হচ্ছে বলে স্থানীয়রা জানিয়েছেন।

সেনাবাহিনী বলছে, যারা গাজায় অবস্থান করবে, তাদের চরম পরিণতি ভোগ করতে হবে।

সেনাবাহিনী কি নওয়াজের ওপর ভরসা রাখতে পারবে?



ঢাকা ডেস্ক: টানা চার বছর বিদেশে নির্বাসিত জীবন কাটানোর পর পাকিস্তানে ফিরেছেন সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ। শনিবার দুপুরে তাকে বহনকারী প্লেনটি ইসলামাবাদ বিমানবন্দরে অবতরণ করে।

পাকিস্তানের আগামী সাধারণ নির্বাচনে দলের নেতৃত্ব দেবেন নওয়াজ শরিফ।তবে তার আগে কিছু বিষয় তাকে সামাল দিতে হবে।

বোঝাপড়ায় আসতে হবে পাকিস্তানের সেনাবাহিনীর সঙ্গে। কারণ পাকিস্তানের নীতি-নির্ধারণীতে দেশটির সেনাবাহিনীর ভূমিকা অনেক বেশি। পাকিস্তানের অর্থনৈতিক সংকটের জন্যও এই নেতাকেই দায়ী করে থাকেন অনেকে। তা নিয়ে একটি সমাধানে আসতে হবে।

নওয়াজ শরিফের রাজনৈতিক ইতিহাসে পাকিস্তানের ক্ষমতাশালী সেনাবাহিনীর সঙ্গে বেশির ভাগ সময়ই তার ছিল সাপে-নেউলে সম্পর্ক। অভ্যুত্থানের মাধ্যমে তাকে ক্ষমতাচ্যুত করেছিল সেনাবাহিনী। এমনকি পাকিস্তান ছাড়ার আগেও দুর্নীতির অভিযোগে তিনি কারাগারে বন্দি ছিলেন।

নওয়াজের সঙ্গে পাকিস্তানের সেনাবাহিনীর ছিল দীর্ঘকালীন শত্রুতা। তবে পাকিস্তানের রাজনীতি পর্যবেক্ষক ওয়াজাহাত মাসুদ মনে করেন, এসবের পরও পাকিস্তানের সেনাবাহিনী হয়তো নওয়াজকে আরেকটি সুযোগ দিতে চাইছে।

মাসুদ বলেন, প্রথমে সেনাবাহিনী ইমরান খানকে নিরাপদ ভেবেছিল। কিন্তু যখনই তারা চ্যালেঞ্জের মুখে পড়ল তখনই ইমরানকে সরিয়ে দিয়েছে।

সেনাবাহিনীর সঙ্গে নওয়াজের সম্পর্ক কেমন হবে তা নিয়ে পাকিস্তান পিপলস পার্টির সাবেক পার্লামেন্ট সদস্য নাদিম আফজাল চ্যান বলেন, তিনি (নওয়াজ) 'ইয়েস স্যার' বলার মতো ভূমিকা পালন করবেন না। তবে অনেকে মনে করছেন, কিছু কিছু ক্ষেত্রে তাদের মধ্যে দ্বন্দ্ব তৈরি হতে পারে।



'গাজায় ফেলা বোমার সংখ্যা আফগানিস্তানে এক বছরের চেয়ে বেশি'

ঢাকা ডেস্ক : আমেরিকা আফগানিস্তানে এক বছরে যে পরিমাণ বোমা ফেলেনি, ইসরাইল ১০ দিনে গাজায় তার চেয়ে বেশি বোমা ফেলেছে।

যুক্তরাষ্ট্রের কংগ্রেসের মুসলিম নারী সদস্য ইলহান ওমর শুক্রবার কংগ্রেসের সামনে এক সংবাদ সম্মেলনে এ দাবি করেছেন।

তিনি বলেছেন, আমেরিকা আফগানিস্তানে এক বছরে যে পরিমাণ বোমা ফেলেনি, ইসরাইল ১০ দিনে গাজায় তার চেয়ে বেশি বোমা ফেলেছে।

বাইডেনের উদ্দেশে তিনি বলেন, আপনার মানবতা কোথায়? আপনি অপরাধযজ্ঞ দেখছেন। আপনি দেখছেন গাজায় বিভিন্ন এলাকা মাটির সঙ্গে মিশিয়ে দেওয়া হচ্ছে, লাশের স্তূপ পড়ে যাচ্ছে। মানুষ হত্যা বন্ধে প্রেসিডেন্ট কোনো পদক্ষেপই নিচ্ছে না বলেও তিনি মন্তব্য করেন।

৭ অক্টোবর থেকে আবারও শুরু হওয়া ইসরাইল-হামাস যুদ্ধে এখন পর্যন্ত সবচেয়ে বেশি নিহত হয়েছে। মৃত্যুর মিছিলে কাঁদছে গোটা গাজা জনপদ। নিহতের সংখ্যা দাঁড়িয়েছে চার হাজার ৫০০ জনে।

যার মধ্যে এক হাজার ৭৫৬ জন শিশু। ৯৬৭ জন নারী। আহতের সংখ্যা ১৩ হাজার ৫৬১ জন। এত মৃত্যু আগে দেখেনি ফিলিস্তিন।

ফিলিস্তিনে এবারের নিহতের সংখ্যা তার দ্বিতীয় ইন্তিফাদার (ফিলিস্তিনের প্রতিরোধ আন্দোলন) সংখ্যাকেও হার মানিয়েছে।

রয়টার্সের পরিসংখ্যান অনুসারে, নিহতের সংখ্যা ছিল তিন হাজারেও বেশি। ১৯৪৮ সালে ইসরাইল ক্ষমতায় আসার পর থেকে ফিলিস্তিনের ওপর নিরলস ও নৃশংস হত্যাকাণ্ড চালায়।

এর পরিপ্রেক্ষিতে ফিলিস্তিন প্রতিরোধ আন্দোলন গড়ে তোলে। যাকে ইন্তিফাদা বলে অভিহিত করা হয়। ইসরাইল-ফিলিস্তিন সংঘর্ষে দুটি ইন্তিফাদার আবির্ভাব হয়। ১৯৮৭ সালে প্রথম ইন্তিফাদা শুরু হয়। যেটি ছয় বছর ধরে চলতে থাকে। এতে প্রায় ৪০০ ইসরাইলি এবং এক হাজার ৫০০ ফিলিস্তিনি নিহত হয়েছিল।

দ্বিতীয়টি শুরু হয়েছিল ২০০০ সালে। স্থায়ী ছিল পাঁচ বছর। এতে তিন হাজার ফিলিস্তিনি ও এক হাজার ইসরাইলি নিহত হয়েছিল।



সাক্ষাৎকার : রানা দাশগুপ্ত

নির্বাচন এলেই সংখ্যালঘুদের ওপর শুরু হয় নির্যাতন

স্বাধীনতার ৫২ বছরে দেশত্যাগ করেছেন ১১ শতাংশ মানুষ



MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

- সম্পূর্ণ হালাল খাবার
- ক্যাটারিং
- লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১	প্যাকেজ-২	প্যাকেজ-৩	প্যাকেজ-৪
প্লেইন পোলাও চিকেন রোস্ট মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$ 7.00**	প্লেইন পোলাও চিকেন রোস্ট সামি কাবাব মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$ 8.00**	প্লেইন পোলাও চিকেন রোস্ট গোট অথবা বিফ কারি মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$10.00**	মটর পোলাও চিকেন রোস্ট সামি কাবাব গোট অথবা বিফ কারি মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$11.00**

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

থেরাপিস্ট আবশ্যক

চিকিৎসক কর্তৃক প্রেসক্রাইবকৃত একজন রোগীর জন্য থেরাপিস্ট আবশ্যক ।

যোগাযোগঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৩৭১-৮৮৯৮

বেবি সিটার আবশ্যক

Columbia medical Hospital এর ডাক্তার আফসানা রহমানের ৯ মাসের মেয়েকে দেখাশুনার জন্য বৃহস্পতি ও শুক্রবারের একজন বেবি সিটার দরকার বাসার দুই বকের ভিতর Train আছে ।

Address:709 W 169th Street.1st floor.Manhattan, New York.

যোগাযোগ :-(347) 944-2284, 347 475 7554

ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং ফেক্সিবল সময়ের মধ্যে ড্রাইভিং শিখার জন্য যোগাযোগ করুন ।

যোগাযোগঃ উদ্দিন

929-519-5139



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয় ।

বাসা ভাড়া

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১১৫-১৮, ১৫৮ ষ্ট্রীট-এ দুই বেডেরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। কিচেন, ফুল বাথরুম আর ডাইনিং স্পেস ছাড়াও ২টি ক্লোজেট-এর সুবিধা রয়েছে। ভাড়া আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৫১৮-৪৯৫-২২৩৩ অথবা ৩৪৭-৯৫৪-৬৮৯৫
অ-১৬/২৩

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৮৩ স্ট্রীট, হিলসাইড এবং জ্যামাইকা এভিনিউ-এর মধ্যে সাবওয়ের সন্নিকটে ২ বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

বাসা ভাড়া

ব্রঙ্কসের ক্যাসিল হিলের গ্লিভ এভিনিউতে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: আহমেদ।
ফোন: ৯১৭-৪৪৪-৯৭০৭
অথবা ৩৪৭-২০৮-৪৭৪১

বেইসমেন্ট ভাড়া

জেএফকে বিমান বন্দর থেকে ১০ মিনিটের দুরত্বে। ছোট পরিবার নিয়ে বসবাসবাসের জন্য (New renovation) বেসমেন্ট ভাড়া দেওয়া হইবে। নিউইয়র্কের কুইন্সের রোজডেলে ১বেডরুম ১ ফুল বাথরুম, ১ লিভিং রুম সাথে কিচেন ভাড়া দেওয়া হইবে ঠিকানা: 242-03 133rd ave, Rosedale, New York 11422 যোগাযোগ করুন : **203-993-7788 Humayunchy@hotmail.com**

বাসা ভাড়া

বাঙালি অধ্যুষিত পার্কচেস্টার সাবওয়ের সন্নিকটে একটি মনোরম বাসা ভাড়া হবে। তিন বেডরুম, ১ বাথরুম (১ম তলা)। ঠিকানাঃ ১৪৫৯ লোল্যান্ড এভিনিউ।
ফোনঃ ৬৪৬-৬৮৪-০৯০৯।

অফিস অ্যাসিসটেন্ট আবশ্যক

কুইন্সের একটি রিয়েল এস্টেট অফিসের জন্য একজন অফিস অ্যাসিসটেন্ট আবশ্যক। যোগাযোগ: এম কামাল সিদ্দিক।
ফোন: ৯১৭-৫২৩-৪৪৫১.
e-mail: MKSKARN@gmail.com
অ-২৩/৩০

বাসা ভাড়া

উডহ্যাভেন এলাকায় ৩ বেড, ১ লিভিং, কিচেন এবং বাথরুম (১ম তলা) ভাড়া হবে। জে ট্রেন এবং কিউ-৫৬, কিউ-২৪, কিউ-৫৩, কিউ-৫২, কিউ-১১ এবং বি-১ বাসের সন্নিকটে। ভাড়া ২৪০০ ডলার। সববিল একত্রে।
যোগাযোগঃ
জিনাত ৬৪৬ ২৮৯ ০৫৩৯.

বিজ্ঞাপন ম্যানেজার আবশ্যক

নিউইয়র্কের একটি মিডিয়া হাউজের জন্য ফুল টাইম একজন বিজ্ঞাপন ম্যানেজার আবশ্যক। শুধুমাত্র সিরিয়াস আগ্রহীরাই যোগাযোগ করুন।
যোগাযোগ:
৭১৮-৭৫৩-০০৮৬

পাত্র-পাত্রী চাই

(১)আমেরিকার বিশ্ববিদ্যালয় থেকে আইনে ডিগ্রীপ্রাপ্ত। মুসলিম। সাতাশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্রী চাই। (২) ডাটা সাইন্সে আমেরিকার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়রত। মুসলিম। তেইশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্র চাই। এসএমএস করুন। গোপনীয়তা রক্ষা করা হবে। **৩৪৭-৩৪৫-৮২০৭.**

পূর্বাচলে রাজউকের নির্ভেজাল ৫ কাঠার প্লট বিক্রয়

ঢাকার মাস্টার প্ল্যান শহর পূর্বাচলের আকর্ষণীয় লোকেশনে সরাসরি রাজউকের বরাদ্দতো ৫ কাটার নির্ভেজার একটি প্লট বিক্রয় হবে। আমেরিকান সিটিজেন ইঞ্জিনিয়ার নিজের কেনা প্লটটি সরাসরি নিজে বিক্রি করবেন।
যোগাযোগের ফোন: ১-৪০৮-৫৬৪-৩৯১০
Email: gomaruf@gmail.com

টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোচিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে।

কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন-
দরালাপনী ঃ ৯১৭-৩০০-৫০০৪

লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্
যোগাযোগঃ **৬৩১-২৭৫-৪০০৭**



আবশ্যক

অ্যাপোলো ইমিগ্র্যান্ট ম্যানেজমেন্ট (এলমহার্স্ট, এনওয়াই ১১৩৭৩)-এর জন্য এলজন ফুল টাইম ইঞ্জিনিয়ার আবশ্যক। বেতন ঘন্টায় ৪১ ডলার ২ সেন্ট। আগ্রহীকে এমপ্লয়ীদের সুপারভাইজিং সহ মেশিন অপারেট, হার্ডওয়ার এবং নেটওয়াকিং প্রভৃতি দায়িত্ব পালন ছাড়াও ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় দেখাশোনা ও পর্যবেক্ষণ করতে হবে। যোগ্যতা ব্যাচেলর ডিগ্রিসহ ইংরেজী, বাংলা ও হিন্দি ভাষায় অনর্গল কথা বলা জানতে হবে।
যোগাযোগ: ৭১৮-৪২৬-৬৬০০

JAMAICA GARAGE FOR RENT

INDOOR GARAGE WITH REMOTE KEY FOR RENT. 175 STREET & HILLSIDE AVENUE. LEAVE MESSAGE: 917-533-3928

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

মেডিকেয়ার ইন্স্যুরেন্স

মেডিকেয়ার ইন্স্যুরেন্স এর যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুন: **মোহাম্মদ তুহিন**
৭১৮-৩১০-০৪১৩

TDS INSURANCE এর প্রতিবাদ


কতিপয় ব্রোকারেজ প্রতিষ্ঠানের অপপ্রচারের পরিপ্রেক্ষিতে TDS INSURANCE BROKERAGE CORP. -এর পক্ষ থেকে আমরা সোচ্চার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের কোন শাখা অফিস, সাব এজেন্ট নিউইয়র্কের কোথাও নেই। আমাদের কার্যক্রম আমরা আমরা শুধুমাত্র ব্রুকলীন অফিস থেকেই পরিচালনা করছি। ধন্যবাদ-
TDS INSURANCE BROKERAGE CORP.
f-06/14

পাত্রী চাই

ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।
যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪ সে-০৫/০৬

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444



নিউইয়র্কের ডিস্ট্রিক্ট কোর্টে সহকারি অ্যাটর্নি সিলেটের কানিজ

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কের ডিস্ট্রিক্ট কোর্টে সহকারি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি (এডিএ) পদে নিয়োগ পেয়েছেন বাংলাদেশী বংশোদ্ভুত কানিজ ফাহমিদা চৈতি। ম্যানহাটনের ডিস্ট্রিক্ট কোর্টে তার এ নিয়োগে উৎফুল্লও তার মা-বাবা ও পরিবার সহ প্রবাসীরা।

জানা গেছে, কানিজ ফাহমিদা চৈতির বাবা সুজন মিয়া নিউইয়র্কে রিয়েল এস্টেট ব্যবসায়ী। সিটির স্বাস্থ্য বিভাগের পরিদর্শক ছিলেন তার মা সালেহা রত্না ডেইজি। এখন পারিবারিক ব্যবসা দেখাশোনা করছেন তিনি। তাদের একমাত্র কন্যা চৈতি। এ দম্পতির একমাত্র ছেলেসাকিবও মেধাবী এবং চিকিৎসা বিষয়ে গ্র্যাজুয়েশন করার পর এখন করছেন ইন্টার্নী করছেন।

সিলেটের সুজন-ডেইজি দম্পতি কুইন্সের এলমহার্স্ট এলাকায় বসবাস করেন। কানিজ ফাহমিদা চৈতির দাদা বাড়ি সিলেট জেলার বালাগঞ্জ। সিলেট নগীরর চৌকিদেখিতে তাদের বাসা। নানা বাড়ি সিলেটের কানাইঘাটে। কানিজ ফাহমিদা চৈতি নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটির অধীনে বারুখ কলেজ থেকে গ্র্যাজুয়েশন করার পর দুই বছর আগে ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসে কাজ শুরু করেন। সেই অফিসেই সম্প্রতি নিয়োগ পেয়েছেন তিনি। আগামী বছরের শুরুতে সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হিসাবে কাজ শুরু করবেন কানিজ ফাহমিদা চৈতি।

কানিজ ফাহমিদা চৈতির মামা যুক্তরাষ্ট্র প্রবাসী লেখক ও সাংবাদিক মাহবুব রহমান। কানিজের নতুন দায়িত্ব অনেক চ্যালেঞ্জের বলে উল্লেখ করেন তিনি বলেন, প্রতারণা ও হোয়াইট-কলার অপরাধ বিষয়ে অগাধ আইনী জ্ঞান থাকতে হয় এই চাকুরিতে। চৈতি তার সেই দায়িত্ব সফলভাবেই পালন করতে পারবেন বলে আশাবাদী তিনি।

ঐক্যের শক্তিতে বলিয়ান হোক মুসলিম দুনিয়া

(শেষের পাতার পর)

প্রাণ হারাচ্ছে। হতাহতের সংখ্যা বাড়তে থাকায় গাজার হাসপাতালগুলো রোগীর চাপে হিমশিম খাচ্ছে। এমন অমানবিকতা, নিষ্ঠুরতা ও পৈশাচিকতা এর আগে পৃথিবী খুবই কম দেখেছে। এমন আনাচার কখনো ইসলাম সমর্থন করে না। নিরপরাধ বেসামরিক জনগণের হত্যা বা ক্ষতি সাধন করা ইসলাম ও শান্তির দূত মহানবি (সা.)-এর শিক্ষার সরাসরি লঙ্ঘন। তিনি শিখিয়েছেন, যুদ্ধাবস্থায়ও কোনো নারী, শিশু বা বৃদ্ধকে লক্ষ্যবস্তুতে পরিণত করা বা তাদের ক্ষতি সাধন করা যাবে না। কোনো ধর্মীয় নেতা বা উপাসনালয়েও হামলা করা যাবে না। এমন পরিস্থিতিতে মুসলমান দেশগুলোর অন্তত তাদের দায়িত্ব সম্পর্কে সচেতন হওয়া উচিত এবং তাদের কর্ণপাত করা উচিত। তাদের নিজেদের মতপার্থক্যের ঊর্ধ্বে উঠে একতাবদ্ধ হওয়া উচিত। আহলে কিতাবদের সঙ্গে তাদের সম্পর্কের উন্নতি করার জন্য যদি আল্লাহতায়ালা মুসলমানদের এ আদেশ দিয়ে থাকেন, আল্লাহতায়ালার সত্তার কথা বলে তাদের যেন আহ্বান করা হয়, 'সেই কথার দিকে এসো, যে বিষয়ে আমরা এবং তোমরা একমত', তাহলে, মুসলমানরা যারা একই ধর্মের অনুসারী, তাদের অবশ্যই উচিত নিজেদের মতপার্থক্যের ঊর্ধ্বে উঠে নিজেদের মাঝে একতার বন্ধন গড়ে তোলা। এ বিষয়ে তাদের চিন্তা করা উচিত এবং নিজেদের ঐক্য গড়ে তোলা উচিত। বিশ্ব থেকে অবিচার দূর করার এবং ন্যায়বিচারের অধিকার পরিপূর্ণ করার, আর অত্যাচারিতের অধিকার প্রতিষ্ঠা করার এটিই একমাত্র পথ। আর এমনটি করতে হলে মুসলমানদের অবশ্যই বিশ্বজুড়ে যারা নিপীড়িত তাদের পক্ষে এক সুরে একটি শক্তিশালী কণ্ঠস্বর উচ্চকিত করতে হবে।

এমন বর্বর ও নিষ্ঠুর হামলা শুধু ফিলিস্তিনিদের ওপরই যে হচ্ছে তা কিন্তু নয় বরং পৃথিবীর বিভিন্ন দেশের মুসলমানরা প্রতিনিয়ত নির্যাতিত হচ্ছে। বিশ্বে কেন মুসলমানরা প্রতিনিয়ত নির্যাতিত হচ্ছে? এর একটাই কারণ, তাহলো মুসলিম আজ শতধাবিভক্ত হয়ে পরস্পর ঝগড়া বিবাদে লিপ্ত। মুসলিম রাষ্ট্রগুলোর পরস্পরের মাঝেই নেই ঐক্য। মুসলমানদের এ অনৈক্যের কারণেই ভ্রাতৃঘাতী দ্বন্দ্ব সংঘাতে লিপ্ত হয়ে পড়তে দ্বিধাবোধ করছে না। মুসলিম বিশ্বের একতাই পারে জাতিগুলোকে শক্তিশালী জাতিতে রূপান্তরিত করতে। আজ যদি সমগ্র বিশ্বের মুসলমানরা ঐক্যবদ্ধ থাকত তাহলে কারও এ সাহস থাকত না মুসলমানদের ওপর এমন নির্মম অত্যাচার করার।

আল্লাহ রাব্বুল আলামিন বলেন, 'হে মুমিনরা! তোমরা আল্লাহর রজ্জুকে (ইসলাম ও কুরআন) ঐক্যবদ্ধভাবে আঁকড়ে ধর এবং পরস্পর বিচ্ছিন্ন হয়ো না' (আলে ইমরান-১০৩)। 'তোমরা সেসব লোকের মতো হয়ো না, যাদের কাছে স্পষ্ট ও প্রকাশ্য নিদর্শন আসার পরও তারা বিভিন্ন দলে-উপদলে বিভক্ত হয়ে পড়েছে এবং নানা ধরনের মতানৈক্য সৃষ্টি করেছে, তাদের জন্য রয়েছে কঠোর শাস্তি' (আলে ইমরান-১০৫)।

আজ যদি সবাই পবিত্র কুরআনের শিক্ষা অনুযায়ী একক নেতৃত্বের অধীনে সমগ্র মুসলিম বিশ্ব চলত তাহলে অবশ্যই মুসলমানরা সর্বত্র মার খেত না। ইসলাম আল্লাহর মনোনিত ধর্ম। তাই ইসলাম মানুষের মনে অসাধারণ গুণের ও মাহাত্ম্যের উন্মেষ ঘটাবে এটাই স্বাভাবিক। প্রকৃতপক্ষে ঘটেছিলও তাই। সনিষ্ঠ ইসলাম অনুসারীদের মাঝে দেখা গেছে বহু অসাধারণ গুণের ও মাহাত্ম্যের সমাবেশ। একনিষ্ঠ ইসলামের অনুসারীরা হয়েছিল সব অসাধারণ মানবিক, নীতিক ও মহৎ গুণের অধিকারী। এজন্যই ইসলামের অনুসারী মুসলমানরা সর্বক্ষেত্রে অতি আশ্চর্যজনক সাফল্য লাভ ও সুমহান কীর্তি স্থাপন করে সৃষ্টি করতে সক্ষম হয়েছে এক অতি গৌরবোজ্জ্বল ঐতিহ্য। তাদের সে সাফল্য প্রকৃতই অতীব বিস্ময়কর। মুসলমানরা হয়েছিল বিশ্বের অর্ধেকের মালিক। তারা প্রবল প্রতাপ ও শান-শওকতের সঙ্গে শাসন করেছে অর্ধজাহান। শৌর্যবীর্য, জ্ঞান-বিজ্ঞান, অর্থনীতি প্রকৃতি সব ক্ষেত্রেই তাদের সাফল্য ছিল অতীব চমকপ্রদ। কোনো ক্ষেত্রেই কোনো জাতিই ছিল না তাদের সমকক্ষ। মুসলমানরা বিশ্বে সব ক্ষেত্রেই ছিল শীর্ষস্থানীয়, নেতৃস্থানীয়। যুদ্ধ হতে শুরু করে জীবনের সব ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জনে সক্ষম হওয়ায় তাদের খ্যাতি ছড়িয়ে পড়েছিল বিশ্বব্যাপী। সে যুগে মুসলমানরাই দিয়েছিল বিশ্বনেতৃত্ব। অসাধারণ জাতিরূপে, শ্রেষ্ঠতম জাতিরূপে মুসলমানরাই লাভ করেছিল প্রতিষ্ঠা। বিভিন্ন ক্ষেত্রে তাদের সাফল্য ও খ্যাতি এতই অসাধারণ ছিল যে, তারা আখ্যায়িত হয়েছেন বহু আলংকারিক বিশ্লেষণে, প্রশংসিত হয়েছেন উচ্ছ্বসিতভাবে পাশ্চাত্য ও প্রাচ্যের বড় বড় মনীষী কর্তৃক। বহু অসাধারণ বৈশিষ্ট্যের অধিকারী হওয়ায় মুসলমানরা উন্নতির শীর্ষে পৌঁছেছিল সত্য, তবে একথা বলাই বাহুল্য, পরবর্তীকালে সময়ের সঙ্গে তাল রেখে আরও এগিয়ে যেতে, নিজেদের সে প্রতাপ, প্রতিপত্তি, প্রাধান্য ও বিশ্ব নেতৃত্ব বজায় রাখতে তারা হয়েছিল ব্যর্থ।

এর কারণ কী? শ্রেষ্ঠ জাতি হিসাবে এবং অর্ধ জাহান শাসনের বিশ্বনেতৃত্ব যাদের গৌরবময় ঐতিহ্য, তা আজ কোথায়? আজ এত এত মুসলিম দেশ থাকা সত্ত্বেও কেন পারছে না ইসরাইল ও ফিলিস্তিনিদের মাঝে সংঘাত বন্ধ করতে? কেন পারছে না মুসলমান বিশ্বনেতৃত্ব দান করতে? এর একমাত্র কারণ হলো- মুসলিম বিশ্বের কোনো একক নেতা নেই। নেতাশূন্য বলেই মুসলমানরা সমগ্র বিশ্বে অপদস্থ হচ্ছে। আজ এ অনৈক্যের কারণেই দেশে দেশে যুদ্ধবিগ্রহ লেগেই আছে, এ শেষ হওয়ার নয়, যতদিন পর্যন্ত না মুসলিম বিশ্ব এক ইমামের নেতৃত্বে চলবে ততদিন মুসলিম বিশ্বের শান্তি প্রতিষ্ঠিত হওয়া সম্ভব নয়।

আজ সমগ্র বিশ্বে কোটি কোটি মুসলমান রয়েছে ঠিকই কিন্তু তাদের নেই কোনো নেতা, যিনি সবার সমস্যায় পাশে দাঁড়াবেন এবং সমস্যা দূর করার নিঃস্বার্থ চেষ্টা করবেন। কেউ কি আজ বলতে পারে, তাদের এ ধরনের গুণসম্পন্ন নেতা রয়েছে? কোনো মুসলিম সম্প্রদায় আজ এমন নেই যারা বলতে পারবে যে তাদের এমন এক নেতা রয়েছেন, যিনি আমাদের কষ্টে ব্যথিত হন, আমাদের জন্য মহান সৃষ্টিকর্তার দরবারে প্রার্থনা করেন, আমাদের আলো দেখান।

বর্তমান মুসলিম বিশ্বের একক ইসলামি নেতার খুবই প্রয়োজন। একক নেতৃত্ব ছাড়া বিশ্বের মুসলমান মাথা উঠিয়ে দাঁড়ানো কোনো মতেই সম্ভব নয়। সমগ্র মুসলিম বিশ্বের আবার মাথা তুলে দাঁড়ানো খুবই প্রয়োজন।

লেখক: ইসলামি গবেষক ও কলামিস্ট

পাঁচে পাঁচ ভারতের

(শেষের পাতার পর)

প্রথম হারল নিউজিল্যান্ড। অপরাজিত থেকে ধর্মশালায় মুখোমুখি হয়েছিল এই দুই দল। শীর্ষে ওঠার লড়াইয়ে গতবারের ফাইনালিস্ট কিউইদের ৪ উইকেটে হারিয়ে এককভাবে পয়েন্ট তালিকায় শীর্ষে এখন ভারত। পাঁচ ম্যাচে পাঁচ জয়ে ১০ পয়েন্ট রোহিত শর্মার দলের। সমান ম্যাচে চার জয় ও এক হারে ৮ পয়েন্ট নিয়ে দ্বিতীয়স্থানে নিউজিল্যান্ড। ড্যারিল মিচেলের দুর্দান্ত শতরানে গড়া নিউজিল্যান্ডের ২৭৩ রান বিরাট কোহলির বীরোচিত ব্যাটিংয়ে ১২ বল বাকী থাকতে ছাড়িয়ে গেছে ভারত।

ধর্মশালায় নিউজিল্যান্ডের শুরুটা একদম ভালো হয়নি। ১৯ রানে ফিরে আসেন দুই উদ্বোধনী ব্যাটার। মোহাম্মদ সিরাজ চতুর্থ ওভারে ডেভন কনওয়েকে ফেরানোর পর উইল ইয়াংকে সরাসরি বোল্ড করেছেন ম্যাচে পাঁচ উইকেট নেওয়া মোহাম্মদ সামি। নিজের প্রথম বলেই উইকেট নেন ভারতের এই পেসার। তবে রাচিন রবীন্দ্র ও ড্যারিল মিচেলের দুর্দান্ত ব্যাটিংয়ে শুরুর ধাক্কা সামলে কক্ষপথে ফেরে কিউইরা। তৃতীয় উইকেটে এ দুজন মিলে যোগ করেছেন ১৫৯ রান।

৬টি চার এবং ১টি ছক্কায় ৮৭ বলে ৭৫ রান করা রাচিন রবীন্দ্রকে ফিরিয়ে এই জুটিও ভাঙেন সামি। এরপর নিয়মিত উইকেট পড়তে থাকে এই প্রান্তে।

কুলদীপ যাদবের জোড়া আঘাতের পাশাপাশি উইকেট উৎসবে যোগ দেন জাসপ্রিত বুমরাহও। এরপর সামিও তাঁর ঝুলিতে ভরেন আরো দুই শিকার। তবে অন্যপ্রান্তে অবিচল আস্থায় খেলছিলেন মিচেল। তাঁর ১৩০ রানের দুর্দান্ত সেঞ্চুরিতেই ভালো একটা স্কোর গড়ে কিউইরা। ১২৭ বলে ৯টি চার এবং ৫টি ছক্কায় ইনিংসটি সাজিয়েছেন মিচেল। ১০ ওভারে ৫৪ রান খরচায় ৫ উইকেট নেন সামি। ৭৩ রানে ২ উইকেট কুলদীপ যাদবের।

রান তাড়ায় ১১.১ ওভারে ৭১ রানের উদ্বোধনী জুটি গড়ে ভারতকে সুন্দর শুরু এনে দেন রোহিত শর্মা এবং শুভমান গিল। ৫ রানের ব্যবধানে এই দুজনকেই ফিরিয়ে কিউইদের লড়াইয়ে ফেরান লকি ফার্গুসন। ৪৬ রান করে বোল্ড হয়েছেন অধিনায়ক রোহিত। আর ২৬ রানে মিচেলের তালুবন্দী হয়েছেন শুভমান গিল। এরপর বিরাট কোহলির সঙ্গে ৫২ রানের জুটি গড়ে আউট হন শ্রেয়াস আয়ার। ট্রেন্ট বোল্টের শিকার হওয়ার আগে ৬টি চারে ২৯ বলে ৩৩ রান করেন আয়ার।

১২৮ রানে তৃতীয় উইকেট হারায় ভারত। এরপর কোহলি পাশে পেয়ে যান লোকেশ রাহুলকে। তাতে জয়ের আরেকটু এগিয়ে যায় ভারত। ২৭ রান করে মিচেল স্যান্টনারের বলে এলবির ফাঁদে পড়ে ফেরেন রাহুল। খানিকটা পর কোহলির সঙ্গে ভুল বুঝাবুঝিতে রান আউট হয়ে যান সূর্যকুমার যাদবও। ম্যাচও জমে উঠে দারুণভাবে। তবে কোহলির ৯৫ রানের দুর্দান্ত ইনিংসে শেষ পর্যন্ত বিজয় উৎসব করেছে ভারতই।

প্রাণঘাতী রোগ প্রতিরোধে

(শেষের পাতার পর)

করে, তেমনি হজমের সমস্যা থেকেও দূরে রাখে। শুধু তা-ই নয়, প্রাণঘাতী রোগ প্রতিরোধ করার জন্যও বেশি করে আঁশযুক্ত খাবার খাওয়ার পরামর্শ পুষ্টি বিশেষজ্ঞদের। ২০১৮ সালে আঁশের ওপর গবেষণার একটি বড় রিভিউ ল্যানসেট জার্নালে প্রকাশিত হয় এবং তা থেকে জানা যায় যে আঁশ কতটা উপকারী। এই পুষ্টিটি আসলেই অন্তত চারটি রোগের ঝুঁকি কমায়, যাদের কয়েকটির সাথে অন্ত্রের সরাসরি সম্পর্ক নেই। রিভিউয়ে দেখা গেছে- আঁশযুক্ত খাবার খেলে হৃদরোগ, স্ট্রোক, টাইপ ২ ডায়াবেটিস ও কোলন ক্যান্সারের ঝুঁকি কমে যায়।

২৪৩টি গবেষণা বিশ্লেষণের মাধ্যমে গবেষকরা এ ব্যাপারে নিশ্চিত হয়েছেন। গবেষকরা দেখতে পেয়েছেন, যারা আঁশযুক্ত খাবার কম খেয়েছিল তাদের তুলনায় যারা আঁশযুক্ত খাবার বেশি খেয়েছিল তাদের হৃদরোগ, স্ট্রোক, টাইপ ২ ডায়াবেটিস ও কোলন ক্যান্সারের ঝুঁকি কমে যায় এবং তাদের যেকোনো রোগে অকালে মারা যাওয়ার সম্ভাবনা ১৫ শতাংশ থেকে ৩০ শতাংশ হ্রাস পায়। লোকজন আঁশযুক্ত খাবার যত বেশি খাবে, তাদের ঝুঁকি তত বেশি কমে যাবে। প্রতি আট গ্রাম অতিরিক্ত আঁশ খাওয়ার জন্য হৃদরোগ, টাইপ ২ ডায়াবেটিস ও কোলন ক্যান্সারের ঝুঁকি ৫ শতাংশ থেকে ২৭ শতাংশ হ্রাস পায়। এই রিভিউয়ের উপাত্ত অনুসারে, প্রতিদিন ফল ও শাকসবজি থেকে ২৫-২৯ গ্রাম আঁশ খাওয়ায় এসব রোগের ঝুঁকি উল্লেখযোগ্য মাত্রায় হ্রাস পেয়েছিল এবং যারা আরো বেশি আঁশ খেয়েছিল তাদের ঝুঁকি আরো বেশি কমে যায়। যারা হোল গ্রেন (গোটা শস্য) খেয়েছিল তাদের মধ্যেও একই উপকারিতা দেখেন গবেষকরা। নিউজিল্যান্ডে অবস্থিত ইউনিভার্সিটি অব ওটাগোর প্রধান গবেষণা লেখক অ্যান্ড্রু রেনল্ডস বলেন, 'আমাদের গবেষণা নির্দেশ করছে যে, লোকজনের প্রতিদিন খাবার থেকে ২৫-২৯ গ্রাম আঁশ খাওয়া উচিত। বর্তমানে বেশির ভাগ লোক প্রতিদিন ২০ গ্রামের কম আঁশ খায়। তাই উচ্চ আঁশযুক্ত খাবার খাওয়ার জন্য সচেতনতা বাড়ালে এই টার্গেট পূরণ হতে পারে।'

আঁশযুক্ত খাবার খাওয়ার উপকারিতা কোনো নতুন বিষয় নয় এবং এই রিভিউটি পুষ্টি বিশেষজ্ঞদের নির্ণয় করতে সাহায্য করবে যে, সর্বোচ্চ উপকারিতা পেতে একজন লোকের দিনে কতটুকু আঁশ খাওয়া প্রয়োজন। ডায়েটারি গাইডলাইন্স ফর আমেরিকান্স প্রতিদিন নারীদের ২৫ গ্রাম এবং পুরুষদের ৩৮ গ্রাম আঁশ খেতে পরামর্শ দিচ্ছে। আমেরিকান হার্ট অ্যাসোসিয়েশনের পরামর্শ হচ্ছে- প্রাপ্তবয়স্কদের খাদ্যতালিকায় প্রতিদিন ২৫ থেকে ৩০ গ্রাম আঁশ থাকা উচিত। এ তথ্যের সাথে ল্যানসেটে প্রকাশিত রিভিউটির মিল রয়েছে। হৃদরোগসহ কিছু ক্যান্সার প্রতিরোধে আঁশের উপকারিতা এর আগেও বিভিন্ন গবেষণায় পাওয়া গেছে। আঁশযুক্ত খাবার তৃপ্তি বৃদ্ধি করে ও দীর্ঘক্ষণ পেট ভরা রাখে, এটি স্থূলতার ঝুঁকি কমায়, যার সাথে হৃদরোগ ও ক্যান্সারের সংযোগ রয়েছে। আঁশ অন্ত্রের উপকারী ব্যাকটেরিয়াকেও সুস্থ রাখে, যা কোলন ক্যান্সারের ঝুঁকি হ্রাস করে। বেশি করে আঁশ খেতে আপনার খাবার তালিকায় হোল গ্রেন বা গোটা শস্য, শাকসবজি, শিম, বিভিন্ন ধরনের ডাল এবং গোটা ফল যোগ করতে পারেন।

হলিউড অভিনেতাদের চিঠি

(শেষের পাতার পর)

হলিউড অভিনেতারা। এদের মধ্যে ছিলেন কেট ব্ল্যানচেট, জোয়াকিন ফিনিক্স, রমি ইউসেফ এবং অ্যান্ড্রু গারফিল্ডের মতো তারকারা। খবর এএফপির।

বাইডেনের কাছে লেখা অভিনেতাদের এই চিঠিতে বলা হয়েছে 'আমরা আপনার প্রশাসন এবং সমগ্র বিশ্বের নেতাদের পবিত্র ভূমির সব মানুষের জীবনের প্রতি সম্মান জানানোর এবং অবিলম্বে যুদ্ধবিরতি পালনের ব্যবস্থা করার আহ্বান জানাই।' ওই চিঠিতে আরও বলা হয়, 'মানুষের জীবন বাঁচানো একটি নৈতিক দায়িত্ব।'

ইসরাইল কর্মকর্তাদের দেওয়া তথ্যানুযায়ী, গত ৭ অক্টোবর গাজা উপত্যকা থেকে কট্টর ইসলামপন্থি গ্রুপ হামাসের ব্যাপক হামলায় কমপক্ষে ১,৪০০ মানুষ নিহত হওয়ার পর ইসরাইল হামাসকে নির্মূল করার ঘোষণা দিয়েছে। নিহতদের বেশিরভাগই বেসামরিক নাগরিক। হামাসের এমন হামলার জবাবে ইসরাইলী বাহিনী গাজার বিভিন্ন স্থানে বিমান হামলা চালিয়ে অনেক ভবন গুঁড়িয়ে দিয়েছে। এসব হামলায় কমপক্ষে ৪ হাজার ফিলিস্তিনী নাগরিক নিহত হন। এদের অধিকাংশ বেসামরিক নাগরিক।

ইসরাইলি বাহিনী গাজায় স্থল অভিযান চালানোরও প্রস্তুতি নিয়েছে। তারা বলেছে, খুব শিগগির এ অভিযান শুরু হবে। তাই বিনোদন জগতের কয়েক ডজন শীর্ষ তারকা আরও মানুষের প্রাণহানি বন্ধে গাজা ও ইসরাইলে যুদ্ধবিরতি পালনে বাইডেনের প্রতি আহবান জানিয়েছেন।

নিউইয়র্ক বাংলা বইমেলার আহবায়ক

(শেষের পাতার পর)

নির্বাচন করা হয়েছে। আগামী বছর অর্থাৎ ২০২৪ সালের মে মাসে এই মেলা অনুষ্ঠিত হবে। সম্প্রতি মুক্তধারা ফাউন্ডেশনের নির্বাহী কমিটির এক সভায় সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত গৃহীত হয়। প্রবাসের ঐতিহ্যবাহী সংগঠন মুক্তধারার আয়োজনে গত তিন দশকের বেশি ধরে অনুষ্ঠিত নিউইয়র্ক বাংলা বইমেলা বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের বাইরে সর্ববৃহৎ বাংলা বইমেলা ও বাংলা ভাষা ও সাহিত্য সম্মেলন হিসাবে ইতোমধ্যেই সর্বত্র আদৃত হয়েছে। বাংলা ভাষার সেরা লেখক ও শিল্পীদের উপস্থিতি ছাড়াও উভয় বাংলার বিপুল সংখ্যক প্রকাশকের অংশগ্রহণের ফলে মেলাটি প্রবাসী বাঙালীদের একটি সাংবাৎসরিক মিলন মেলায় পরিণত হয়েছে। এই মেলা প্রবর্তিত বাৎসরিক মুক্তধারা/জিএফবি সাহিত্য পুরস্কার দেশে-বিদেশে লেখক ও সাহিত্য আমোদীদের আগ্রহের কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে।

মুক্তধারা ফাউন্ডেশনের সভাপতি ড. নূরুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় ২০২৪ সালের মে মাসে নিউ ইয়র্কে ৪দিন ব্যাপী মেলা আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। গত বছর অনুষ্ঠিত বইমেলার সম্মানিত অতিথি ও দর্শকদের দাবির প্রেক্ষিতে মুক্তধারা ফাউন্ডেশনের কার্যকরী কমিটি বইমেলার নতুন নামকরণের সিদ্ধান্ত নেয়। এখন থেকে বইমেলার নতুন নাম 'নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা'। আশা করা হচ্ছে বাংলাদেশ ও ভারতের অন্যূন ৪০টি প্রকাশনা সংস্থা এই মেলায় অংশ নেবে। নিউইয়র্ক ও যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরের সাহিত্য সংগঠনকেও তাদের প্রকাশিত নতুন গ্রন্থ প্রদর্শনীর জন্য আমন্ত্রণ জানানো হবে।

বৈঠকে মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারপার্সন ড. নূরন নবী আশা প্রকাশ করেন, বিগত বছর সমূহের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে আগামী বইমেলা বিষয় বৈচিত্র ও অন্তর্ভূক্তিমূলক অংশগ্রহণে সকলের দৃষ্টি আকর্ষণ করবে। লেখক ও কলামিস্ট হাসান ফেরদৌস বইমেলার আহবায়কের দায়িত্ব গ্রহণ করায় তিনি নির্বাহী কমিটির পক্ষ থেকে তাকে অভিনন্দন জানান এবং পরবর্তি মেলার সাফল্য কামনা করেন।

প্রবাসের সুপরিচিত মুখ হাসান ফেরদৌস ১৯৮৯ সাল থেকে যুক্তরাষ্ট্রের বাসিন্দা, কাজ করেছেন জাতিসংঘের সদর দপ্তরে। তার আগে ঢাকায় সাংবাদিক হিসেবে বিভিন্ন দায়িত্ব পালন করেছেন দৈনিক সংবাদ, ঢাকা কুরিয়ার ও সচিত্র সন্ধানী পত্রিকায়। কলাম লিখেছেন দৈনিক বাংলাদেশ টাইমস, বাংলাদেশ টুডে, সানডে স্টার, ভোরের কাগজ এবং প্রথম আলো পত্রিকায়। নিউইয়র্ক থেকে প্রকাশিত অধুনালুপ্ত ইংরেজি মাসিক ভয়েস অব বাংলাদেশ সম্পাদনা করেছেন কয়েক বছর। তিনি ২০টির অধিক গ্রন্থের লেখক, যার মধ্যে রয়েছে মুক্তিযুদ্ধের ইতিহাস-ভিত্তিক পাঁচটি গ্রন্থ।

মুক্তধারার প্রধান নির্বাহী বিশ্বজিত সাহা আগামী মেলার আহবায়ক হিসাবে দায়িত্ব গ্রহণে সম্মত হওয়ায় হাসান ফেরদৌসকে ধন্যবাদ জানিয়ে বলেন, সংগঠনের নবীন-প্রবীন সকল সদস্য ও সমর্থকদের সম্মিলিত চেষ্টায় আগামী বছর একটি স্মরণীয় বইমেলা আয়োজন সম্ভব হবে। এই পরিকল্পনা বাস্তবায়নে ইতোমধ্যেই কাজ শুরু হয়ে গেছে। যুক্তরাষ্ট্র ও কানাডা ছাড়াও বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত অভিবাসী বাঙালীদের অংশগ্রহণে নিউইয়র্ক বইমেলা একটি প্রকৃত বিশ্বমেলায় রূপান্তরে হাসান ফেরদৌসের নেতৃত্ব বিশেষ সহায়ক হবে। তিনি জানান, খুব শীঘ্রই মেলার তারিখ ও স্থান ঘোষিত হবে। এব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য মুক্তধারার ওয়েব সাইটে (www.nyboimela.org) এই ঠিকানায় চোখ রাখতে তিনি অনুরোধ করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

নিউইয়র্কে টিএলসি'র

(শেষের পাতার পর)

চালকদের সংগঠন ড্রাইভারস গিল্ড এই সিদ্ধান্ত বাস্তবায়িত হলে তা চালকদের ওপর কতটা প্রভাব ফেলবে সে নিয়ে সিটির পক্ষ থেকে গবেষণাভিত্তিক প্রতিবেদন দাবি করেছেন। একই সঙ্গে গ্রিন রাইডস টাস্ক ফোর্স গঠনেরও দাবি জানিয়েছেন তারা।

গত ২৫ অক্টোবর বুধবার বিকেলে নিউইয়র্ক মেয়র ঘোষণা করেন যে, ইলেক্ট্রিক ভেহিকেলের জন্য সিটির পক্ষ থেকে ট্যাক্সি ও লিমোজিন কমিশন লাইসেন্সিং চালু করা হবে। যা পরের দিন বৃহস্পতিবার সকাল থেকে কার্যকর করা হয়। আর এই ঘোষণার পরপরই ঘোষণা আসে, ২০৩০ সালের মধ্যে নিউইয়র্কের সকল ট্যাক্সি ও লিমোজিনকে ইলেক্ট্রিক ভেহিকেলে পাল্টে ফেলতে হবে। যদিও এর আগে মেয়র ঘোষণা করেছিলেন, এ জন্য নগরের ৮০০০০ কর্মঠ উবার ও লিফট চালককে খরচ বহন করতে হবে না। কিন্তু টিএলসির ঘোষণায় চালকদের সুরক্ষার বিষয়টি অন্তর্ভূক্ত করা হয় নি।

ফলে রাইড শেয়ার চালকদের সবচেয়ে বড় জাতীয় অ্যাডভোকেসি সংগঠন ইন্ডিপেন্ডেন্ট ড্রাইভারস গিল্ড এতে খুশি যে, সিটি ইলেক্ট্রিক ভেহিকেলের লাইসেন্সিং শুরু করছে। এ নিয়ে গিল্ডের পক্ষ থেকে দীর্ঘ সময় ধরে অ্যাডভোকেসি চলছিলো। আর গ্রিন রাইডস ট্রানজিশনকে সফলভাবে শেষ করতে গিল্ডের পক্ষে থেকে মেয়র অ্যাডামসের প্রতি আহ্বান জানানো হয়েছে। এতে মেয়রকে শিগগিরই একটি আন্তঃসংস্থা গ্রিন রাইডস টাস্ক ফোর্স গঠনের দাবি জানানো হয়েছে, যাতে অবশ্যই চালকদের প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে। এছাড়াও একটি জরিপ শুরু করতে হবে যাতে এই সিদ্ধান্তের কতটা প্রভাব চালকদের উপর পড়ে তার একটা সম্যক ধারনা পাওয়া যায়। আর এর অবকাঠামোগত প্রয়োজনীয়তা ও তার সক্ষমতা কতটুকু রয়েছে সেটাও যাচাই করে দেখতে হবে।

এর আগে টিএলসি'র একটি শুনানিতে গিল্ডের পক্ষ থেকে এই ইলেক্ট্রিক ভেহিকল লাইসেন্সিং শুরু করার দাবি জানানো হয়। তবে একই সঙ্গে এমন সিদ্ধান্ত বাস্তবায়নে সিটির অবকাঠামোগত সক্ষমতা কতটুকু রয়েছে, এবং কখন কতটুকু অর্জন করা সম্ভব তার মাইলস্টোনগুলোও নির্ধারণ জরুরি।

৮০ হাজ
চালকদে

বদলে দেই পৃথিবী
ধাঁপে ধাঁপে
শুভকাজে

RENAISSANCE
HOME HEALTH CARE



নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার
সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন

আপনার মর্যাদা, সম্মান ও সহানুভূতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য

- আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
- ছুটির দিনে দ্বিগুণ বেতন
- বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
- গুগল-এ ৪.৫ স্টার রেটিং



রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন

(718) 649-3670

1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462

www.renaissancehomehc.com

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday / October 23 // 2023

ফিলিস্তিনি প্রেসিডেন্টের সঙ্গে কথা বলে শোক জানিয়েছেন নরেন্দ্র মোদি



ঢাকা ডেস্ক: ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের সঙ্গে কথা বলেছেন। এ সময় তিনি গাজার আল-আহলি আল-আরাবি হাসপাতালে বোমায় মানুষের প্রাণহানির ঘটনায় শোক প্রকাশ করেছেন। ভারতের প্রধানমন্ত্রী এক্স হ্যান্ডলে (সাবেক টুইটার) এক বার্তায় বলেন, 'আমি ফিলিস্তিনি কর্তৃপক্ষের প্রেসিডেন্টের সঙ্গে কথা বলেছি। আল-আহলি আল-আরাবি হাসপাতালে বেসামরিক নাগরিকদের হতাহতের বিষয়ে আমি শোক জানিয়েছি। আমরা ফিলিস্তিনি জনগণের জন্য মানবিক সহায়তা পাঠানো অব্যাহত রাখব।' মোদি এক্স হ্যান্ডলে আরও লিখেছেন, 'ওই অঞ্চলে সন্ত্রাস, সন্ত্রাস ও নিরাপত্তা পরিস্থিতির অবনতির কথা তুলে আমাদের গভীর উদ্বেগের কথা জানিয়েছি।' ইসরায়েলে-ফিলিস্তিন ইস্যুতে ভারতে দীর্ঘদিনের অবস্থানের কথাও পুনর্ব্যক্ত করেন মোদি।





নিউইয়র্কে ইন্টারন্যাশনাল ইউনাইটেড সীরাত কনভেনশনে বক্তারা

মহানবী মুহাম্মদ (সা:) এর জীবনাদর্শ অনুসরণের আহবান



বিশেষ প্রতিনিধি: অতীতের ধারাবাহিকতায় এবারো আমেরিকান মুসলিম সেন্টার (এএমসি) নিউইয়র্কে আয়োজন করে ইন্টারন্যাশনাল ইউনাইটেড সীরাত কনভেনশন। 'বিশ্বনবীর বিশ্ব উম্মত ঐক্যবদ্ধ মুসলিম মিল্লাতের বিশ্ব' ঘোষণার মহা আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হলো ১৬তম ইন্টারন্যাশনাল ইউনাইটেড সীরাত কনভেনশন-২০২৩। বিশ্ব শান্তি ও সামাজিক ন্যায় বিচারের শ্লোগান সামনে রেখে গত ১ অক্টোবর, রোববার জ্যামাইকার এডগারটন বুলেবার্ডের একটি মিলনায়তনে অনুষ্ঠিত কনভেনশনের আলোচনায় অংশ নেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আলেম ও ইসলামী চিন্তাবিদগণ। সীরাত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন ফার্মাসিস্ট আমীর খান। কনভেনশনে নবী করিম (সাঃ) এর জীবনীর উপর বিষয়ভিত্তিক জ্ঞানগর্ভ আলোচনায় অংশ নেন বক্তাগণ। এছাড়াও ব্যক্তি জীবনের পাশাপাশি পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় জীবনে ইসলামের আদর্শ ও ন্যায়বিচার প্রতিষ্ঠার দাবি উচ্চারিত হয় সীরাত সম্মেলনে।

কনভেনশনে বক্তাগণ বলেন, মুহাম্মদ (সা.) শুধুমাত্র মুসলমানদের জন্য নন তিনি সমগ্র বিশ্ববাসীর জন্য আদর্শ। বিশ্বের চলমান যেকোন সংকট সমাধানে মহানবীর আদর্শ অনুসরণ অনস্বীকার্য। বক্তাগণ কোরআন-হাদিসের আলোকে বিভিন্ন দিক তুলে ধরেন এবং রাসুলের (সা.) জীবনাদর্শ প্রত্যেক মুসলমানকে অবশ্যই অনুসরণ করার পাশাপাশি বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় অন্যান্য ধর্মের মানুষদের কাছে তা পৌছে দেওয়ার পাশাপাশি বিশ্ব নবী হযরত মুহাম্মদ (সা.)-এর জীবনাদর্শ অনুসরণের মাধ্যমে ইহকাল ও পরকাল সুন্দর করার আহ্বান জানান।

ইংরেজী এবং বাংলা দুইপর্বে বিভক্ত সীরাত সম্মেলনের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন হাফেজ রফিকুল ইসলাম। এরপর অনুবাদ সহ পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন কারী হাফেজ আহমেদ আব্দুল হাদী। সীরাত কনভেনশনের উপর গুরুত্বারোপ করে বক্তব্য রাখেন ড. জহিরুল আলম এবং ইমাম আতাউর রহমানের ইমামতিতে অনুষ্ঠিত হয় আসরের নামাজ। আনুষ্ঠানিক আলোচনা পর্ব সঞ্চালনা করেন মুফতি আব্দুল মালেক।

কনভেনশনে মক্কায় হযরত মুহাম্মদ (সাঃ) এর ভূমিকা নিয়ে আলোচনা করেন মুফতি ফারহান ও ইমাম ফায়েকউদ্দিন। ইসলামের আলোকে সন্তান লালন-পালনের উপর বক্তব্য রাখেন আবু সাঈদ মাহফুজ। বিশ্বব্যাপী বিরাজমান সমস্যা সমূহের সমাধান রসুল (সাঃ) নির্দেশিত পথে হতে পাওে বলে জ্ঞানগর্ভ আলোচনা করেন ড. আব্দুল ফাত্তাহ আল আযহারী। আমেরিকান মুসলিম সমাজে সীরাহ'র গুরুত্ব ও এর প্রতিফলন সমাজে কিভাবে ঘটতে পারে এ সম্পর্কে আলোচনা করেন প্রধান অতিথি ফার্মাসিস্ট আমীর খান।

মাগরিবের নামাজের পর বিশ্ব নবী মুহাম্মদ (সাঃ) এর নির্দেশনা অনুযায়ী ইসলামের দাওয়াত মানুষের মাঝে পৌছে দেয়ার প্রসঙ্গে আলোচনা করেন ক্বারী মুস্তফা আবু সাইফ। আদর্শ পারিবারিক জীবন ইসলামের আলোকে কিভাবে যাপন করা যায় এ নিয়ে আলোচনা করেন ইমাম শামসী আলী। ইমাম ফখরুদ্দিন আল মাদানী হযরত মুহাম্মদ (সাঃ) দৃষ্টিতে সবাইকে মাফ কওে দিয়ে বিশ্ব শান্তি প্রতিষ্ঠার বিষয়ে বক্তব্য রাখেন। অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধ এবং ন্যায় ও শান্তি প্রতিষ্ঠায় রসুল (সাঃ) এর ভূমিকা প্রসঙ্গে আলোচনা করেন আব্দুল্লাহ কামাল আল আজহারী। মহান আল্লাহতায়ালা প্রেরিত শেষ নবী, 'দ্য সীল অব প্রফেট' এর জীবনের গুরুত্বপূর্ণ বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ। মুসলিম উম্মাহ'র উপর বিশ্ব নবী মুহাম্মদ (সাঃ) এর অধিকার নিয়ে বিশদ আলোচনা করেন মুফতি আব্দুল মালেক। মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা)'র ন্যাশনাল লীডার ইমাম দেলোয়ার হোসেন রাসুল (সাঃ) এর জীবনাদর্শের উপর আলোকপাত করেন। হযরত মুহাম্মদ (সাঃ) আধুনিক সমাজ ও বিশ্ব প্রতিষ্ঠার অনন্য আদর্শ বলে মন্তব্য করেন ড. আনসারুল করিম আল আযহারী। দোয়া এবং অমুসলিমদেও প্রতিরাসুল (সাঃ) এর আচরণ সম্পর্কে আলোচনা করেন মুফতি মোজাম্মেল। নবীর জীবনের বিভিন্ন দিক নিয়ে বক্তব্য রাখেন মুফতি লুৎফর রহমান। বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও রাজনীতিক আব্দুল লতিফ সম্রাট মহানবীর (সা:) জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনাকরেন।

ইমাম মির্জা আবু জাফর বেগ বলেন, জীবনের সকল ক্ষেত্রেই রাসুল (সা.)-কে অনুসরণ-অনুকরণ করা আমাদেও কর্তব্য। নামাজ-দোয়ায় দরুদ শরীফ না পরলে তা কবুল হবে না। মুখে মুখে রাসুলের উম্মত দাবী করলে হবে না। তাঁর সুন্নাহ অনুসরণ করতে হবে। জীবনকে সুন্দও করতে আর শান্তিময় জীবনের জন্য আল্লাহ-রাসুল (সা.)-কে ভালবাসতে হবে সমানভাবে। তাঁর ভালবাসা পেতে হলে মহব্বতের সাথে আল্লাহ-রাসুল (সা.)-এর আদেশ-নিষেধ মানতে হবে। নবী-রাসুল (সা.)-কে ২৪ ঘন্টাই রাত-দিন সকল কাজেই অনুসরণ করতে হবে। এর কোন বিকল্প নেই।

কনভেনশনের অন্যান্য বক্তাগণ বলেন, মহানবীর (সা.) জীবনচরিত নিজেদের মধ্যে ধারণ করে আমাদের জীবনকে ও মানবিক গুনাবলী সম্পন্ন করে তুলতে হবে। আল কোরআন ও রাসুলের আদর্শ অনুসরণ করে একজন আরেকজনকে সম্মান দিতে হবে, সম্মান জানাতে হবে। ইহকাল-পরকালের জীবন সুন্দর করতে হবে, আল্লাহর আদেশ-নিষেধ মানতে হবে। মুসলিম ও নন মুসলিম সবার জন্যই মহানবীর (সা:) আদর্শ অনুসরণীয়। বক্তাগণ নবী করীম (সা:) এর জীবনের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, রসুল (সা.) হচ্ছেন পৃথিবীর সকল মানুষের মধ্যে শ্রেষ্ঠ মানুষ। তাঁর সুন্নাহ তথা জীবনাচরিত পালনের মধ্য দিয়ে প্রত্যেকেই আল্লাহতায়াল সন্তুষ্ট লাভ করতে হবে। আর এজন্য নবীকে সত্যিকারার্থেই জানতে হবে, বুঝতে হবে। সেই সাথে আল্লাহর কথা মানতে হবে। রাসুল (সা.) সমগ্র মানব জাতির জন্য আদর্শ। তিনি রহমাতাল্লিল আলামীন অর্থাৎ সমগ্র বিশ্ববাসীর জন্য রহমত স্বরূপ। আজকের তরুণ প্রজন্মের কাছে রাসুল (সা.)-এর আদর্শ পৌছে দিতে হবে। বিশেষ করে পিতা-মাতার সাথে সন্তান আর সন্তাতের সাথে পিতা-মাতার সম্পর্কের পাশাপাশি খাঁটি মুসলিম হওয়ার বিষয়টি গুরুত্ব সহকারে তুলে ধরেন। বক্তারা বলেন, পরিবার থেকেই প্রথম শিক্ষা নিতে হবে। আর মা-বাবই হচ্ছেন সন্তানদেও প্রথম শিক্ষক। তাই সকল মা-বাবার দায়িত্ব ইহকাল-পরকালের কথা ভেবে সন্তানদেও সুশিক্ষায় শিক্ষিত করা। বক্তারা নবী করিম (সা:)-কে নিজের চেয়ে বেশী ভালোবাসার আহ্বান জানিয়ে বলেন, দুনিয়ার লালসা দুনিয়াকে যেমন ধ্বংস করে, তেমনী আখেরাতকেও ধ্বংস করে। একমাত্র নবীকে (সা.) অনুসরণ, অনুকরণ ও মহব্বত করেই আল্লাহকে সন্তুষ্ট করা সম্ভব। বক্তাগণ ইসলামের আলোকে রাষ্ট্র, সমাজ, পরিবার ও ব্যক্তি জীবনে বিশ্ব নবীর জীবনাদর্শ মেনে চলার আহ্বান জানান। পরিবারে স্ত্রী-সন্তান, প্রতিবেশী এবং সমাজের অন্যান্য মানুষের প্রতি কি ধরণের আচরণ করতে হবে রসুল (সা.) এর জীবনী অনুসরণ করলেই তা পূর্ণতা পাবে। বক্তাগণ বলেন, ইসলামে শিক্ষাকে ফরজ করা হয়েছে, আর সর্বোচ্চ মর্যাদা দেয়া হয়েছে নারীকে। নারী শিক্ষার ক্ষেত্রও করা হয়েছে অবারিত। বিশ্বেও প্রথম বিশ্ববিদ্যালয়ের শুরু মরক্কোয় ফেজ শহরের একটি মসজিদ থেকে। আর এই মসজিদের প্রতিষ্ঠাতা একজন নারী। যার নাম ফাতিমা আল ফাহরি। মহানবী (সা.) প্রদর্শিত জীবনব্যবস্থা থেকে বিচ্যুত হওয়ার কারণেই আজ পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় ব্যবস্থায় অশান্তি ও অবক্ষয় দৃশ্যমান বলে মন্তব্য করেন বক্তাগণ।

বিশেষ মুনাজাতের মধ্য দিয়ে কনভেনশনের সমাপ্তি ঘটে। বিকেল থেকে শুরু হওয়া কনভেনশনে উপস্থিত নতুন প্রজন্মের কিশোর-কিশোরী আর যুব-যুবা ছাড়াও বিপুল সংখ্যক নারী-পুরুষ প্রায় রাত ১০টা পর্যন্ত গভীর আগ্রহ নিয়ে বক্তাদের আলোচনা উপভোগ করেন।

উল্লেখ্য, আমেরিকান মুসলিম সেন্টার (এএমসি)-এর আয়োজনে সীরাত কনভেনশনের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ইমাম মির্জা আবু জাফর বেগ। এছাড়াও গুরুত্বপূর্ণ ভূমিকায় ছিলেন হাফেজ রফিকুল ইসলাম ও মুফতি আব্দুল মালেক।





বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় নিউইয়র্ক মহানগর (দক্ষিণ) বিএনপি'র দোয়া মাহফিল





নিউইয়র্ক: বাংলাদেশ জাতীয়তাবাদী দল নিউইয়র্ক মহানগর (দক্ষিণ)-এর উদ্যোগে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি'র চেয়াপার্সন বেগম খালেদা জিয়ার সুস্থতার জন্য দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ১৯ অক্টবর বৃহস্পতিবার বাদ এশা এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে দোয়া পরিচালনা করেন জ্যাকসন হাইটসের ৭২স্ট্রীট এবং রুজভেল্ট এভিনিউস্থ জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার জামে মসজিদের খতিব মাওলানা সাদেক। মাহফিলে কেন্দ্রীয় বিএনপি ও স্থানীয় নেতৃবৃন্দ সহ দলের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

নিউইয়র্ক মহানগর (দক্ষিণ)-এর সভাপতিতে হাবিবুর রহমান সেলিম রেজা'র সভাপতিত্বে মাহফিল পরিচালনা করেন সদস্য সচিব মোহাম্মদ বদিউল আলম ও যুগ্ম সদস্য সচিব ছাইদুর খান ডিউক। এতে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন বিএনপি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বেবী নাজনীন, কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য আবদুল লতিফ সম্রাট ও মিজানুর রহমান ভূইয়া (মিল্টন ভূইয়া), যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক কোষাধ্যক্ষ জসীম উদ্দিন ভূইয়া, স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক সম্পাদক মাকসুদুল হক চৌধুরী ও যুক্তরাষ্ট্র জাতীয়তাবাদী শ্রমিক দলের সভাপতি জাহাঙ্গীর এম আলম।

মাহফিলে নিউইয়র্ক মহানগর (দক্ষিণ) বিএনপি নেতৃবৃন্দের মধ্যে যুগ্ম আহবায়ক যথাক্রমে রুহুল আমিন নাসির, আলমগীর মৃধা, জিয়াউল হক মিশন ও মোঃ নাসির উদ্দীন, সদস্য যথাক্রমে জামালুর রহমান চৌধুরী, কামাল হাওলাদার, মোহাম্মদ হাসান, যুবদলের মনিরুল ইসলাম মনির, মনিরুল ইসলাম, জামাইকা শাখার আজিজুল হাওলাদার, সোহেল রানা, মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন প্রমুখ। উল্লেখ্য, দোয়া ও মিলাদ শেষে তবারক বিতারণ করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।





TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York

M. Kamal, MLO
CPA

NYC Taxi & Limousine Commission

নিউইয়র্কে টিএলসি'র ইভি লাইসেন্স চালু

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির উবার ও লিফট চালকেরা মেয়র এরিক অ্যাডামসের নেওয়া ইভি লাইসেন্সের সিদ্ধান্তে খুশি হয়েছেন। তবে তারা তাদের উদ্বেগ জানিয়েছেন মেয়ের গ্রিন রাইড উদ্যোগে। বলেছেন, এটা অবকাঠামোগতভাবে কিংবা সক্ষমতার দিক থেকে কতটা সম্ভব হবে সেটা নিয়ে তারা সন্দিহান। **(বাকি অংশ ৪৪ পাতায়)**

ডা. মাসুদের ঘোষণায় তোলপাড় : যুক্তরাষ্ট্র আ. লীগের পাল্টাপাল্টি সভা

৮ জনকে কারণ দর্শানোর নোটিশ



বিশেষ প্রতিনিধি: যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অভ্যন্তরীণ সমস্যা বেড়েই চলেছে। আর এই সমস্যা কেন্দ্র করে পাল্টাপাল্টি সভা হয়েছে। সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ এর সভা থেকে সংগঠনের কার্যকরী পরিষদের ৮জন কর্মকর্তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে। আওয়ামী লীগের গঠনতন্ত্রের ৪৭/ক ধারা অনুযায়ী এই নোটিশ প্রাপ্তির ১৪ দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া **(বাকি অংশ ৩৫ পাতায়)**






ঐক্যের শক্তিতে বলিয়ান হোক মুসলিম দুনিয়া

মাহমুদ আহমদ

ইসরাইল কর্তৃক ফিলিস্তিনে চলমান সহিংসতায় নারী, শিশু ও বৃদ্ধসহ অগণিত মানুষ নির্মমভাবে **(বাকি অংশ ৪৪ পাতায়)**

আয়োজকদের দাবী ১০ হাজার প্রবাসীর অংশগ্রহণ

বাংলাদেশ মার্চেন্ট এসোসিয়েশনের উদ্যোগে ব্রুকলীনে বছরের শেষ মেলা অনুষ্ঠিত



বাংলা পত্রিকা রিপোর্ট: বৈরী আবহাওয়ার মধ্যেও বিপুল উৎসাহ উদ্দীপনায় ব্রুকলীনের লিটল বাংলাদেশ এলাকা (চার্চ-ম্যাকডোনাল্ড এভিনিউ) অনুষ্ঠিত হলো বছরের সর্বশেষ ও বর্ণাঢ্য পথমেলা। বাংলাদেশ মার্চেন্ট এসোসিয়েশন ইনক এর উদ্যোগে রোববার (২২ অক্টোবর) এই মেলা অনুষ্ঠিত হয়। **(বাকি অংশ ৩৩ পাতায়)**

বিয়ানীবাজার সমিতির নির্বাচন-২০২৩

সভাপতি পদে মান্নান সাধারণ সম্পাদক পদে অপু জয়ী





নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র নির্বাচনে সভাপতি পদে আব্দুল মান্নান (পুন:নির্বাচিত) এবং সাধারণ সম্পাদক পদ রেজাউল আলম অপু জয়ী হয়েছেন। বিপুল উৎসাহ-উদ্দীপনায় রোববার (২২ অক্টোবর) এই নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এদিন ওজনপার্কের ম্যাজেষ্টিক মারকুইজে সকাল ৯টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত টানা ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। এবারের নির্বাচনে 'মান্নান-জুয়েল' ও 'মিসবাহ-অপু' দুটি প্যানেল পক্ষে ৩৮জন প্রার্থী সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করেন। 'মান্নান-জুয়েল' প্যানেলে নেতৃত্ব দেন বর্তমান সভাপতি আব্দুল মান্নান ও জসিম উদ্দীন জুয়েল। অপরদিকে 'মিছবাহ-অপু' প্যানেলে **(বাকি অংশ ৩৯পাতায়)**

খেলার খবর

পাঁচে পাঁচ ভারতের

স্পোর্টস ডেস্ক: জয়রথ ছুটছে ভারতের। নিউজিল্যান্ডকেও হারিয়ে দিয়েছে রোহিত শর্মার দল। এ নিয়ে টানা পাঁচ ম্যাচ জিতল স্বাগতিক ভারত। অন্যদিকে টানা চার জয়ের পর **(বাকি অংশ ৪৪ পাতায়)**

হেলথ টিপস

প্রাণঘাতী রোগ প্রতিরোধে আঁশ

বাংলা পত্রিকা ডেস্ক: প্রতিদিনের খাবার তালিকায় ফাইবার বা আঁশযুক্ত খাবার খুবই জরুরি। এটি যেমন কোষ্ঠকাঠিন্য দূর করতে সাহায্য **(বাকি অংশ ৪৪ পাতায়)**

বিনোদন

যুদ্ধবিরতির আহবান জানিয়ে বাইডেনের কাছে

হলিউড অভিনেতাদের চিঠি

বিনোদন ডেস্ক: হামাসের সঙ্গে ইসরাইলের যুদ্ধবিরতির আহ্বান জানিয়ে শুক্রবার প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে চিঠি লিখেছেন **(বাকি অংশ ৪৪ পাতায়)**

বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে **(বাকি অংশ ৩৯ পাতায়)**

বিপুল উৎসাহে নিউইয়র্কে শারদীয় দুর্গোৎসব

বাংলা পত্রিকা রিপোর্ট: বিপুল উৎসাহ-উদ্দীপনায় শুক্রবার (২০ অক্টোবর) থেকে তিথি অনুযায়ী নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রে শুরু হয়েছে শারদীয় দুর্গোৎসব। শুক্রবার ছিল মহাষষ্ঠী, শনিবার মহাসপ্তমী, এরপর মহাঅষ্টমী ও মহানবমী এবং বিজয়া দশমী। দূর্গোৎসব উপলক্ষ্যে প্রতি বছরের মতো এবছরো নিউইয়র্ক সিটিতে স্থাপিত হয়েছে পূজা মন্ডপ। প্রতিটি মন্ডপেই পূজা অর্চনার পাশাপাশি থাকছে সাংস্কৃতিক অনুষ্ঠান, আরতী, উলু ও শঙ্খধ্বনি প্রতিযোগিতা, সিঁদুর দান উৎসব ও প্রসাদ বিতরণ। এদিকে দূর্গোৎসব উপলক্ষ্যে সনাতন ধর্মাবলম্বীরাদের মাঝে উৎসবমুখ পরিবেশ বিরাজ করছে। পরিবারের সদস্যদের **(বাকি অংশ ৩৬ পাতায়)**

নিউইয়র্ক বাংলা বইমেলার আহবায়ক হাসান ফেরদৌস



নিউইয়র্ক: লেখক ও সাংবাদিক হাসান ফেরদৌসকে ৩৩তম নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলার আহবায়ক **(বাকি অংশ ৪৪ পাতায়)**


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

দ্য অপটিমিস্টের বার্ষিক ফান্ড রেইজিং অনুষ্ঠানে বক্তারা

মানবিক কাজে সবাইকে এগিয়ে আসার আহ্বান

বাংলা পত্রিকা রিপোর্ট: স্বেচ্ছাসেবী সংস্থা দ্য অপটিমিস্টের বার্ষিক ফান্ড রেইজিং অনুষ্ঠানে বক্তারা মানবিক কাজে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। বক্তারা বলেন, কমিউনিটিতে যখন নেতৃত্বের কোন্দল, কলহ, ছবি প্রচারের প্রতিযোগিতা, তখন অপটিমিস্ট এক নতুন ধারা সৃষ্টিতে সক্ষম হয়েছে। এখানে সম্ভাবনাময় শিশুদের প্রতিভা বিকাশের লক্ষ্য নিয়ে তারা কাজ করছেন অহরাত্রি। যেখানে নেতৃত্ব ও **(বাকি অংশ ৩৩ পাতায়)**

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com